মোট (ক)	১৫১,৯৯,৩১	১৬৬,৯৩,৭১	১১৭৬,৭১,৩৩
(খ) ভারত সরকার	৯৬,৭৬,৭১	৯৬,১৭,১১	৯৯,৯৭,১৭
ব্রহ্মদেশ ও অন্যান্য বিভিন্ন দেনা ও	৩৩১,৩১,১১	৩১৩,১৯,৩৭	১৯৯,১৯,৯৯
অন্যান্য সম্পত্তি	১১১,১১,১৭	১১৯৭,১১,১৭	১১৯৯,৭৯,৯৯

ব্যাঙ্কিং বিভাগ—

দায়—			
আকস্মিক তহবিল			৫,০০,০০
গচ্ছিত তহবিল			১,০০,০০
অন্যান্য—			
(ক) সরকারি সরকার	১১২,১৯,১১		
(খ) অন্যান্য সরকারের	১১,৯৯,৯৯	১১,১৯,৩১	১৯,১৯,১১
(গ) ব্যাঙ্কসমূহের	৯১,৯৯,৯৯	৯৭,৩৯,৭৭	৭৯,৯৯,৭৩
(ঘ) অন্যান্য	৩১,৩৭,৩১	২৯,৯৯,৯৯	৩১,৩৫,০০
সেয়ার মূলধন	৫,৯১,৩১	৫,৩৯,১৩	৬,১৩,৩৭
অন্যান্য দেনা	৮,৯৯,১১	৮,৯৯,৩৭	১৫,৩৯,১৩
	৩৯৯,১৯,১১	৩৭১,১১,১৮	৩৯৯,৯৯,৯১
সম্পত্তি—			
নোট		১১,৩৯,৩১	১৯,৩৯,১১
রক্ষিত মুদ্রা		৬,০০	৫,৯৯
অন্য মুদ্রার মুদ্রা		১,৩১	১,১৩
অন্যান্য হুণ্ডী			
(ক) ভারতবর্ষীয়	১৩,৯৯		১৫,৯৯
(খ) বাহিরের	—		
(গ) ভারত সরকারের			
খাদ্যবাবদীয়	১,৯৯,৩৯	১,১৫,৩১	১,৩৯,১১
অধিকারে অন্য	১৯৯,১৯,৯৯	১৭৯,৩৯,৯৮	৩৯১,৯৯,৯৯
সরকারের অন্য কর ইত্যাদি	৩,১১,৩৯	৩,৯৫,৩৯	১৩,৩৯
অন্যান্য তহবিল ও দায়	৯,৯৯,১১	৯,৯৯,৯৯	—
প্রতিভূতিসমূহ	৩৯,৯৯,১১	৩৮,৩১,৯৯	৩৯,৯৯,১১
অন্যান্য সম্পত্তি	৯,১১,৯১	৯,৩৯,১৭	৯,৯৯,১৩
	৩৯৯,১৯,৯১	৩ ১১ ৩৮	৩৯৯,৯৯,৩৭

সাপ্তাহিক হিসাব বিকাশ :—ইম্পিরিয়াল ব্যাঙ্ক

(হাজার টাকার হিসাবে)

	৯-১২-৫৩	১৬-১২-৫৩	১-১২-৫৪
দায়—			
মিটির মূলধন	১১,১৩,০০	১১,১৩,০০	১১,১৩,০০
আকস্মিক মূলধন	৩,৯৯,৯৯	৩,৯৯,৯৯	৩,৯৯,৯৯
গচ্ছিত তহবিল	৯,১৯,০০	৯,১৯,০০	৯,১৯,০০
হাণ্ডী আমানত, মেয়াদী ব্যাঙ্ক আদি ও অন্যান্য হিসাব	১১৬,১৯,১১	১৯৯,১৯,১৯	১৯৯,৯৯,৯৯
বিবিধ	১,৯৯,৯৯	১,৯৯,১১	১,৯৯,৯৯
মোট	১৯৯,৯১,১৯	১৯৯,১৯,৯৯	৯৯১,৯৯,৯৯
সম্পত্তি—			
(তালসুদীয় আদায়			
অন্যান্য আদায়যোগ্য			
ব্যবসিয়োরাম	১১,১৯,৯৯	১১,১৯,৯১	৯,১৯,৯৯
ঋণ	৯১,৯৯,৯১	৯১,৯৯,৯১	৯১,৯৯,৯৯
আদায় প্রতিশ্রুতি	১৯,৯১,৯৯	৯৯,৯৯,১১	১৯,১৯,১৯
ব্যাঙ্কের প্রাপ্য এবং হাতে মজুত	৯,১৯,১১	৯,১১,৯১	৯,৯৯,১৯
হেড অফিস	১,১৯,৯৯	১,১৯,৯৯	১,১৯,১৯
বিবিধ—	৯,১৯,৯৯	৯,৯১,৯৯	১,১৯,১১
অন্যান্য ব্যাঙ্কে জমা	৯,১৯,৯৯	১,১৯,৯১	৯,৯৯,৯৯
ব্যাঙ্কের অন্য ও হিসাবী ব্যাঙ্কের বিলটী	৯৯,৯১,১৯	১১,৯১,৯৯	১৯,১৯,৯৯
মোট	১৯৯,১১,৯৯	১৯৯,৯৯,১৯	৯৯১,৯৯,৯৯

সাপ্তাহিক হিসাব বিকাশ :—তফশীলভুক্ত ব্যাঙ্ক

(হাজার টাকার হিসাবে)

	১৯-১১-৫৩	২৬-১১-৫৩	১-১২-৫৪
দায়িত্বসমূহ মেয়াদ শেষ			
আমানত			
(১) ব্যাঙ্কের বিভাগ হইতে অন্য	১৯,৯৯,৯৯	১১,৯৯,৯৯	
(২) অন্যান্য তফশীলভুক্ত ব্যাঙ্ক মেয়াদ শেষ	৯৯৯,৯৯,১১	৯৯৯,৯১,৯৯	
মেয়াদান্তে মেয়াদ শেষ			
আমানত			
(১) ব্যাঙ্কের বিভাগ হইতে অন্য	৯,৯৯		
(২) অন্যান্য মেয়াদান্তে মেয়াদ শেষ	৯৯৯,৯৯,৯৯		
মোট নগদ টাকা			
আমানত	৯৯,১৯,৯৯	৯৯,৯১,৯৯	৯,৯৯,১১
রিজার্ভ ব্যাঙ্কে জমা			
নগদ			
আমানত	৯৯৯,১১,১৯	৯৯৯,৯৯,১১	৯৯১,৯১,১৯
অন্যান্য হুণ্ডী			
আমানত			

ষ্টেট ব্যাঙ্ক অভ পাকিস্তান

(হাজার টাকার হিসাবে)

ইস্যু বিভাগ—

দায়—		সমাপ্তিকাল	
	১৯-১২-৫৩	২৬-১২-৫৩	১-১-৫৪
ব্যাঙ্কিং বিভাগের মোট	৫,১৯,৯৯	৯,৯৩,৯৯	৯,৯১,৯৯
প্রচলিত মোট	১১১,১৯,৯৯	১৯৯,৯৯,৯৯	৯৯,১৯,১১
	১১৯,৯১,৯৯	১১৯,১৯,১৯	৯৯,১৯,৯৯
সম্পত্তি—			
(ক) সোনার ও ডলার সেনা	১,১৯,১১	১,৯৯,১১	
হোল্ড:			
ইংলিশ ব্যাঙ্কের	১৯,৯৯,১১	১৯,৯৯,১১	
ভারত সরকারের ব্যাঙ্কের	১,১১,১১	১,১৯,১১	
ব্যাঙ্কসমূহের মোট, বিভাগী ব্যাঙ্ক			
অভ, ইংলিশ ব্যাঙ্কের মাধ্যমে	৯১,১৯,৯৯	৯১,৯১,৯৯	১,৯৯,১৯
(খ) সোনা মুদ্রা	১,৯১,১১	১,৯৯,১৯	১,৯৯,১১
পাকিস্তান সরকারের ব্যাঙ্কের	১,৯৯,৯৯	৯,৯৯,৯৯	
অন্যান্যদের মুদ্রিত ঋণ			
ব্যাঙ্কসমূহ হইতে ডিমাণ্ড ব্যাঙ্ক অভ			
ইংলিশ বিভাগ অন্য—			
সোনা ও ডলার সেনা	১৯,৯৯	১৯,৯৯	১,৯৯,৯৯
ইংলিশ অন্যের	১৯,৯৯,১১	১৯,৯৯,১১	৯৯,১৯,৯৯
ভারত সরকারের ব্যাঙ্কের	৯,১১,৯১	৯,৯৯,৯১	১৯,৯৯,১৯
সোনা মুদ্রা	১,৯৯,১১	১,৯৯,১৯	১,৯৯,৯৯
	১৯৯,৯৯,১৯	১৯৯,১৯,১১	৯৯,১৯,৯৯

ব্যাঙ্কিং বিভাগ—

দায়—			
আকস্মিক মূলধন		১,১৯,৯৯	১,৯৯,৯৯
গচ্ছিত তহবিল			
অন্যান্য—			
(ক) বেসরকারি সরকার	৯৯,১১,৯৯	৯৯,৯৯,১৯	৯৯,৯৯,৯১
(খ) প্রাদেশিক সরকার	১,৯৯,৯৯	১,৯১,৯১	১,১৯,৯৯
(গ) ব্যাঙ্কসমূহ	১৯,৯৯,১১	১৯,১১,৯৯	১৯,৯৯,৯৯
(ঘ) অন্যান্য	৯,১৯,৯৯	৯,১১,১৯,	৯,১৯,৯৯
সেয়ার মূলধন	১১,১৯	১৯,১১	৯,৯৯
অন্যান্য দায়	১,৯৯,১১	১,৯৯,৯৯	১৯,১৯
	১৯৯,৯১,৯৯	১৯৯,১৯,১১	১৯৯,১৯,৯১
সম্পত্তি—			
নোট	৯,১১,৯৯	৯,৯৯,১৯	৯,১৯,৯৯
রক্ষিত মুদ্রা			
(ক) পাকিস্তানী			
(খ) ব্যাঙ্কসীয়			
অন্য মুদ্রার মুদ্রা			
(ক) পাকিস্তানী			
(খ) ব্যাঙ্কসীয়			
জমির ও ভজাদের বাবি			
(ক) খাদ্যবাবদীয়			—
(খ) বাহিরের		—	—
(গ) সরকারী খাদ্যবাবদীয়	১১,৯৯,৯১	১১,৯১,৯১	—
পাকিস্তানের বাহিরে অন্য	১৯৯,১১,৯১	১৯৯,১১,৯৯	১১,৯৯,৯১
সরকারের অন্য কর ইত্যাদি			১১,৯৯
অন্যান্য ৬৫, দায় ইত্যাদি			
ফার্নিচার	৯,১১,৯৯	১,১১,১৮	
অন্যান্য সম্পত্তি	৯৯,১১	৯৯,৯১	১,১১,৯৯
	১১৯,৯৯,১১	১১৯,১৯,১১	১৯১,১৯,১৯

যৌথ প্রতিষ্ঠান

প্রতিষ্ঠানের নাম	অনুমোদিত মূলধন (আনুমানিক)	বহুমুখী অনুমোদিত মূলধন	ধার্য মূল্যের শতকরা হিসাবে মূল্য	বাজার দর					শেষ লেনদেন হয়
ইঞ্জিনিয়ারিং									
ইস্পাত কারখানা	১,০০,০০,০০০	১,১০,০০,০১৬	১০	৮৫০(৪)	৩৫৭				
লোহা	৪১,০০,০০০	৩৩,৩০,১৮০	১০	১৯০(৪)	১৮৭৩	১৬৫৩-১১৯/৩	১১৯০-১১৯/৩	১১৯০-১১৯/৩	১১৯/৩	
ইস্পাত কারখানা	১,৬৫,০০,০০০	১৯,৪৪,১১,১৮০	১০	১৩১ (৪)	৩৪৩		১৩১।৩	১৯০	১৩৯	৩৩৯৩
বর্গ ...	৪৯,০০,০০০	১,৩৯,১১,৩৩৩	১০০	১১৯০(৪)	৩৬৩					৬৩৯
লোহাচাই ...	৪৪,৭১,৯৭০	১৩,৩০,০০০		৯৩(৪)	১১৩১	১/৩-১/৩	১/১	১/৩	১/৩-১/৩	
বর্ণালয়ু	১৩,০০,০০০	১,১১,৭১১		৯৩(৫)	৩৩৯	৩৫/৩-৩৬/৩	৩৫/৩	৩৫/৩	৩৫/৩	৩৫৩৩
ইস্পাত কারখানা ...	৩,০৪,১৫,৩০০	১১,৯৩,৩৭১			১১৩১	১৩৯০	৩৩৯০-১৩৯/৩	১৩৯০	১৩৯০-১৩৯/৩	৩৩৯/৩-১১৩
কয়লাখনি										
খাসলখাসলটেক্স	১৩,০৯,৩০০	১৩,১১,৩৩৯	১০		৩৩৯	১৫৩৩-১১	১১,৩০৯/৩			১১৯/৩-১৩৯
ইস্পাতটেক্স	১১,৩৩,১৯০	১১,১০,০০০	১০	১১	১১৫১	৩৩	৩৩৯৩		৩৩	৩৩৯৩
ভারী আধুনিক	১,৩০,০০০	৩,১৫,০০০	১০	১১	১১৩১	৩১৯৩			৯৯/৩	
ভাসমানপুল ...	১৩,০০,১৩০		১০০		১১৩৩					—
ভাসমান	১৩,০০,০০০	১,১১,১৩৩	১১৩		৩৩১	১/৩-৩১/৩	১১৩৩	৩১/৩-১১৩	১১/৩-১১৩	
বর্ণ ওয়েভ ...	৬,১১,৩৩০	৬,৩০,০০০	১০		৩৩৯					৬৩৯৩
বর্ণ লবণ	৬,৩৩,৩৩০	১,১১,৩৩০	১১৩		১১৩৩				—	১১
মিষ্টি পানিপুল	১১,৩১,১৩০	১৫,৩১,১৩১	১০		১০৩১				১৩১/৩	
মিষ্টি ঘাসপুল ...	৬,৩৩,৩৩০	৬,৩১,৩৩১	১০		৩৩৯			১১	১১	
পেকেজারী ...	১৩,১৩,৩৩০	১১,৩৩,৩৩০	১০	১০	১১৩৩		১১,৩১/৩	১১৩-১১	১১,-১১৩	
ঘরাঘর ...	৩৩,৩১,১৩০	১,১১১,১৩১	১০	১০	৩৩৯	১৩১/৩-১৩৩/৩	১৩৫/৩-১৩৩/৩	১৩১/৩-১১৯/৩	১৩/৩-১১	৩৩৩৩-১১৩
লোহা ...	৩৩,০০,০০০	১,৩৩,৩৩,১৩০	১০০	১০	৩১৯	৩৩	৩৩		৩৩	৩৩,-৩৩৩
ঘাসপ	৩৩,০০,০০০	১৩,১১,১১৩	১০	১৯০(৪)	৩৩১	৩৩/৩	৩৩/৩	১/৩	১/৩	১১/৩-১১৩
ঘাসীয়ত ...	১৫,০০,০০০	১৫,১১,৩১১	১০	—	৩৩৯		১৩৩৩	১৩৯/৩	১১৩৩	
লোহা ...	১৩,০০,০০০	১,৩৩,০০০	১০	১	১১৩১	৩৩৩	৩৩৩	—		
ঘরিমালা	২,৩০,০০০	৩,১৩,০০০	১০	১	১১৩১		—	১১৯/৩	১১৯/৩-১১৯৩	
শিবপুর ...	১,৩০,০০০	৩,১১,৩৩০		১৩	১১৩১					৩৩৯/৩
মাটির ঘাসপুল ...	১১,০০,০০০	৩,৩০,০০০		১	১৩৩	৩১/৩-১১৩/৩	১৩/৩-১১৩/৩	১১/৩-১১/৩	১৩৩৩-১৩৯/৩	১১/৩-১১
পেট্রোলিয়াম উইথ ...	৪৯,১১,০০০	১১০			৩৩১	৩৩-৩৩/৩	৩৩-৩৩/৩		৩৩৩	৩৩৩
কাগজের কল										
এশিয়া ...	১১,৩৩,০০০	৩৩,১১,১১৩	১০	১৩	৩৩৯				১১৩	১১৩
ঘাসপুল টেক্সটাইল ...	১৩,০০,০০০	১৯,১৩,০০০	১৩	১/৩	৩৩৯	১৩৩৩	১৩৩৩-১১৯/৩	১৩৯/৩	১৩৯/৩-১১	—
ফেনাঘাট	৬৩,৩০,০০০	১৫,১১,১১৩	১১৩	১৯০(৫)	৩৩১				১১৫/৩	
ঘাসঘাট ...	১৯,০০,০০০	১৩,৩১,৩৩০	১৩৩	১৩	৩৩৩					
ঘাসপাতা	৪৯,৩১,৩৩০	৩১,৩৩,৩১৩	১০	১(৩)	১১৩৩					
ঘাটবিদ্রা	৩,৩০,০০০	১১,১১,৩১০	১০০	১৩	৩৩৯					৩৩১
ঘাসঘাট	১৩,০০,০০০	১,১৩,১৩৯	১০		১৩৩১			—		১৩
বিদ্রা	১৩,০০,০০০	১৩,৩১,৩৯৯	১০	১১(৩)	১৩৩৪		—			৩৩৩৩
চুইং	৩০,০০,০০০	৩৩,৩৩,৩১৯	১০০	৫১(৩)	১১৩১					৩৩৯
লেদারা	৯,৩৩,০০০ ১৯,৩১,১১১	১১,৩৩,১১৯	১১ ১৩	৯০ (৩) ৩	১১৩৩					—

যৌথ প্রতিষ্ঠান

প্রতিষ্ঠানের নাম		অনুমোদিত মূলধন (লক্ষ টাকায়)	লক্ষ টাকায়	প্রতি অংশের অনুমোদিত মূল্য	দেয় টাকা	সংখ্যা						
চটকল												
বজবজ	—	১৩,৩০,০০০	৩৩,২৫,০০০৲	১০০৲	১৲	৩৩৩	১৫১৲	১৩৯-১৪১৲	১৩৭৲	১৩৭৲		
ইউনিক	—	১০,৩০,০০০	৩৩,০০,৫০০৲	১০০৲	১১৫	৩৩৩	১১৩-১৩৭৲	—	১১৩৲	১১৩৲	১১৭৲	
ইন্ডিয়া	—	১৭,৫০,০০০	১৯,৩৭,১০০৲	১২৫৲	৫০	৩৩৩	—		—	—		১৩৭৲
আলমবাজার	—	৩৩,৩৩,৩৩৩	৩৩,১৭,০০০৲	১০০৲	৬৩	১২,৫৭১				—		৫৩৲
আলমে ইন্ডিয়া	—	৩৩,১০,১৩০	১১,১১,০০০৲	১০০৲	১৩৲	৩৩৩			১৩১৲	৭৭১৲	৭৭১৲	
আরডালী	—	৯,৫০,০০০	১৯,৫৮,০০০৲	১৲	৫৭	১২,৫৭১						১৯৫৩
কলাবাগী	—	১৯,৩৩,০০০	১৯,৩৩,৩৩৩৲	১০০৲	১৭৫৩	৯৩০০	৩৩০৲	৩৩০৲-৩৩৫৩				
কিংফাকা	—	৩৩,৩৩,৩৩৩	১০,৩৩,১৩১৲	১০০৲	১৩৲	৩৩৩৩	২৩৭৲	—			২১৫৲	
কিলিক	—	৩৩,৩৩,৩৩৩	৩৫,৩৩,১৩৩৲	১০০৲	১৲	৩৩৩৩	—				২৩৫৩	
কেরকিল	—	১১,৩০,০০০	৩০,১৫,০০০৲	১০০৲	১৯৫৩	৩৩৩৩				৭৩৩৲		
কাঁচরাপাড়া	—	৯,৩৩,০০০	৩০,১৫,৩৩০৲	১০০৲	১৲	৩৩৩৩				—		১৩০৲
কোন্নগর	—	১,১০,০০০	১১,১৩,০০০৲	৫০	/১	১২,৫৭১				—		১৯৲
ক্লাইভ	—	১৩,৩৩,৩৩৩	১৯,১৩,০০০৲	১০৲	১৫০	৩৩৩৩		—				৩৩৲
খেলনাড়া	—	১০,৩০,০০০	৩৩,৫১,০০১৲	৩০০৲	৩০৲ (ঘ)	১২,৫৭১		—				১০৩৲
গৌরীপুর	—	১৫,৩৩,০০০	৩৫,১১,৩৫৩৲	১০০৲	১৩৫৩	৯৩৩						৩৩৭৲
গারুলিয়া	—	৯৫,৩৩,১৩০	১১,৩৩,৫১৩৲	৩০০৲	৯৲	৯৫১				—		৩০০৲
চিত্তরঞ্জন	—	১১,১০,০০০	১০৩,৩১,৫১০৲	১০০৲	৯৲	৩৩৩৩	৭০০৲			৭০০৲-৭৫০৲		
জেকী	—	১৫,৩৩,৩৩৩	১৩,৩৩,১১৲	১০০৲	১০৲	৭৩৩৩	১৩৫৲-১৫৩৲	১৩৫৲-১৫৩৲	১১৫৲-১৭৩৲	১৩১৲-১৫১৲	১৫১৲	
কাঁচা		৩৩,১১,৩৩০	১০,৩৩,৫৩৲	৫০৲	৫১০	৯৩৩৩	১০৫৩-১০৭৩৲	১৭৲ (ঘ, ঘ)	১০৫৩-১০৩৩৲	৯০৲-৯০৲		
টেংরাট		১৩,৩৩,৩৩৩	৩৫,৩৩,১৩৩৲	১০০৲		৩৩৩৩			১১৯৲-১৩৩৲	১১৯৲		
তারকেশ্বর		৩৭,৩৩,৩৩৩	১১,১১,১৩৩৲	১০৲		৯৩৩৩	১১৯৩				৭১৯৩	...
দেবীপ্রসাদী		১৩,৩৩,৩৩৩	৯,১৩,৩৩৩৲	৫৲	৮	৩৩৩৩	৯/৩-১৲	৭১৩-৭১৩৩	৯১৯-৯১৩৩	৯১৩-৯১৩৩	৯৩৩-৯৯/৩	...
দোষ ইন্ডিয়ান		১৯,৩৩,৩৩৩	১১,১১,৩৩৩৲	১০০৲	৭১০	৩৩৩৩						৩৩৩৲
দোষ ব্যাঙ্কার		১৯,৩৩,৩৩৩	১০৩,৩১,১৩৩৲	১০০৲	১৩৲	৩৩৩৩						৩৩১৲
বজবজ		১,১০,০০০৲	৩,১১,৩৩৩৲	৫০৲	১ঘিঘন্টা (ঘ) ১০০	৩৩৩৩						১৩৩৲
বর্ধন		১১,৩৩,৩৩৩	৩৫,১১,৩১০৲	১০০৲	১০০	৩৩৩৩			১১০৲-১৫১৲ (ঘ, ঘ)	১৩০৲		
বিড়লা	—	৩৩,১১,৩৩৩	১০,৩৩,৩৩১৲	১০৲	১১০(ঘ)	৩৩৩৩		৩৩৩৲	...			
বিদ্যাসাগর	—	১০,১৩,৩৩	৩৩,৩১,৩১৲	১০৲	১০০	৩৩৩৩						৩৩৩৩
মোহিনাথ	—	৩০,৩৩,৩৩৩	১০,১৩,১০৩৲	১০০৲	৯৲	৩৩৩৩						৩৩৭৲
আলমবাটিন	—	৯০,১০,৩৩৩	১৩,১০,৩৩১৲	১০০৲	৯৲	৩৩৩৩	—			৯০৩৲ (১৫৩৩)		৩৩৩৲
বাংলা	—	১৯,১১,৩৩৩	১৯,১৯,৩৩৩৲	১০৲	১৫০	৩৩৩৩	১১৩৩-১১৫৩	১১৩৩-১১৩৩	১০১৩-১১৩৩	১১৩৩	১১৩৩-১১৩৩	—
বালটা	—	৯,৩০,৩৩৩	১১,১৫,১৩৩৲	১০৲	৯৲ (ঘ)	৩৩৩৩	—			—		৩৩৫৩
বহুবাজার	—	৩৩,৩৩,৩৩৩	১১,৩৩,৩১৲	৫০৲	৫৩৩	৩৩৩৩						৩৩৩৩
বাঁশবেড়ে	—	৯১,৩৩,৩৩৩	১১,৩৩,৩৩৩৲	১০০৲	৯৲	৩৩৩৩				৭১১৲-৭১১৲	১১৩৲-১১৫৩৩	৩৩৩৩
চা-বাগান												
ইষ্ট ইন্ডিয়া	—	১০,৩৩,৩৩০	৩,৩৩,৩৩৩৲	১০৲	১৩৫৲	১১৩৩	৯৩৲				৯৩৲	...
ডিমা		৩,১৩,৩৩৩	৩,১১,১৩৲	৫০৲	১৲	১২,৫৭১						৩৩৲
তুলসী		১,১৩,৩৩৩	১,১১,১১৩৲	১০৲	১০৲	১২,৫৭১						
ডেভনপুর	—	১১,৩৩,৩৩০	৩,১৩,৩৩৩৲		৫৩৲	১২,৫৭১			৩৫১৲-১১৩৩		১৩৩৩	

যৌথ প্রতিষ্ঠান

						শাখার হার				
চা-বাগিচা										
[illegible]	[illegible]	[illegible]								
[illegible]	[illegible]	[illegible]		[illegible]						
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
চিনির কল										
[illegible]	[illegible]	[illegible]			[illegible]					
[illegible]	[illegible]	[illegible]			[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					[illegible]
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					[illegible]
[illegible]	[illegible]	[illegible]			[illegible]					[illegible]
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					[illegible]
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					[illegible]
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					[illegible]
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					[illegible]
ব্যাঙ্ক										
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]	[illegible]				
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]	[illegible]		[illegible]					
[illegible]	[illegible]	[illegible]	[illegible]		[illegible]					
[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]	[illegible]		[illegible]					
[illegible]	[illegible]	[illegible]	[illegible]		[illegible]					
[illegible]	[illegible]	[illegible]			[illegible]					
বিদ্যুৎ-সরবরাহ										
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]					
[illegible]	[illegible]	[illegible]		[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]		

যৌথ প্রতিষ্ঠান

[illegible]

[illegible]

[illegible]

REGD.NO.C3108.

আর্থিক ভারত

অর্থনৈতিক সাপ্তাহিক

১৯ বর্ষ ৭ম সংখ্যা [illegible] [illegible] [illegible] [মূল্য ৷৷০

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক লিমিটেড

কলিকাতা

অনুমোদিত মূলধন	৮ কোটি টাকা
বিক্রীত মূলধন	৪ কোটি টাকা
আদায়ীকৃত মূলধন	২ কোটি টাকা
রিজার্ভ ফাণ্ড	৪০ লক্ষ টাকা

পরিচালকবর্গ

শ্রী জি, ডি, বিড়লা (চেয়ারম্যান)

শ্রীঈশ্বরী প্রসাদ গোয়েঙ্কা — শ্রীরমনলাল জি. সারাইয়া (ভাইস-চেয়ারম্যান)

শ্রীঅনন্ত চরণ লাহা — শ্রীমহাদেও এল. দাতানুকার
শ্রীবৈজনাথ জালান — শ্রীমদনমোহন আর. রুইয়া
শ্রীগোবিন্দলাল বাঙ্গর — শ্রীমোহনলাল এল. শা
শ্রীপি. ডি. হিমৎসিঙ্কা — শ্রীমতিলাল তাপুরিয়া
শ্রীরামেশ্বরলাল নোপানি — শ্রীনবীনচন্দ্র মফৎলাল

জেনারেল ম্যানেজার

শ্রী বি, ডি, ঈশ্বরুকা

ডেপুটি জেনারেল ম্যানেজার

শ্রী এস, ডি, সদাশিবন

ভারত ও ব্রহ্মদেশের বড় বড় শহরে বাটটির অধিক শাখা এবং পৃথিবীর সর্বত্র এজেন্সির ব্যবস্থা থাকায়, এই ব্যাঙ্ক দেশে ও বিদেশে জনসাধারণের সেবায় সম্পূর্ণভাবে নিযুক্ত থাকিতে পারে।

Those who have finance do read

"Indian Finance"

Those who have no finance must read

"Indian Finance"

'INDIAN FINANCE'

116, Lower Circular Road, Calcutta.

যে কোন প্রকার বীমার জন্য—
জীবন, অগ্নি, সামুদ্রিক
দুর্ঘটনা, মোটরগাড়ী ইত্যাদি
হাওড়া ইন্সিওরেন্স
কোং লিমিটেড
৩০নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা।
ফোন—কলিঃ ৪৭১

আর্থিক ভারত

অগ্নি, নৌ, দুর্ঘটনা, মোটরগাড়ী ও
জীবন সম্পর্কিত
শ্রেষ্ঠ জাতীয় বীমা প্রতিষ্ঠান
হাওড়া ইন্সিওরেন্স
কোং লিমিটেড
৩০নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা

২য় বর্ষ ৭ম সংখ্যা | কলিকাতা, বুধবার ২৪ পৌষ, ১৩৪৪ | ৮ই জানুয়ারী, ১৯৩৮ | মূল্য ৪০

সূচী

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
সম্পাদকীয়		অর্থালোক	
অমৃত কংগ্রেস	১০৩	চলতি নোটের পরিমাণ বৃদ্ধি	
সরকারী অর্থনীতি বিশেষজ্ঞ	১০৪	পণ্যাহরণের বাজার	
প্রাসঙ্গিক		বস্ত্র শিল্পের অবস্থা	
ভারত-পাকিস্থান চুক্তি প্রসঙ্গে বিভিন্ন মহলের মন্তব্য, ভারতের মনোভাব, একটি অভিযোগ		বাজারের কথা	
সংবাদলিপি		"সিমলার বলা" বন্ধের ব্যবস্থা আলোচনা	
লণ্ডন, বোম্বাই	১০৮	মৌখিক	
সমাচার	১১০	ব্যাঙ্কলাইট পরিচালিত দুইটি ব্যাঙ্কের বিবাদ	
ভারত-পাকিস্থান সন্ধিসর্তে চুক্তি	১১৭		

অমৃতপুর কংগ্রেস

অভিনব পরিবেশে এবং অভূতপূর্ব উৎসাহ-উদ্দীপনার মধ্যে অমৃতসরের "গান্ধীনগরে" জাতীয় কংগ্রেসের ৫২তম অধিবেশন সমাপ্ত হইয়াছে। স্বাধীনতা অর্জ্জনের পর ইহাই কংগ্রেসের প্রথম অধিবেশন এবং দেশীয় রাজ্যের অন্তর্ভুক্ত কোনও অধিবেশনের ইহাই প্রথম অনুষ্ঠান। সেই-জন্যই এই অধিবেশন নানাবিধ বিচারে অসাধারণ গুরুত্বসম্পন্ন। ইংরাজ, আমেরিকা, সাম্রাজ্য ও পরিকল্পনার এই অধিবেশন স্বাধীন ভারতে কংগ্রেসের প্রথম অধিবেশনের মর্য্যাদা যেমন রক্ষা করিয়াছে, তেমনি দেশের বহু জটিল সমস্যা সমাধানের নিমিত্ত প্রচেষ্টা হইয়াছে এই অধিবেশনে, সঙ্কট ত্রাণের পথ নির্দ্দেশের সম্ভাবনা দেখা গিয়াছে দুর্দ্দশাগ্রস্ত দেশবাসীর। সেই হিসাবেও এই মহাসম্মেলন পূর্ব্ববর্তী বহু সম্মেলনের তুলনায় অধিকতর প্রতিধ্বনিমুখর হইয়াছে।

প্রত্যেক কংগ্রেসের সকল অধিবেশনই প্রয়োজনীয় কিন্তু ইতিপূর্বে কংগ্রেসের যত অধিবেশন হইয়াছে তাহাদের সকল একটি লক্ষ্য ছিল, দেশের স্বাধীনতা অর্জ্জন। সেই স্বাধীনতা বহু জীবনোৎসর্গের বিনিময়ে, বহু আত্মত্যাগ ও দীর্ঘকালব্যাপী সংগ্রামের ফলে অর্জ্জিত হইয়াছে। কিন্তু সেই স্বাধীনতা রক্ষা করিবার এবং পৃথিবীর উন্নতিশীল জাতিগুলির সঙ্গে সে-স্বাধীনতা মর্য্যাদাসহকারে বজায় করিবার শিক্ষায় দেশের জনসাধারণকে শিক্ষিত করিয়া তোলার কঠিনতর দায়িত্ব বহন করিতেছে আমাদের জাতীয় কংগ্রেস।

গান্ধীজী আজ আমাদের মধ্যে অনুপস্থিত। তাঁহার উত্তরাধিকারীদের সম্মুখে যে বিপদসঙ্কুল পথ প্রসারিত হইয়া রহিয়াছে, তাহা নিরাপদে অতিক্রম করিবার পাথেয় সঞ্চয়ের জন্যই এই গান্ধীহীন ভারত তাহাতে কিছুদিনের মুল না সত্ত্বে এবং সন্ধানই না হয়, তাহাই ছিল এই সম্মেলনের মূল প্রেরণা। সেইজন্যই কংগ্রেসের পূর্ব্ববর্তী সকল অধিবেশন অপেক্ষা এই অধিবেশনের গুরুত্ব যে অনেক বেশী তাহাতে সন্দেহ নাই।

আশা ও আনন্দের কথা এই যে, আমাদের নেতৃবর্গ দেশের পরিবেশ প্রধান করিতে সমর্থ হইয়াছেন। তাঁহাদের চিন্তাধারায় ও পরিকল্পনায় খুঁটিনাটি আলোচনা অবশ্য অনেক ক্ষেত্রে বিচ্যুতি বা অসঙ্গতি বাহির করা যাইবে। কিন্তু তাঁহারা সমগ্রভাবে যে সমাজ-সৃষ্টির আভাস দিয়াছেন, সমাজ প্রতিষ্ঠিত হইলে তাহা যে দেশের আপামর জনসাধারণের সর্ব্বাঙ্গীণ মঙ্গলের হেতু হইবে, তৎসম্বন্ধে সন্দেহ নাই। এই প্রসঙ্গেই কংগ্রেসের অভিনন্দিত সভাপতি ডাঃ সীতারামাইয়া যে অভিভাষণ পাঠ করিয়াছেন, তাহা বিশেষ উল্লেখযোগ্য। তাহার সুদীর্ঘ অভিভাষণে তিনি সমসাময়িক ইতিহাসের যে বিশদ ও নিখুঁত বিশ্লেষণ করিয়াছেন, জাতির জীবনের এই সঙ্কটক্ষণে যে সুস্পষ্ট ও সরল পথনির্দ্দেশের ইঙ্গিত প্রদান করিয়াছেন, তাহা প্রকৃতই কংগ্রেস সভাপতির পক্ষে গৌরবপূর্ণ বলিয়া বোধ হইয়াছে। যে কর্ম্মদক্ষতা ভাষায় ও ভঙ্গীতে তিনি প্রধান প্রধান সমস্যাগুলি সম্পর্কে আলোচনা করিয়াছেন, তাহাতে তাঁহার তীক্ষ্ণ বুদ্ধি, গভীর জ্ঞান এবং একটি সরল সহানুভূতিশীল মনের পরিচয়ও দেশবাসী পাইয়াছে। তিনি কোন ভেল্কিবুদ্ধির প্রশ্রয় দেন নাই, ধোঁয়ালি ও এলোমেলো মতের অবতারণা করেন নাই, তেমনই যেখানে প্রয়োজন হইয়াছে—যেমন জাতীয়তা প্রসঙ্গে ও কংগ্রেস ও সরকারের মধ্যে মতভেদের বিষয়ে—সেখানে তিনি তাঁহার বক্তব্য

ঘোষণা করিয়াছেন। সন্দেহের ভয়ে সরকারকে স্বীকার ও হয়ত তিনি মুখ্য প্রকাশ করেন নাই, পরিষ্কার হয় নাই। আমরা আশা করি তাঁহার রাষ্ট্রপতিত্বে কংগ্রেস ও জাতি বর্তমানের দুরবস্থার সমস্তাগুলির শুভ সমাধানে সক্ষম হইবে এবং কংগ্রেসের অন্তর্বর্তীকালীন্যাসী ত্যাগ ও সেবার আদর্শ অক্ষুণ্ণ ও অম্লান থাকিবে।

কংগ্রেস সভাপতি তাঁহার অভিভাষণে স্বাধীন ভারতের বৈদেশিক নীতি, কমনওয়েলথের সহিত ভারতের সম্পর্ক, দেশীয়রাজ্য, ভাষাগত প্রদেশ গঠন, কংগ্রেস ও সরকারের মধ্যে সম্পর্ক, শ্রমিক ও কিষাণ সমস্যা, খাদ্য ও আয়া সমস্যা, বাস্তুহারাদের পুনর্বসতি সমস্যা প্রভৃতি দেশের সকল প্রধান প্রধান বিষয়ের উপরই তাঁহার গভীর মননশীলতার আলোকপাত করিয়াছেন। কংগ্রেসের অধিবেশনেও এই সব সমস্যার প্রশ্ন উত্থাপিত হইয়াছে এবং আলোচিত হইয়াছে।

তিনদিনব্যাপী অধিবেশনের পর কংগ্রেসের বিষয় নির্বাচনী সমিতির অধিবেশন সমাপ্ত হয় এবং ওই তিনদিনে বহুগুলি প্রয়োজনীয় প্রস্তাব গৃহীত হয়। তন্মধ্যে ভারত-কমনওয়েলথ সম্পর্ক, ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন, ইন্দোনেশিয়ার পুনর্বসতি এবং আচরণের মান সম্পর্কিত প্রস্তাবগুলি সম্পর্কেই সর্বাধিক আলোচনা ও বিশেষ ভাগ বক্তৃতা হয়। বৈদেশিক ব্যাপারে সাম্রাজ্য প্রস্তাবটি সামান্য সংশোধিত হইয়া পাশ হয়। ঐ প্রস্তাবটি দেশের বর্তমান অবস্থায় বিশেষ গুরুত্বপূর্ণ হইলেও তাহা সরকারের সুপরিচিত নীতি ও বক্তব্যের অনুসৃত কাজকর্মের প্রতিধ্বনি মাত্র। এই বিষয়ে ইতিপূর্বে বহু আলোচনা হইয়া গিয়াছে বলিয়া বর্তমান অধিবেশনে এই সম্পর্কে তেমন কিছু আলোচনা হয় নাই।

ভারত-কমনওয়েলথ সম্পর্ক বিষয়ে আলোচনা হইতে দেখা যায় যে, অনেক কংগ্রেস সদস্য এখনও ব্রিটেনের প্রতি পুরাতন বিদ্বেষ মনোভাবের পরিবর্তন করিতে পারেন নাই। কিন্তু পণ্ডিত নেহরু তাঁহার বক্তৃতায় তাঁহাদিগকে স্পষ্ট ভাষায় জানান যে, ভারতের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রাখিয়া ব্রিটিশ কমনওয়েলথের সঙ্গে সম্পর্ক রাখিলে ভারতের পক্ষে লাভবান হইবার সম্ভাবনাই বেশী। কংগ্রেস সভাপতি পণ্ডিত নেহরুর যুক্তিই গ্রহণ করেন এবং ওই প্রস্তাবটি গৃহীত হইবার সময় যেরূপ বিরোধিতার সম্মুখীন হইবার আশঙ্কা করা হইয়াছিল, তাহা নিষ্ফল প্রমাণিত হয়। ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন সম্পর্কে কমিশনের রিপোর্টে যে প্রস্তাব করা হইয়াছে, তাহাতে অনেক কংগ্রেস সদস্য বিক্ষুব্ধ হইয়াছেন এবং কংগ্রেস সভাপতিও তাৎক্ষণিক প্রদেশ গঠনের প্রয়োজনীয়তা ও যৌক্তিকতার উপর তাঁহার অভিভাষণে বিশেষ জোর দিয়াছেন। ফলে, কংগ্রেস সভাপতি, পণ্ডিত নেহরু এবং সর্দার বল্লভভাই পটেলকে লইয়া একটি নূতন কমিটি গঠিত হইয়াছে এবং আশা করা যায় তিনজনের সমন্বয়ে ওই কমিটি দেশের এই সমস্যা সম্পর্কে সন্তোষজনক সুপারিশ দিতে সমর্থ হইবেন।

বাস্তুহারাদের সমস্যা আলোচনা প্রসঙ্গে সভায় পূর্ব পাকিস্তান সরকারের প্রতি যে সাবধান বাণী উচ্চারণ করিয়াছেন তাহা ভারতের জনসাধারণেরই মনোভাবের প্রতিধ্বনি এবং সংখ্যালঘুর রক্ষক ও কাণ্ডারী গণতন্ত্রের পরিচায়ক। বস্তুতপক্ষে পাকিস্তান যদি পূর্ব বঙ্গের হিন্দুদের প্রতি ন্যায় বিচার করিতে অসমর্থ হয় এবং পাকিস্তানীদের অত্যাচারে হিন্দুদের জীবনধারণ যদি দুর্বিষহ হইয়া উঠে, তাহা হইলে পাকিস্তান যাহাতে বাস্তুত্যাগী হিন্দুদের বাসোপযোগী স্থানে ফিরিয়া যেতে পারে এরূপ ব্যবস্থা করা হইবে, সর্দারজীর এই মতের পিছনে দেশের জনসাধারণের অকুণ্ঠ সমর্থন আছে এবং আমরা আশা করি পাকিস্তান বঙ্গুক বাস্তুত্যাগীদের সমস্যার জোর সমাধান না হইলে, সর্দার পটেল তাঁহার এই উক্তি অনুযায়ী কাজ করিয়া বাস্তুত্যাগীদের দুঃখমোচনে বিধা করিবেন না।

কংগ্রেস ও সরকারের সম্পর্ক, জনসেবার ক্ষেত্রে আচরণ ইত্যাদি প্রস্তাবগুলি অনেক আলাপ-আলোচনার পর গৃহীত হইয়াছে এবং সুখের বিষয় ওই সকল বিষয়ে মতভেদের অবসান হইয়াছে। ইহা ব্যতীত দেশীয়রাজ্য সমস্যা, সাম্প্রদায়িক পরিস্থিতি, শ্রমিক ও কিষাণ ইত্যাদি বিষয়ে দেশের গুরুত্বপূর্ণ প্রস্তাব গৃহীত হইয়াছে, তাহাতেও দেশবাসী ও কংগ্রেসকর্মীরা তাঁহাদের কর্তব্য ও আচরণ সম্পর্কে নির্দেশ পাইয়াছেন। কাশ্মীর সমস্যা সম্পর্কে কোন প্রস্তাব গৃহীত হয় নাই বলিয়া অনেক ক্ষুণ্ণ হইয়াছেন কিন্তু পণ্ডিত নেহরু ঘোষণা করেন যে, বর্তমান অবস্থাতে ওই সম্পর্কে কোন প্রস্তাব পাশ করা যুক্তিসঙ্গত হইবে না।

পরিশেষে কংগ্রেস ভারতের সমস্যা সমাধানে ব্যস্ত থাকিলেও যে এশিয়ার অন্যান্য স্বাধীনতাপ্রিয় দেশের ভবিষ্যৎ সম্পর্কে উদাসীন নহেন, তাহার প্রমাণ ইন্দোনেশিয়া সম্পর্কে ওলন্দাজ সরকারের আচরণের বিরুদ্ধে পণ্ডিত নেহরুর তীব্র বিদ্বেষাত্মক উক্তি। পণ্ডিত নেহরু সাম্রাজ্যবাদীদের সাবধান করিয়া বলিয়াছেন যে, অতঃপর এশিয়ার কোন সাম্রাজ্যবাদীকেই সহ্য করা হইবে না এবং অবশ্যকে সামরিকভাবে কোন দেশকে পরাজিত করিতে সক্ষম হইলেও অনুরূপ বিষয়ে সাম্রাজ্যবাদীরা এশিয়া হইতে বিতাড়িত হইবে। কংগ্রেসের এই প্রস্তাবে জয়পুর অধিবেশনের ঘোষণা পরিসমাপ্তি হইয়াছে এবং কংগ্রেস যে মহাত্মা গান্ধী প্রদর্শিত পথে শান্তি ও প্রগতির পবিত্র পতাকা বহন করিয়া অবিচলিত পথে অগ্রসর হওয়ার জন্য বদ্ধপরিকর তাহাই বিঘোষিত হইয়াছে।

সরকারী অর্থনীতি বিশ্লেষণে ডাঃ মাথাই

(২)

সরকারী অব্যবস্থিতচিত্ততার ফলে এবং অপরিণামদর্শিতার পরিণামে আতঙ্কগ্রস্ত হইয়া সাধু ও উদ্যোগী ব্যবসায়ীরা যে শিল্প বিস্তারের পথ ত্যাগ করিতে বাধ্য হইতেছেন এবং দুর্বৃত্ত ও অসাধু ব্যবসায়ীরা দল বেঁধে কালোবাজারের অন্তর্গতিতে প্রবেশ করিয়া মুনাফার পাওনা কড়ি কিয়া এবং দেশ ও জাতির সর্বনাশ সাধন করিয়া যে মুনাফা অর্জন করিতেছে, তাহা আমরা গত সংখ্যায় উল্লেখ করিয়াছি। ভারতের বিভিন্ন বড় বড় সহরে একটু লক্ষ করিলেই দেখা যাইবে যে, দেশের প্রভূত পরিমাণ অর্থ লোকচক্ষুর অন্তরালে ওই সব চোরাকারবারীদের ঘরে বন্দুক হইয়া গিয়াছে এবং তাহারা বুনিয়াদ গড়িতেছে। পরিণামে—অথচ সরকারকে এক কপর্দকও প্রদান না করিয়া, তাহাদের অসাধু কারবারের অবাধে চালাইয়া যাইতেছে। ফলে শুধু যে আয়কর ও অন্যান্য কর বাবদ সরকারের যাহা প্রাপ্য পাওনা তাহা সংগ্রহ করা যাইতেছে না শুধু তাহাই নহে, সরকারের মুদ্রাস্ফীতি বিরোধ প্রচেষ্টাও পদে পদে ব্যাহত হইতেছে। দেশের অর্থনীতিবিদ্‌গণ এই সব সমাজ-বিরোধীদের কার্যকলাপে বিশেষভাবে বিচলিত হইয়া পড়িতেছেন।

শ্রীযুক্ত মাথাই সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ীদের শিরোমণি হইলেও উদ্যোগের সহ আমার করিবার যুক্তি হিসাবে বলিয়াছেন, মুদ্রাস্ফীতি ও কালোবাজার মূল উৎপাটিত করিতে হইলে সরকার শিল্প বিস্তার করিতে বলিয়া, সরকারের পক্ষে বহু অর্থ সংগ্রহ করার প্রয়োজন দেখা দিয়াছে। কিন্তু তাঁহাকে যদি প্রশ্ন করা হয় যে, আয়কর এবং অন্যান্য সরকারী

বিদেশের দুর্নীতি (যে দুর্নীতির ফলে বহু কোটি টাকার হাওয়া হইতে সরকার প্রতিরক্ষার কাজে ৪০ কোটি টাকার কাপড় পাওয়া হইতে বঞ্চিত হইয়াছেন বলিয়া অনুমান করা হইয়াছে) রোধ করিবার জন্য সরকার কতটুকু চেষ্টা করিয়াছেন এবং সে বিষয়ে কতটুকু সাফল্য অর্জন করিয়াছেন, তাহা হইতে আমরা জানি তিনি কোন সন্তোষজনক উত্তর দিতে পারিবেন না। জাতীয় নিরাপত্তার পক্ষে এরূপ অবস্থা নিশ্চয়ই সম্মানজনক নহে।

শিল্প বিস্তার এবং জাতীয় প্রতিরক্ষামূলক ও প্রয়োজনমূলক কোন কার্যের জন্যই উপযুক্ত মূলধন পাওয়া যাইতেছে না বলিয়া শ্রীযুক্ত মাথাই দুঃখ করিয়াছেন। কিন্তু এই বিরাট বিলম্বনের জন্য যে সরকারও দায়ীভাগে দায়ী তাহা শ্রীযুক্ত মাথাই নিশ্চয়ই অস্বীকার করিতে পারেন না। অবশ্য আমরা জানি যে ১৯৪৭ সালের কুখ্যাত নিয়ন্ত্রক আলী খাঁর বাজেটেই ভারতের মূলধনের সাম্প্রতিক সর্বনাশ সাধিত হয়। কিন্তু ভারত সরকার যে তাহার পরে ঐ বাজেটের ভুলত্রুটিগুলি সম্পর্কে অবহিত হইয়াও সে সকল সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে যথেষ্ট উদ্যম প্রকাশ করেন নাই, এমনও ত একেবারে অস্বীকার করিবার উপায় নাই ; মুখ্যত এই উদ্যমহীনতার ফলেই এখনও দেশের মূলধনের বাজার সুস্থ হইয়া উঠিতে পারে নাই। সরকারও তাঁহাদের ভুল বুঝিয়া ধীরে ধীরে ব্যবসায়ীদের, বিশেষ করিয়া নূতন শিল্প প্রতিষ্ঠানগুলির, করভার হ্রাস করা ইত্যাদি সম্পর্কে যেসব সুযোগ দিতেছেন, তাহা স্বাভাবিক অবস্থায় অতীব সন্তোষজনক হইলেও বর্তমানে ফলপ্রসূ হইতেছে না। এবং আমরা দৃঢ়তার সহিত বলিতে পারি যে, সরকার যদি তাঁহাদের বর্তমান কর নির্ধারণ নীতির আমূল সংস্কার সাধন না করেন, তাহা হইলে অদূর ভবিষ্যতেও প্রার্থিত ফল লাভ দুঃসাধ্য হইবে।

মূলধনের বাজারের অবস্থা যে কিরূপ সঙ্কটাপন্ন হইয়া উঠিয়াছে তাহা গত কয়েকমাসের টাকার বাজারের হালচাল দেখিলেই স্পষ্ট বুঝা যাইবে। ভারত সরকারের আর্থিক অবস্থাও যে কিরূপ অবনতির হইয়া উঠিয়াছে তাহাও ভারতের বাণিজ্যসচিব শ্রীযুক্ত মহম্মদআলি বোগরাবাবের উক্তি হইতেই বুঝা যায়। তিনি বলিয়াছেন যে, ভারতের খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য ও শিল্প সম্প্রসারণের জন্য যন্ত্রপাতি আমদানি করিবার উদ্দেশ্যে আন্তর্জাতিক মুদ্রাভাণ্ডার ও বিশ্ব ব্যাঙ্কের নিকট ভারতের ঋণ প্রার্থনা করিতে হইবে। অথচ সরকার যদি ইতিপূর্বে মূলধনের বাজার সম্পর্কে কিছুপরিমাণেও উৎসাহ প্রকাশ করিতেন, তাহা হইলেও ইহারই মধ্যে অর্থনৈতিক ক্ষেত্রের অনেক অসুবিধা দূরীভূত হইত।

বর্তমানে ইহা বারংবার করিয়া বলার প্রয়োজন নাই যে, শুল্কের করভারে বিদ্যুৎ ও মাঝারি রকমের শিল্প প্রতিষ্ঠানগুলির অবস্থা সম্প্রতি যাহা হইয়াছে, তাহাতে যদি তাহাদের উপর হইতে করভার লাঘব করা না হয়, তাহাদিগকে যদি নিজস্ব কোনরূপ অবকাশ না দেওয়া হয়, ধনবিনিয়োগের ক্ষেত্র যদি সঙ্কুচিত হওয়ার কোন সুযোগই না পায়, তাহা হইলে সরকারের সত্ত প্রচেষ্টা, সদ্ভব বক্তৃতা, অথবা অজস্র ভরপ্রদর্শনেও ভারতের শিল্প সম্প্রসারণের বেগ সম্ভবত বাস্তবরূপ লাভ করিবে না এবং দেশের অগণিত জনসাধারণের দুঃখ ও দারিদ্র্যমোচনের কঠিন কাজও কঠিনতরই হইয়া উঠিবে।

এই প্রসঙ্গে শ্রীযুক্ত মাথাইয়ের শ্রমিক সম্পর্কিত উক্তিও বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয়। তিনি শিল্পপতিদের উপদেশ দিয়াছেন যে, তাঁহারা যদি শ্রমিকদের সহিত মর্যাদাবান মানুষের মত ব্যবহার না করেন, তাহা হইলে তাঁহাদের পক্ষে ব্যবসা করা দুঃসাধ্য হইবে। ডাঃ মাথাই শ্রমিকদের প্রতি "যথোচিত" সম্মান প্রদর্শনের জন্য শিল্পপতিদের নিকট সুপারিশ করিয়াছেন। কিন্তু এই সঙ্গেই তিনি যাহার প্রস্তাবিত বেশ কয়েকটির নিন্দা করিয়া তীব্র মন্তব্য করেন। এখন শিল্পপতিরা যদি প্রশ্ন করেন, দেশের অধিকাংশ সরকারী কর্মচারী বিনামূল্যে যথেষ্ট ব্যক্তিগত সুবিধা ও বহুবিধ সুযোগ সুবিধা পাইয়াও যদি সরকারকে একপাক্ষে বিব্রত করিতে পারেন, তাহা হইলে শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের কেবলমাত্র মর্যাদা বৃদ্ধি করিলেই কি তাহাদের অসন্তোষের উদ্ভব হইবে ? তাহা হইলে এইরূপ প্রশ্নের শ্রীযুক্ত মাথাই প্রদত্ত উত্তর নিশ্চয়ই একটি প্রয়োজনীয় উত্তর হইবে।

শ্রমিকদের জীবনের মানের উন্নতি হইবে, তাহারা শিক্ষায়-দীক্ষায় ও আচারে ব্যবহারে সমাজের সম্মানিত নাগরিকের অধিকার অর্জন করুক, ইহা কাহারা না করে, স্বাধীন ভারতে এরূপ মানুষ নিশ্চয়ই দুর্লভ। কিন্তু শ্রমিকদের উন্নতি করিবার জন্য সরকার যেরূপ হোমরা নীতি অবলম্বন করিতেছেন ও প্রতিপদে তাহাদের অন্যায় ও অসঙ্গত দাবী মানিয়া চলিতেছেন, তাহার ফল যে শেষ পর্যন্ত শুভ হইবে না, একথাটা বুঝিবার সময় সম্ভবত এখন আসিয়াছে। এখনও যদি সরকার মূলত কর্মপ্রেরণার নেহে তুলিয়া এই সত্য বুঝিতে না চাহেন, তাহা হইলে ভারতের সর্বাঙ্গীণ উন্নতির মূলে কুঠারাঘাত করা হইবে ; দিনের পর দিন শ্রমিকশ্রেণিকে তাহাদের দাবির সম্বন্ধে সচেতন করা হইতেছে না, অথচ মজুরি বৃদ্ধি করা হইতেছে। কিন্তু শ্রমিকেরা সকল করে না, সকল করে যাহারা তাহারা কারখানায় নিযুক্ত ; ফলে এই শ্রেণিকে ক্রমশ্রমশালী করিবার শক্তি যাহাদের হাতে, অবিশ্রান্ত সরকারী বৃদ্ধির ফলে তাহারা হীনবল হইয়া পড়িতেছে ও পড়িতেছে ! অবশ্য শ্রীযুক্ত মাথাই তাহাদের প্রতি "সহানুভূতি" প্রকাশ করিয়াছেন ! কিন্তু শুধু সহানুভূতি প্রদর্শনেই কি তাঁহার কর্তব্য শেষ হইয়াছে ?

মুদ্রাস্ফীতি নিরোধ সম্পর্কে সরকারী পরিকল্পনা সমর্থন করিতে গিয়া শ্রীযুক্ত মাথাই বলিয়াছেন যে, তাঁহারা উপযুক্ত পরিত্যাগ করিয়া এমন পথ গ্রহণ করিয়াছেন, যাহাতে দেশের আর্থিক অবস্থাতে হঠাৎ বিশৃঙ্খলা না দেখা দেয় এবং জীবনযাত্রা ব্যয়ও বৃদ্ধি প্রাপ্ত না হইয়া অনেকটা বর্তমান অবস্থায় কাছাকাছি একটা ভারসাম্য বজায় রাখিয়া চলিতে থাকে ("Any attempt to bring down prices suddenly will cause a fresh disturbance in the process of adjustment. The immediate object of Government is to stabilize rather than curtail prices") । ডাঃ মাথাই মনে করেন যে জীবনযাত্রা বৃদ্ধি যদি একবার রোধ করা যায় তাহা হইলেই অচিরে জিনিষপত্রের দর নিম্নগামী হইতে বাধ্য হইবে। এই বিষয়ে আমরাও অর্থসচিবের সহিত একমত। আমরাও বিশ্বাস করি যে জীবনযাত্রার মূল্য যদি বাঁধিয়া দেওয়া যায় এবং মূল্য বৃদ্ধি যদি একবার সাফল্যজনকভাবে রোধ করা যায়, তাহা হইলে অল্পায়াসেই জীবনযাত্রার গতি ধীরে ধীরে নিম্নাভিমুখী করা সম্ভব হইবে। ইহারই জন্য আমরা ইতিপূর্বে সরকারী বিনিয়ন্ত্রণ ব্যবস্থার তীব্র সমালোচনা করিয়াছিলাম।

কিন্তু দেশের জীবনযাত্রা সম্পর্কে মাথাই অর্থসচিব আর একটি যে মন্তব্য করিয়াছেন, তাহাতে আমরা বিস্মিত হইয়াছি। তিনি বলিয়াছেন যে, ভারতে মুদ্রাস্ফীতি লইয়া বাড়াবাড়ি করা হইয়াছে এবং ভারতে জিনিষপত্রের দর যেরূপ বৃদ্ধি পাইয়াছে, তাহা অন্যান্য দেশের তুলনায় বেশী নহে। তাহাড়া ভবিষ্যতে মূল্য হ্রাস হইয়া যে স্বাভাবিক মূল্য স্থির হইবে তাহা হইতে বর্তমান মূল্যের যে বিশেষ তফাৎ থাকিবে না, "এরূপ উক্তিও ডাঃ মাথাই করিয়াছেন ("Our present prices as compared with pre-war prices are not by any means so high, nor are they much higher than the level at which they are likely to settle when normal conditions have been established") :—আমরা স্বীকার করি যে যুদ্ধপূর্ব যুগের (১৯৩৯) মূল্যমানে ফিরিয়া যাওয়া কোন দেশের পক্ষে সম্ভব নহে এবং

হইতে প্রথম মহাযুদ্ধের কালে ১৯২০ সালের পর হইতে যে একটা পরিবর্তন তাহার পরিচয়ে এই সময়ে "অস্বাভাবিক" বলা হইয়াছিল। ইহা আমরা জানি যে সাধারণতন্ত্রের সাধারণ শিক্ষা দেওয়ার সময়ে যে বহুদেশের তুলনায় অনেক বেশী। কিন্তু আমাদের প্রশ্ন এই যে, ভারতের জনসাধারণের আয় অফুরন্ত—এবং দেশের আর্থিক অবস্থার সহিত সঙ্গতি রাখিয়া—বিচার করিতে গেলে, বর্তমান ব্যবস্থা বা উহার কিছু কম মূল্যমানকে ভারতের স্থায়ী মূল্যমান বলিয়া গণ্য করা যায় কি? তাহা হইলে বর্তমানের উচ্চমূল্যের ফল দেশের জনসাধারণের বিশালতর অংশ যেরূপ অভাবে ও দারিদ্র্যে জীবন যাপন করিতেছে, তাহাই কি চিরস্থায়ী হইবে? কারণ শিল্প ও কৃষির ক্ষেত্রে সরকার যতই সাহায্য অর্জন করুন না কেন, আগামী কয়েক বৎসরের মধ্যে বর্তমান মূল্য বা তাহার কিছু কমের মধ্যে বিনিময়ের হার স্থির থাকিলে, দেশের সঙ্গতি এই সময়ের মধ্যে এমন কিছু বর্ধিত হইতে পারে না যাহাতে এই বর্ধিত দেশের সকলের বা অধিকাংশের জীবনযাত্রার মানোন্নয়নে সহায়ক হইয়া উঠিতে পারে। অর্থসচিবের এই উক্তি মানিয়া লইলে শ্রমিক ও কর্মচারীদের বেতন বৃদ্ধির যৌক্তিকতা অস্বীকার করিবার কোন উপায়ই থাকে না। অবশ্য শ্রমিকদের ও কর্মচারীদের যে পরিমাণ মহার্ঘভাতা দেওয়া হয় তাহার পরিমাণ বৃদ্ধির বিরুদ্ধে সর্বাপেক্ষা গুরুতর যুক্তি এই যে, মুদ্রাস্ফীতি রোধ করার জন্য সরকার যে চেষ্টা করিতেছেন, চিন্তাহীন বেতন বৃদ্ধির ফলে তাহা ব্যর্থ হইবে।

সরকার এইরূপ আভাস দেওয়া হইয়াছে যে, 'ডিভিডেণ্ডের হার কমিলে বেতন বা মজুরি বৃদ্ধির প্রয়োজন থাকিবে না। এ আশ্বাস যে ভিত্তিহীন তাহা আমরা বিশ্বাস করি না। কিছুদিনের জন্য যদি বেতন বৃদ্ধির চেষ্টা সাময়িক বন্ধ রাখা যায়, সেজন্য উপায়ে মুদ্রার দ্রুত সঞ্চালন রোধ করা যায়, চলতি মুদ্রার পরিমাণ হ্রাস করা যায়, জনসাধারণের মধ্যে অর্থসঞ্চয়ে উৎসাহিত করিবার ব্যবস্থা করা যায় এবং এই সকলের সঙ্গে সঙ্গে সংযোগসাধনে উৎপাদনবৃদ্ধির সুযোগ করা যায়, তাহা হইলে মূল্যমান হ্রাস অবশ্যম্ভাবী বলিয়া আমরা মনে করি। সুতরাং অর্থসচিব মূল্যমান যেমন কিছু কমিতে পারে না বলিয়া যে মন্তব্য করিয়াছেন, তাহার অযৌক্তিকতা আমরা স্বীকার করি না।

ডাঃ নাথাই ব্রিটিশ বণিকদের অধিকার ও তাহাদের স্বার্থ সম্পর্কে যে প্রতিশ্রুতি দিয়াছেন তাহাতে কেহ কেহ বিস্ময় ও বিরক্তি প্রকাশ করিয়াছেন বলিয়া শুনিয়াছি। তাঁহাদের এ আচরণ সমর্থনযোগ্য নহে। ব্রিটিশ বণিকরা যদি নিজেদের স্বার্থের সহিত দেশের স্বার্থের সমন্বয় সাধন রাখেন এবং তাহাদের ব্যবসায়ে ভারতীয়দের ক্রমান্বয়িক পরিমাণে নিয়োগ করিয়া শিল্প ও ব্যবসায় সম্পর্কে ভারতীয় কর্মচারীদিগকে সমাক শিক্ষিত করিয়া তুলিতে চেষ্টা করেন, তাহা হইলে তাহারা সকল সময়েই ভারতের সহযোগিতা পাইবার যোগ্য বিবেচিত হইবেন। অতীতকালের বিরোধের কথা স্মরণ রাখিয়া বর্তমানের সৌহার্দ্যকে—সমান স্তরে সৌহার্দ্যকে—আমরা ছিন্ন করি না, এ-নীতি রাজনীতিও নহে, ভারনীতিও নহে!—এই নীতি অবলম্বন করিলে পৃথিবীতে কোন জাতির সহিত অপর কোন জাতির মৈত্রী স্থাপিত হইতে পারিত না।—কারণ সেই দুই জাতির ভিতরকার অতীতের কোন না কোন বিরোধের ইতিহাস ওই মৈত্রীর পথে প্রতিবন্ধক হইয়া দাঁড়াইত! তাঁহার অবশ্য ব্রিটেন ও যুক্তরাষ্ট্রের কথা উল্লেখ করিলেই সম্ভবত যথেষ্ট হইবে। তাহাড়া যেসব অতিরিক্ত ও বিশেষ সুবিধা ব্রিটিশ বণিকরা ব্রিটিশ রাজত্বে ভোগ করিয়া আসিতেছিলেন, তাহা তাঁহারা ভবিষ্যতে পাইতে পারেন না বলিয়া ডাঃ নাথাই যে মন্তব্য করিয়াছেন, তাহা একান্ত মনোযোগযোগ্য হইয়াছে। এই উক্তির যৌক্তিকতা ব্রিটিশ বণিকরাও স্বীকার করিবেন বলিয়া আমরা বিশ্বাস করি।

ডাঃ নাথাইয়ের বক্তৃতা এবং সরকারী 'শ্বেতপুস্তিকার গঠন ইত্যাদি সম্পর্কে সমালোচনা করিলেও একথা আমরা বোধহয় বিস্মৃত হইতে পারি না যে, ভারতের ব্যবসায়ীদের অধিকাংশের সাম্প্রতিক আচরণও দেশের ঐতিহ্যের প্রতিকূলে হইয়া দাঁড়াইয়াছে। জাতীয়করণ নীতি এবং শ্রমিকদের সন্তোষের জন্য ইত্যাদির ব্যাপারে সরকার যেসব আশ্বাস তাড়াতাড়ি করিয়াছেন এবং করেকক্ষেত্রে নমনীয়তা দেখাইয়াছেন, তেমনই ব্যবসায়ীরাও অসহযোগভাবে আতঙ্কগ্রস্ত হইয়াছেন। একথা আজকাল অস্বীকার করিবার উপায় নাই যে, যে-কয়টি বিশেষ শিল্পের বিশেষ সুযোগ-সুবিধার ব্যবস্থা ইত্যাদি চলিত আছে, তাহার উপর সরকারী কর্তৃত্ব প্রতিষ্ঠা বর্তমান যুগে অপরিহার্য হইয়া উঠিয়াছে। তাছাড়া কয়েকটি বিশেষ শিল্প যে সরকারী সহযোগিতা ছাড়া বর্তমান অবস্থায় উন্নতি করিতে পারে না, ইহাও সর্বজনস্বীকৃত। সরকার যখন বারংবার ঘোষণা করিতেছেন ও আশ্বাস দিতেছেন যে, যে-কয়টি শিল্প জাতীয়করণ করা হইবে তাহা ছাড়াও অন্যান্য এবং নূতন শিল্প প্রতিষ্ঠার জন্য ভারতে এমন বিশাল ক্ষেত্র পড়িয়া রহিয়াছে যে ব্যবসায়ীদের পক্ষে যথোপযুক্ত উদ্যম ও প্রচেষ্টা থাকিলে লাভবান শিল্প গড়িয়া তোলা খুবই সহজ এবং ব্যক্তিগত মালিকানার অধীনে যেসব শিল্প উন্নতি করিতেছে সরকার নিতান্ত বন্ধ না হইলে তাহা জাতীয়করণ করিতে অগ্রসর হইবেন না (আর সরকারের হাতে যেসব পুনর্বাসনের যে গুরুদায়িত্ব রহিয়াছে, তাহা পালন করিতে সরকারের সমস্ত শক্তি যে ভাবে বাহিত হইতেছে, তাহাতে সরকার যে সব বিষয়ই বিরাট পরিকল্পনা কার্যকরী করিতে সমস্ত করিয়াছেন, সে সকলের বাহিরে অন্যান্য ক্ষেত্রে আগামী কয়েক বৎসরের মধ্যে হাত দিতে পারিবেন কিনা তাহাও নিতান্ত সন্দেহজনক) তখন জাতীয়করণের নামে ব্যবসায়ীদের পক্ষে এইরূপ "ভীষণ আতঙ্কগ্রস্ত হওয়ার কোন কারণই নাই।

ইহা ব্যতীত কর-সাম্যের প্রয়োজন সম্পর্কেও সরকার অবহিত আছেন বলিয়া ডাঃ নাথাই জানাইয়াছেন এবং বাস্তুত্যাগীদের পুনর্বসতি ও কাস্টম শুল্ক ইত্যাদি সম্পর্কে ব্যয়বৃদ্ধির ফলে ওই বিষয়ে বর্তমানে ব্যবসায়ীদের আশানুরূপ সাহায্য করিতে না পারিলেও, ভবিষ্যতে যে ব্যবসায়ীদের উপর হইতে করভার লাঘব করিবার ইচ্ছা ইঙ্গিত দিয়াছেন তাহাতেও ব্যবসায়ীদের আশান্বিত না হইবার কোন কারণ থাকিতে পারে না।

ব্যবসায়ীরাও এই অবস্থায় অনেকখানি প্রতিশ্রুতি দিয়েছেই করিতে পারিতেন যদি তাঁহাদের মধ্যে অনেকেই সরকারী প্রচেষ্টায় আন্তরিক আস্থা না দিতেন। সরকারের সমালোচনা করা অবশ্যই সহজ,—কিন্তু ব্যবসায়ীরাও নিজেদের ত্রুটিবিচ্যুতি সম্বন্ধে সম্পূর্ণ সচেতন আছেন বলিয়া বোধ হয় না। মোট কথা এই যে, ভারতের বর্তমান অবস্থায় প্রতিকার করিতে হইলে সর্বশ্রেণীর কৃষিক, মালিক, শ্রমিক, কেরাণী, বুদ্ধিজীবী সকলেরই সরকারের সহিত সহযোগিতা করিতে অগ্রসর হইতে হইবে। তাহা না হইলে দেশের সর্বনাশ কেহই ঠেকাইতে পারিবে না। জনসাধারণ যে পরিমাণ সহযোগিতা সরকারের সহিত করিতেছেন, মালিক ও শ্রমিকরা তাহা করিতেছেন না। তাহাতে উভয় পক্ষই যে নিজেদের সর্বনাশ সাধন করিতেছেন একথা যদি এখনও এই দুধানান পক্ষদ্বয় না বুঝিয়া থাকেন, তাহা হইলে যে বিপুল ত্যাগ ও বৃহৎ প্রাণের মূল্যে ভারতের স্বাধীনতা অর্জিত হইয়াছে, তাহা একান্ত শোচনীয়ভাবে ব্যর্থ হইবে সন্দেহ নাই।

প্রাসঙ্গিক

ভারত-পাকিস্তান চুক্তির নূতন ভিত্তি

সম্প্রতি দিল্লীতে নূতন করিয়া ভারত-পাকিস্তান আলোচনার ফলে ভারতের ও পাকিস্তানের প্রতিনিধিবর্গের অভিমত ঐক্য ঘোষণার পর যুগলের একটি আকাঙ্ক্ষিত চুক্তি সম্পাদিত হইয়াছে। এই চুক্তি মূলতঃ গত এপ্রিল মাসের কলিকাতা চুক্তির উপর ভিত্তি করিয়াই বিলম্বে হইয়াছে।

যদি পূর্বের স্থায়ী নিষ্পত্তিগুলি আপাতিকভাবে সহিত প্রতিপালিত হইত, তবে উভয় রাষ্ট্রের মধ্যে এখন যে সব বৈধ আদায়ের প্রয়োজন বাকিয়া যাইবার কথা বলিয়াই আমাদের মনে হয় —এপ্রিল মাসে কলিকাতায় সর্বসম্মত সর্তাবলী সুস্থির হইবার অব্যবহিত পরেই পূর্বাঞ্চল হইতে বাস্তুহারার আগমন বন্ধ হয় ও পশ্চিম বঙ্গ আশ্রয়প্রার্থী সমস্যা হইতে আসার কারণ করে। প্রধানতঃ এই গুরু সমাধানের জন্যই এবারকার এই সম্মেলনের উদ্যোগ করা হয়। যদি এই চুক্তির ফলে পূর্বাঞ্চলের সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে নিরাপত্তার ভাব ফিরিয়া আসে, তবেই সম্মেলন বৈধকটি সাফল্যমণ্ডিত হইয়াছে বলিতে পারা যাইবে। এই প্রসঙ্গে একথা ভুলিলে চলিবে না যে, আজও কাশ্মীর-সমস্যা পূর্বের মতই জটিল রহিয়াছে ও পাকিস্তানী চর কাশ্মীর প্রবেশে এখনও সক্রিয়রহিল!

সরকারী ইস্তাহারে বলা হইয়াছে যে, উভয় রাষ্ট্রের মধ্যে প্রতিশ্রুত সর্তগুলি কার্যে পরিণত করার পন্থা নূতন চুক্তির প্রধান বৈশিষ্ট্য। প্রত্যেক রাষ্ট্রের একজন করিয়া এবং অধিক দুইজন প্রতিনিধি লইয়া একটি যুক্ত তদারকীকার পরামর্শ কমিটি গঠনের ব্যবস্থা হইয়াছে। এই কমিটি সংখ্যালঘু, প্রত্যাবর্তন, দেনা এবং ভ্রাম্যমাণের কার্যকলাপ সম্পর্কে লক্ষ্য রাখিবেন। চুক্তির রাজনৈতিক ও অর্থনৈতিক ধারাগুলি কার্যকরী করিবার উদ্দেশ্যে প্রত্যেক রাষ্ট্রে মিশ্রণে স্থায়ী ও প্রাদেশিক প্রতিনিধি থাকিবেন। জেলা, থানা-অঞ্চলের মধ্যে, বাসস্থান প্রেরণ প্রভৃতি সংক্রান্ত বিষয়গুলি পালনের সাহায্যে অবশ্যকরণীয় আইনকানুনের ও ব্যবস্থার প্রবর্তনের দিকে দৃষ্টি রাখা হইবে। বাস্তুহারাদের সম্পত্তি সম্পর্কিত বিভিন্ন সমস্যা প্রেরণ, সংখ্যা সংক্রান্ত, বাস্তুহারা আদায় ইত্যাদি বিষয়ের অনেকগুলি প্রতিশ্রুতি হইয়াছে। পূর্বাঞ্চল ও পশ্চিমবঙ্গ এবং পূর্বাঞ্চল ও আসামের মধ্যে সীমান্তসংক্রান্ত বিরোধ মীমাংসার জন্য ১৯৪৯ সালের ৩১এ জানুয়ারীর পূর্বে একটি উচ্চ অধিকারবিশিষ্ট বিচারবিভাগীয় ট্রাইবুনাল গঠিত হইবে। অবশিষ্ট সীমান্ত প্রশ্নগুলি আলোচনা করিবার জন্য আগামী ১০ই জানুয়ারী কলিকাতায় পুনরায় বৈঠক বসিবে।

উভয় রাষ্ট্রের মধ্যে সম্পাদিত চুক্তি সত্ত্বেও মিশ্রণ কার্যকরী হয় নাই। কলিকাতা চুক্তিতেও অনেক "ফাঁকা ফাঁকা" কথা স্থান পাইয়াছিল এবং সংখ্যালঘু সম্প্রদায়ের ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক অধিকার রক্ষা সম্পর্কে রাষ্ট্রের দায়িত্ব বিশেষভাবে স্বীকৃত হইয়াছিল কিন্তু বস্তুতঃ সংখ্যালঘু সম্প্রদায়ের উপর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পাকিস্তানী উৎপীড়ন চলিতে থাকে ও লক্ষ লক্ষ লোক অসহায় ও নিঃসম্বল অবস্থায় বাস্তুহারার দ্বারা পরিত্যক্ত করিয়া ভারতীয় রাষ্ট্রের অধিবাসিত ও অধিকৃত অঞ্চলের উপর পাড়ি দিতে বাধ্য হয়।—উভয়ের ঘরে সন্দেহ ও আশঙ্কা থাকুক, অন্তরঙ্গ অবস্থাগুলি বিশ্বাস-প্রবণতার ভরিয়া অন্যায়ের প্রতিরোধের সত্য চুক্তি যাহা করিয়া দিতে পারে কিন্তু সম্মেলনে এইরূপ কর্তব্যাদেশের পরিপালনের ব্যবস্থা করা হইয়াছে। কিন্তু আমাদের কি এর তারাই সম্বল। —অতীতের অভিজ্ঞতা হইতে ঠিক হইতে না জেগে, আমরা আশা করিতেছি যে পাকিস্তান সরকার এইবার প্রতিশ্রুতি রক্ষার যথাযথ হইবেন এবং সাম্প্রতিক চুক্তির কার্যকরী বিশ্লেষণপূর্বক পুনরায় নূতন চুক্তি সম্পাদনের জন্য ভবিষ্যতে কোন বৈঠক আহ্বানের প্রয়োজন হইবে না।

আবাসন প্রবেশ

আবাসন প্রবেশ পর্ষদ সম্পর্কে রাষ্ট্রপতির অধ্যাদেশের সমাপ্তিক্রমে ডাঃ রাধেশ্যাম এলাহাবাদ হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি শ্রীযুক্ত এস. কে. দাস, অবসরপ্রাপ্ত সিভিলিয়ান ডাঃ পাঞ্জাবলাল ও বিজ্ঞানের পণ্ডিত ভবনাবাসিক লালকে লইয়া যে কমিশন নিয়োগ করিয়াছিলেন, তাহার রিপোর্ট প্রকাশিত হইয়াছে। অঙ্ক, কর্নাটক, কেরল ও মহারাষ্ট্র—ইহাদের লইয়া অতঃ প্রবেশ পর্ষদ হইতে পারে কি না ও পর্ষদ হইলে প্রস্তাবিত প্রবেশগুলিতে এবং ইহাদের সংস্থিতি অন্যান্য অঞ্চলে খনন্যমত, অর্থনীতিগত ও অন্যান্য অসুবিধা কিরূপ হইতে ইহাই কমিশনের বিবেচনার প্রধান বিষয় ছিল। কমিশনের উপর ভার যাইতে পারে যে, রাজ্য আবাসনী অঞ্চল-সমূহকে রাজ্যের অন্তর্ভুক্ত করিবার অনুরূপ সুপারিশ করিবেন বলিয়া জানা গিয়াছে, কিন্তু এই গুরুত্বপূর্ণ প্রশ্নটি বিবেচনার আলোচনায় বিস্তারিত করা হয় নাই।

কমিশনের মতে নূতন প্রবেশ পর্ষদের জন্য চারিটি সর্ত পালনীয়—(১) ভৌগোলিক বৈকট্য, (২) অর্থনৈতিক আন্তর্নির্ভরতা, (৩) ভাষিক ঐতিহ্যের সমাজসাধারণতা এবং (৪) সংস্কৃতি অবস্থানের সমতা। অঙ্কের ক্ষেত্রে চতুর্থ সর্ত, কর্নাটকের ক্ষেত্রে প্রথম, কেরলের ক্ষেত্রে দ্বিতীয় ও তৃতীয় এবং মহারাষ্ট্রের ক্ষেত্রে চতুর্থ সর্ত প্রতিপালিত হইতেছে না বলিয়া কমিশন অভিমত প্রকাশ করিয়াছেন। তাঁহাদের মতে বর্তমান কালে এই সম্পর্কে অগ্রসর হইবার পক্ষে অনুকূল নহে। তবু তাঁহারা বিশ্বিতে প্রবেশ পর্ষদ করা উচিত হইবে না, সাময়িক সুবিধার দেখিতে হইবে বলিয়া কমিশন অভিমত প্রকাশ করিয়াছেন। বিভিন্ন যুক্তিজাল বিশ্লেষণপূর্বক যে অবশ্য উচিত করিয়া কমিশন এই উপায়ে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, রাজ্যের প্রবেশ পর্ষদ করিলে ব্যবসায়ীদের সন্দেহ হইবে এবং ভারতের জাতীয় সংহতি বিঘ্নিত হইবে।

কমিশনের এবংবিধ মতামত ও সিদ্ধান্ত সংস্থিতি অবস্থানের মধ্যে কেবল ভিত্তিকরা উৎপাদন করিতে বলিয়া আমাদের বিশ্বাস। আবাসন প্রবেশ সম্পর্কে কমিশনের বিচার বিশ্লেষণ ও আলোচনার ফলে কতিপয় ভিত্তি করিয়াছেন। রাজ্যের সম্পর্কিত উহা সাময়িকভাবে রীতি বলিয়া স্বীকার করিয়া লইয়াছে। কিন্তু [illegible] কমিশনের অভিমত সম্পর্কে আমাদের বক্তব্য হইল, কিন্তু মূল প্রতিশ্রুতিই হইল এ ভাষাকে স্থায়ী করিয়া লক্ষ্য করিয়াছে।

সমাজের অবশ্য প্রয়োজনের ভিত্তি ও কাঁচা অনুসারে অধিবাসিত হইতে ও অধিক অন্তর্ভুক্তি প্রয়োজনী প্রবেশ সাধারণের মধ্যে কমিশন তাহার নিজস্ব অভিমতের প্রণালী অনুসরণে এবং সাধুতির অনুশীলন করিয়া, এই গুরু কাজের যথাযথ মেধাবী করিয়াছে। ইহাতে আমাদের ঐক্য ও সংহতি বিঘ্নিত হইবার সম্ভাবনা নাই। যদি এইরূপ আন্তরিক বিশ্বাসে যাহাতে মধ্যে সৃষ্টি করিলেই বিশ্বাস ও আশ্বাসের অন্তরালে মধ্যে কায়েমীস্বার্থবিরোধী ভাব উদিত হইবে বলিয়াই আমাদের বিশ্বাস।

সমস্যা জটিল ও অত্যন্তকঠিন, কিন্তু যারা বলিয়া উহাকে পাশ কাটাইয়া যাওয়ার চেষ্টা করিলে চলিবে না। বাংলা রাজ্যকারী অঞ্চলসমূহকে একত্রীকরণের দাবীও যুক্তিসঙ্গত। ভুবনেশ্বর বিষয় বাংলা আজ খণ্ডিত ও বেদনাহত। উপরন্তু বাংলার অন্তরেও ভাষা ভাষা প্রবল ও আঘাত করে। অপর পক্ষে বিহার প্রবেশের অধিবাসীরা কেবল ডাঃ রাজেন্দ্রপ্রসাদকে অন্তরে করা কংগ্রেসের সভাপতি অধিবাসের পক্ষে সম্ভব করে। সেইজন্যই মানভূম, ধলভূম, সাঁওতাল পরগণা, পূর্ণিয়া ইত্যাদি অঞ্চল সম্বন্ধে বাংলার ন্যায়সঙ্গত দাবীকে উপেক্ষা করা সম্ভব হইতেছে।—কংগ্রেস দুর্বল এখনও সক্রিয়রহিল। সেই কারণেই ডাঃ রাজেন্দ্রপ্রসাদ অন্তর নিযুক্ত কমিশন অন্তর বাংলার এত এক কি আলোড়নের পরিচয় ছিল। আবার পূর্বাঞ্চল রাইপতি ডাঃ সীতারামাইয়া অন্তর বাস্তুহারা আন্দোলনের পুরোধাবিত। কাজেই তিনি কমিশনের সিদ্ধান্ত বিশ্লেষণ করিয়া লইবেন ইহা আশা করা অন্যায় অন্তর আমরা মনে করিতেছি যে, প্রতিটি পুনর্বিবেচনা করিবার উদ্দেশ্যে ডাঃ সীতারামাইয়া পণ্ডিত নেহরু ও সর্দার প্যাটেলকে লইয়া আবার একটি কমিটি নিযুক্ত করিয়াছেন। কোনও সন্দেহ নাই যে এই কমিটি তুলাদণ্ডসহকারে অন্তরে রাখি করিয়া রহিবে, কিন্তু রাজ্যের সম্পর্কে যে অভিমত করা হইয়াছে তাহার স্বপক্ষে যুক্তিগুলি বাংলার অন্তরগুলি পুনরুদ্ধার করিতে হইলে, রাজ্যটিকে প্রবল আন্দোলনের জন্য প্রস্তুত হইতে হইবে।

একান্ত অধিবাস

অন্তরুপ ভাবে কমিশনের অভিমতের পূর্বে যদের উদ্যোগ সমস্যা বর্ণনাপ্রসঙ্গে সর্দার প্যাটেল বাঙ্গালীদের সম্বন্ধে এক আপত্তিজনক উক্তি করিয়াছেন বলিয়া সংবাদ প্রকাশ করিয়াছে।—উক্তিটি এই যথার্থ করিয়া এইরূপ অন্যায়ভাবে পরিত্যাগ ও সাধারণ (আপত্তি অনুযায়ী ঘটে)। যে উক্তি সত্যই সর্দার প্যাটেলের উক্তি কিনা তৎসম্পর্কে আমাদের নিশ্চয় সন্দেহ আছে এবং অন্তরে ও তোমাদিগকে এই সম্পর্কে সমাধানী প্রতিবাদ আশা করিতেছি। আজ মোদ্দাকথা (যদি সেই)—এখন অর্থে অন্তরে এই বিষয়ে সঠিক কিছু জানা যায় নাই:—সর্দার প্যাটেলের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা আছে,—সেইজন্যই আমরা পাকিস্তানকে কিছু না জানিয়া এই সম্পর্কে অন্তরে প্রবল উপেক্ষিত বিরূপ প্রতিবাদ।

সংবাদলিপি

লণ্ডন

ব্রিটেনের রপ্তানির নূতন রেকর্ড—ইস্পাত শিল্পের ক্রমোন্নতির ফলের উৎপাদন রেকর্ড—ইস্পাত শিল্প জাতীয়করণ বিলের বিরোধীদের পরাজয়ের পরিচয়—শ্রমিকালীন ছুটি কম করার ফলে শিল্পে উৎপাদন হ্রাস ও মজুরবৃদ্ধি।

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

লণ্ডন, ১৫ই সেপ্টেম্বর—ব্রিটেন যে আগামী ১৯৪৮ সালের সেপ্টেম্বর রপ্তানির লক্ষ্যে পৌঁছিতে প্রায় সক্ষম হইয়াছে, তাহাতে শিল্প প্রতিষ্ঠানগুলি যেরূপ আনন্দপ্রকাশ করিতেছে, তাহার চেয়ে বেশী আনন্দপ্রকাশ করিতেছেন সরোজিনী ইহার সরকারী কর্মচারিবৃন্দের সাফল্য সম্পর্কে যাহাই সন্দেহপ্রকাশ করিয়া থাকুন না কেন, ব্রিটেনের রপ্তানি বাণিজ্যই ব্রিটেনের ভবিষ্যৎ সমৃদ্ধির একমাত্র নির্ভরযোগ্য সাক্ষ্য বলিয়া যাঁহারা মনে করেন, তাঁহারা ইহাতে যথেষ্ট আশ্বস্ত হইবেন যে ব্রিটেন সরকার প্রতিশ্রুতি রক্ষা করিতে পারিয়াছে। বৎসরের আগে ব্রিটেনের রপ্তানির পরিমাণ নূতন রেকর্ড সৃষ্টি করিবার সঙ্কেতের মাসের তুলনায় শতকরা ৩৫ ভাগ পরিমাণ বৃদ্ধি পাইয়াছে বলিয়া মনে হয়। মনে হয় যেন শতকরা ৩০ ভাগ এবং গত জুলাই মাসে যে রেকর্ড সৃষ্টি হইয়াছিল তাহার চেয়েও শতকরা ১৫ ভাগ বেশী। সরকার পরিচালিত শিল্প কর্তৃপক্ষগুলির যে ১৯৩৮ সালে ১৯৩৯ সালের তুলনায় শতকরা ১৫০ ভাগের অধিক রপ্তানি বৃদ্ধি করার জন্য ব্যবসায়ীদের কৃতিত্ব দেওয়া হইয়াছে, এবার সেখানে পৌঁছিতে এখনও কয়েক মাস বাকি রহিয়াছে। সেপ্টেম্বর মাসের মধ্যে তাহা সম্ভব হইয়া যাইবে।

এই বিষয়ে আর একটি বিষয় লক্ষ্য করিবার আছে। ব্রিটেনের এইরূপ রপ্তানি বৃদ্ধি হইয়াছে লোনিয়নের মূল্য হ্রাস করিয়া। অপরপক্ষে ব্রিটেন তাহার আমদানি মালের জন্য অধিকতর মূল্য দিতে বাধ্য হইয়াছে। ১৯৩৮ সালের মালের যে ১০০ ধরিয়া হিসাব করিলে দেখা যায় যে ব্রিটেনের রপ্তানি মালের গড়পড়তা মূল্য ১৩৮ টাকায় স্থির আছে। কিন্তু ব্রিটেন যে মাল আমদানি করিতেছে তাহার দাম বৃদ্ধি পাইতে পাইতে ১৩ টাকায় পৌঁছিয়াছে।

ইস্পাত শিল্প জাতীয়করণ বিলটি পার্লামেন্টে তীব্র বাদানুবাদের পর হাউসের কমন্স সভায় গৃহীত হইলেও ঐ বিলের ক্ষেত্রে সমালোচনার শেষ প্রত্যাশিত হয় নাই। ইস্পাত শিল্প হিসাব প্রতিষ্ঠান করিয়া বড়দিনের মধ্যে উৎপাদনের লক্ষ্য ছাড়াইয়া যাইবে বলিয়া মনে হয়। সেইজন্য সরকারের জাতীয়করণ নীতির বিরোধী সমালোচকদের পক্ষে বৃদ্ধি পাইতেছে, এবং তাহাদের বিরোধী এক অংশ বুঝিতে পারিতেছে যে অবিলম্বে ইস্পাত শিল্প জাতীয়করণ করিয়া সরকার শুধু অনর্থক উপহাসের কারণ সৃষ্টি করিবেন, তাহা নহে—হয়ত কোন সময়ের আগেই সম্ভবিত বিশ্বের শিল্পের উৎপাদন হ্রাসের ফলে ইহা বন্ধ হইয়া যাইবে—ইস্পাত উৎপাদনের ইতিহাসে যত বারের মত অনুরূপ ঘটিয়া থাকিবে। এখানে ব্রিটেনে যে পরিমাণ ইস্পাত উৎপাদন হইয়াছে তাহাতে ব্রিটেনের বার্ষিক উৎপাদনের মান দাঁড়াইয়াছে ১৫,৭৫৬,০০০টন। (১৯৩৯ সালে ঐ সময়ে বার্ষিক উৎপাদনের মান হইয়াছিল ১৩,১৭৬,০০০ টন)। যদি অনুরূপ মানের হিসাব ধরিলে সাপ্তাহিক গড়পড়তা উৎপাদনের পরিমাণ হয় ৩০০,০০০ টন। বার্ষিক উৎপাদনের মান যদি ১৫,৭৫ লক্ষ টন হয়, তাহা হইলে সরকারের উৎপাদনের লক্ষ্যের চেয়ে ও ১.৫ মিলিয়ন টন ইস্পাত উৎপাদন বেশীই হয়। ইস্পাত শিল্পের পক্ষে ইহা বিশেষ গৌরবের বিষয়। ইতিপূর্বে আর কোন শিল্প এইরূপ কৃতিত্ব প্রদর্শন করিতে সমর্থ হয় নাই। ইস্পাত শিল্পের এই অভূতপূর্ব উৎপাদনের কারণ শ্রমিকের উৎপাদন বৃদ্ধি এবং মালপত্র ও পরিবহণ শ্রমিকের সহযোগিতা বৃদ্ধি।

শ্রমিক সরকার ইস্পাত শিল্প জাতীয়করণ বিলটি হাউসে আনার আগেই নির্বাচনের পূর্বে পাস হইয়া যায়, তাহার জন্য ছয় মাস ধরিয়া আলোচনা করিতেছেন এবং আনুষঙ্গিক আইনকানুন এড়াইবার জন্য বিভিন্ন নূতন পন্থা অবলম্বন করিতেছেন। তাঁহারা বলিতেছেন যে বিলের মূলের ১০ জন সদস্য লইয়া একটি কমিটি গঠন করা হইবে এবং উক্ত কমিটি ঐ বিলটির প্রতিটি ধারা সম্পর্কে আলোচনা করিবে এবং হাউসে ঐ বিলটি ফিরিয়া আসার পূর্বে তাহাদের কাজ সমাধা করিবেন। তৎপরে ঐ বিলটি হাউস অব লর্ডস্-এ পাঠান হইবে এবং সেইখানে বিলটির ধারা উপধারাগুলি সম্পর্কে বিস্তারিত সময়ের ধরা বিলটি সম্পর্কে আলোচনা করা হইবে। ইতিমধ্যে কমিটি পূর্ণ হইতে বিস্তারিতভাবে আলোচনা করিবেন বলিয়া লর্ডস অব লর্ডস্-এ আলোচনা দীর্ঘায়িত করার প্রয়োজন বোধ করা হইবে না। তাহাতে প্রতিবৎসর ইস্টারের ছুটির সময়ের মধ্যে বিলটি পাস করাইয়া লইতে পারিবেন।

গত জুলাই হইতে সেপ্টেম্বর এই তিন মাসের আতঙ্কজনক সংবাদের অবাধ্য কয়লা খনিগুলির উৎপাদন, বিক্রয় এবং মাসের হিসাব প্রকাশিত হইয়াছে। ঐ হিসাব হইতে দেখা যায় যে, উক্ত তিনমাসে সপ্তাহের আয়ের মাথাপিছু পরিমাণ হইয়াছে ৩১১.১৫০ পাউণ্ড। পূর্ববর্তী তিনমাসে কিন্তু উহার হইয়াছিল ১০ লক্ষ পাউণ্ড। এই বৎসরের শেষ ৩ মাসের হিসাবে অবশ্য উহার হইয়াছে ১.১৩১,০০০ পাউণ্ড। শেষের তিন মাসের আয়ের মাথাপিছু অতিরিক্ত বলা হইয়াছে যে, স্বাধীনকালীন ছুটি কমাই ঐক্যের উৎপাদন হ্রাস পাইয়া আয়ের মাথাপিছু দেখা দিয়াছে। ঐ ছুটির জন্য উৎপাদনের পরিমাণ, ব্যয় এবং বিক্রয় সমস্ত কিছুরই অধিক হইয়াছে

বোম্বাই

ইস্পাত আমদানির জন্য ভারত সরকারের প্রচেষ্টা—দেশে ইস্পাত উৎপাদন বৃদ্ধি করিবার জন্য টাটা ও ইণ্ডিয়া কর্পোরেশন অব কেমিক্যালের উদ্যম—"অমৃত" সরকারী ক্ষুদ্র প্রোগ্রাম—বিদেশ হইতে ইস্পাত আনার জন্য ট্রিপুক্ত ডেলিগেশনের বিদেশ যাত্রা—১লা এপ্রিল হইতে মজুতদার নিয়ন্ত্রণ পরিকল্পনা কার্যকরী করার জন্য বোম্বাই সরকারের চূড়ান্ত নির্দেশ।

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

বোম্বাই, ১৫ই সেপ্টেম্বর—বিদেশ হইতে ভারতে ইস্পাত আমদানির জন্য ভারত সরকার সর্বপ্রকার চেষ্টা করিতেছেন, কারণ আজও যে পরিমাণ ইস্পাত উৎপন্ন হয় তাহাতে ভারতের চাহিদা মিটান সম্ভব নহে এবং রাষ্ট্রের আর্থিক ও সৈন্যিক পুনর্গঠনের জন্য ভারতের ইস্পাতের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। কোন দিন সত্য না হইলে বুকরাই, কানাডা, ব্রিটেন, বেলজিয়াম এবং অষ্ট্রেলিয়া—পৃথিবীর এই পাঁচটি দেশ ভারতে ইস্পাত রপ্তানি করিতে সমর্থ হইবে। ভারতে বর্তমানে উৎপন্ন ইস্পাতের পরিমাণ ১০০,০০০ টন বলিয়া অনুমিত হয়, কিন্তু বর্তমানে ভারতের চাহিদা ১,৫০০,০০০ টনেরও বেশী। তাহার বর্তমান অবস্থায় ইস্পাতের উৎপাদন বৃদ্ধির সম্ভাবনাও বেশী নাই। টাটার কারখানাতে যে পরিমাণ লৌহ উৎপন্ন হয় তাহার সমস্তই ইস্পাত উৎপাদনে ব্যয় হইতেছে। সেই জন্য টাটা কোম্পানী যদি তাহাদের লৌহ উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করিতে পারেন তবে তাহারা কিছু বেশী পরিমাণ ইস্পাতও উৎপাদন করিতে পারিবেন। ইণ্ডিয়া কর্পোরেশন অব কেমিক্যাল কিন্তু, তাহাদের ইস্পাত উৎপাদনের পরিমাণ অনেক বৃদ্ধি করিতে পারেন, কারণ ইতিমধ্যে আয়রণ অ্যাণ্ড ষ্টীল কোম্পানী তাহাদের যে পরিমাণ লৌহ সরবরাহ করিতে পারেন, তাহার দ্বারা ইণ্ডিয়া কর্পোরেশনের ইস্পাত উৎপাদনের পরিমাণ দ্বিগুণ করাও সম্ভব। প্রকাশ, অল্প কিছু দিন হইতে সরকারের নিকট এই বাবদ অর্থ সাহায্যের জন্য আবেদন করা হইয়াছে এবং সরকারের নিকট তাঁহারা লৌহ ও ইস্পাত উৎপাদন বৃদ্ধি করার জন্য তাঁহাদের পরিকল্পনা দাখিল করিয়াছেন। কোম্পানীর তরফ হইতেও ঐরূপ একটি প্রস্তাব দাখিল করা হইয়াছে। এই দুই প্রতিষ্ঠানের প্রস্তাব সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, তাহা এখনও জানা যায় নাই।

যে যাহাই বলুক উক্ত প্রতিষ্ঠানগুলিকে যদি সরকার উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় অর্থদান ও সাহায্য করেন, তাহা হইলেও ভারতের চাহিদা মিটান সম্ভব হইবে না। বর্তমান সময়ে বিদেশী মাল আমদানি করা ছাড়া সরকারের পক্ষে আর কোন উপায় নাই। বিদেশী মালের সরবরাহের জন্য সরকার বর্তমানে যেসব ইস্পাতের উপর নিয়ন্ত্রিত ৮০ টাকা করিয়াছেন এবং এই সংক্রান্ত ব্যবস্থাগুলি সরকার

(বাকীটা ১৯৯ পৃষ্ঠায়)

ডানলপ

সুবর্ণ জয়ন্তী

১৮৯৮ - ১৯৪৮



৫০ বৎসরব্যাপী ক্রমোন্নতি

বিগত দিনের পথপ্রদর্শক-আগামী দিনের অগ্রনী

সঙ্কলন

বেতারী যুক্তরাষ্ট্রের অনাড়ম্বরে অভ্যর্থনার আয়োজন

সম্প্রতি এক সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী মঃ দিয়ালাদিয়ে বলেন যে, বেতারী যুক্তরাষ্ট্রের রাজধানীতে অভ্যর্থনার ও নিমন্ত্রণের ঘটাপটার সঙ্কোচ করিবার প্রস্তাব হইয়াছে। কারণ বেতারী ১৯৩৯ সনে প্যারিস আসিবেন এই আশা পরিত্যাগ করেন। প্রস্তাবটি তাঁহার সরকার সমর্থন করিয়াছেন।

ঘটাপটা কমিবার সম্ভাবনা সম্বন্ধে কেহই সন্দেহ করেন না। বেতারী যুক্তরাষ্ট্রের সরকার হইতে অভ্যর্থনার ব্যয় পূর্ব্বাপেক্ষা অনেক কমাইয়া দিবার প্রস্তাব করিয়াছেন। তাঁহার বলেন যে, উক্ত ঘটাপটার ব্যয়ের প্রতিবাদে ১৯৩৭ সনে মেয়রপদে নির্ব্বাচনের সময় ও পুনর্ব্বার ১৯৩৮ সনে নির্ব্বাচনে বিরোধী প্রার্থী যে বিষয়টি লক্ষিত করিয়াছেন, তাহা খুব আশ্চর্য্যজনক। তাঁহাদের প্রথম বর্ষ পূর্ত্তির অভ্যর্থনার ব্যয় সরকারী হিসাব-বহি ও পুরাতন পত্রিকা হইতে এবং বেতারী যুক্তরাষ্ট্র ও পুরাতন পত্রিকা ঐতিহাসিকদের নিকট হইতে বিশেষভাবে সংগৃহীত হইয়াছে।

তাঁহারা বলেন যে, ঘটাপটার ব্যয়ভার হ্রাস করিতে হইবে, তাহার সরকার ও পত্রিকা এই সরকার ঐতিহাসিকদের প্রস্তাব পূর্ণভাবে কার্য্যে পরিণত করিতে প্রস্তুত আছেন। তাঁহারা বলেন, পূর্ব্বের প্রথম কার্য্যে ইহাদের এই-রূপ যে প্রস্তাবে নিকট হইতে যথেষ্ট সাহায্য পাওয়া গিয়াছে। যথেষ্টসংখ্যক সরকারী কর্ম্মচারী অভ্যর্থনার ব্যয় হ্রাস করিবার জন্য বিশেষ চেষ্টা করিবেন। তাঁহারা বলেন যে, সরকারী ভবনে অভ্যর্থনার ব্যয় সঙ্কোচ করিতে হইবে। তাঁহারা বলেন যে, যে কোন ব্যক্তি সেখানে অভ্যর্থনা করিতে ইচ্ছা করেন তাঁহাকেই সেখানে সুবিধা দেওয়া হইবে।

অভ্যর্থনার ও নিমন্ত্রণের ঘটাপটা হ্রাস ও অনেক বিষয়ে অভ্যর্থনা উপযোগী। তবে কাহাকে কোথায় অভ্যর্থনা করা হইবে, তাহা লইয়া বিশেষ মতভেদ আছে। এখানে প্রচুর অভ্যর্থনা নিবাসের সম্ভাবনা আছে এবং তাহা আরও বৃদ্ধি করা যাইতে পারে। ঘটাপটার প্রচুর ব্যয় পাওয়া যায়। আবার কৃষকের পরিচ্ছদ ঘোষণায় সুবিধা সম্বন্ধে তাঁহার বলেন যে,—বর্জ্জমান ব্যবস্থায় সপ্তাহে ১ বার টিকার এবার ঘটাপটাতে চলাচল হয়। এ সম্বন্ধে তাঁহার সরকারের সাহায্য চাহিয়া ইয়াছে, টিকার চলাচল আরও বাড়াইতে উহারা চেষ্টা করিয়াছেন।

কলিকাতার ভিক্টোরিয়া মেমোরিয়ালে রক্ষিত বাঙ্গার চিত্রাবলী ও বেতারীর প্রতিমূর্ত্তি

রক্ষণ সম্বন্ধে

বৃদ্ধের সময় অভিনিবেশের জন্য কলিকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল হইতে কতিপয় মূল্যবান চিত্র ও প্রতিমূর্ত্তি নিরাপদ স্থানে রক্ষা করিবার ব্যবস্থা হইয়াছে। মূল্য হইতে ভিক্টোরিয়ার উপর কতিপয় সৈনিক অবস্থান পূর্ব্বাপেক্ষা অধিক। তাহারা সন্ধিস্থলে ও প্রবেশপথে সতর্ক দৃষ্টি রাখিবে। ভিক্টোরিয়ার প্রধান কার্য্যালয়ে ও বিভিন্ন স্থানে যে সকল মূল্যবান চিত্র ও প্রতিমূর্ত্তি আছে, তাহা নিরাপদ স্থানে রক্ষা করা হইবে। তাহারা এই পরিবর্ত্তনের সময়ে সম্পর্কে ভিক্টোরিয়া মেমোরিয়ালের পরিচালক কর্ত্তৃপক্ষ এবং পরিচালক ভিন্ন প্রতিনিধিরা উপস্থিত থাকিবেন।

বাজি চাউলের মূল্যবৃদ্ধি পরিবর্ত্তন না করার সিদ্ধান্ত

পাঞ্জাব কৃষি সরকার নিম্নোক্ত ঘোষণাটি প্রচার করিয়াছেন:—

চাউলের বর্ত্তমান মূল্যবৃদ্ধি সম্বন্ধে এই প্রতিষ্ঠান অবগত আছে। দুর্ভিক্ষ-তদন্ত (১৯৩৮-৩৯) কমিটির সরকারী রিপোর্ট হইতে তাহারা জানিতে পারিয়াছে যে, বর্ত্তমান মূল্যবৃদ্ধির মূলকারণ অত্যন্ত সামান্য অভাব। কৃষি প্রতিষ্ঠানের মতে, বৈদেশিক রপ্তানি ও আমদানি প্রতিযোগিতার মূল্য ও এবং চাউলের মূল্যের তুলনামূলক বিশ্লেষণ করিলে দেখা যায় যে, সরকার যদি চাউল রপ্তানি বন্ধ করার জন্য সরকার যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, তাহা আদৌ কৃষি করা প্রয়োজন নহে। ইহাতে বর্ত্তমান বাজার মূল্য অপেক্ষা মূল্য বৃদ্ধি পাইবে। এরূপ মূল্য বৃদ্ধি দেশের দুরবস্থাকে আরও বাড়াইয়া দিবে। সরকারের কর্ত্তব্য হইল মূল্য বৃদ্ধি করা। প্রধানতঃ ব্যবসায়ীদের পক্ষে যে পরিমাণ চাউল ক্রয় করা ও করিবার ব্যয় বৃদ্ধি পাইবে। ইহার ফলে সরকারী মজুত বৃদ্ধির সুযোগ পাওয়া উচিত। মূল্যোত্তরকালে দেশে যে আর্থিক বিপর্য্যয় দেখা দিয়াছে, চাউলের মূল্য বৃদ্ধি করিয়া তাহা দূর করা যাইবে না। সরকারের বক্তব্য হইল যে, চাউলের মূল্য হ্রাস করা প্রয়োজন।

ইহার সঙ্গে সঙ্গে ইহাও স্মরণ রাখিতে হইবে যে এই শাসনতন্ত্রের প্রতি সম্মান প্রদর্শন বা সমর্থন করার সঙ্গে সঙ্গে আমাদের দায়িত্বও বহুগুণ বাড়িয়াছে। উৎসব আনন্দের কোলাহল ও জয়ধ্বনির মধ্যে আমরা ইহাও যেন স্মরণ রাখি যে স্বাধীন জাতির এবং গণতন্ত্র অনুযায়ী সরকারের রাজনৈতিক দায়িত্ব অত্যন্ত অধিক। গণতন্ত্রের সফলতার জন্য জাতীয় যে শিক্ষা, সংযোগ ও পূর্ণতা ইত্যাদি চরিত্রগুণ প্রয়োজন তাহা বিশেষভাবে স্মরণ রাখিতে হইবে। ভারতের বহু ত্যাগী ও কর্মীর কর্মপ্রচেষ্টার ফলে বহু প্রাণের ও বহু ত্যাগের ফলে আমরা যে স্বাধীনতা লাভ করিয়াছি তাহা যেন আমাদের চরিত্রদোষের জন্য কলঙ্কিত না হয়। আনন্দ উল্লাস, জোশপূর্ণ, সঙ্গীত প্রবাহ ও ফুর্তি ভোজনের মধ্যে স্বাধীন ভারতের সরকার যেন এই প্রতিজ্ঞাই গ্রহণ করে যে ভারতকে জগৎসভায় জ্ঞানে গরিমায় শক্তিতে উচ্চ আসন দান করিবার যাহার আমরা প্রতি ভারতবাসীই গ্রহণ করিব এবং প্রয়োজন হইলে সর্বপ্রকার ত্যাগ করিতেও কৃতসংকল্প হইব। যদি কোন কারণে এই দেশের স্বাধীনতা বিপন্ন হয় বা এই মহানদেশের অগ্রগতির পথে কোন বাধা উপস্থিত হয় তাহা হইলে ভারতবাসী চরম ত্যাগ করিতে দ্বিধাবোধ করিবে না। এই প্রতিজ্ঞা লইয়াই আমরা ২৬শে জানুয়ারীকে সম্বর্ধনা জানাইব।

"বন্দেমাতরম্"।

প্রথম প্রজাতান্ত্রিক বাজেট

আগামীকল্য নূতন শাসনতন্ত্রের উদ্বোধনে ভারতীয় সার্বভৌম প্রজাতন্ত্রের প্রতিষ্ঠা দিবস। আর্থিক পরে ফেব্রুয়ারী মাসের শেষ দিনে ভারতীয় প্রজাতন্ত্রের প্রথম বাজেট কেন্দ্রীয় আইন পরিষদে উত্থাপিত হইবে। বাজেট রচনার কাজ প্রকৃতপক্ষে জানুয়ারী মাস হইতে শুরু করিয়া তথ্য, নীতি ইত্যাদির দ্বারা সমৃদ্ধ হইয়া ক্রমে ক্রমে বাজেট প্রস্তাবের চূড়ান্ত রূপ পরিগ্রহ করিয়া থাকে। বাজেট রচনার কাজ নিঃসন্দেহে দুরূহ। ইহার মধ্য দিয়াই জাতীয় অর্থনৈতিক সবলতা দুর্বলতা, উন্নতি-অবনতি ও সাফল্য-পরাজয়ের সূচিত হয়। ইহাকে এক কথায় জাতীয় অর্থনীতির নিখুঁত চিত্র বা প্রতিফলন বলিয়া আখ্যাত করা যায়। এক্ষেত্রে অথবা ও নীতির ভ্রান্তি সমগ্র জাতীয় অর্থনীতিকে এক চরম দুর্বিপাকের মধ্যে ঠেলিয়া দিতে পারে।

তদুপরি বাজেট রচনার পূর্ববর্তী সময়ে দেশের সকলেরই কিছু-পরিমাণ উৎসুক ও আগ্রহ প্রতীক্ষা ইহার সম্ভাব্য রূপ সম্পর্কে নানা আলাপ আলোচনা ও তর্ক বিতর্কে প্রবৃত্ত হইয়া থাকে। স্বাধীন প্রজাতন্ত্রের দশপ্রথম বাজেট বিশেষে ইহার গুরুত্ব সমধিক।

অবশ্য এই আলাপ-আলোচনার ভিত্তিভূমিতে বিগত বৎসরের সাফল্য ও পরাজয়ের ক্রীড়া চলে। সেইদিক হইতে বিচার করিলে আমরা গত বৎসরে যাহা পূর্বে বে আলোচনা করিয়াছিলাম বৎসরান্তে তাহাই বলাবাহুল্য সত্য বলিয়া প্রমাণিত হইয়াছে। সাম্প্রিক প্রতিক্রিয়া হিসাবে আমরা যাহা বলিতে চাহিয়াছিলাম তাহা হইতেছে "ডাঃ মাথাই জনসাধারণ ও অর্থনীতি উভয়কেই সন্তুষ্ট করিতে চেষ্টা করিয়াছেন বটে, কিন্তু তাঁহার বাজেটের যে প্রতিক্রিয়া দেখা যাইতেছে তাহাতে ইহাই পরিস্ফুট যে ব্যবসায়ীরা তেমন সন্তুষ্ট হয় নাই, জনসাধারণ তো ক্ষুব্ধই হইয়াছে।"

গত ২২ই ডিসেম্বর এসোসিয়েটেড চেম্বার অফ কমার্সের বার্ষিক অধিবেশনে অভিভাষণ প্রসঙ্গে ডাঃ মাথাই মুদ্রাস্ফীতি ব্রাসের কালীন উন্নতিতে 'অবশেষে আর্থিক সঙ্কটত্রাণের' চিত্র সমর্থনে আশাবাদ ব্যক্ত করিয়াছেন, তাহাই বাস্তব অবস্থা কিনা বিচার সাপেক্ষ। দেশের প্রত্যেক স্তরে যে 'আর্থিক সংকট'এর কথা প্রতিদিন ধ্বনিত ও প্রতিধ্বনিত হইয়াছে তাহা শুধু হওয়া তো দূরের কথা বরং তাহা এখনও প্রতিনিয়ত আরও ভয়ানক ও মারাত্মক হইয়াছে। ব্যবসায়ী ও ধনীদের কোনরকমেই মনস্তুষ্ট বা বিরূপ না করার নীতি লইয়া, এমন কি বহু-ঘোষিত জাতীয়করণ নীতি পরিত্যাগ করিয়াও জাতির আর্থিক জীবন গঠনে বা পুনর্গঠনে ইহাদের কোনরকম সহায়তা ও সহযোগিতা পাওয়া যায় নাই; একের পর এক সুবিধাদান সত্ত্বেও ইহাদের জাতীয় কার্যক্রমের মধ্যে টানিয়া আনা সম্ভবপর হয় নাই। ঐ দিকে জনসাধারণের জীবন ধারণের মান নিম্ন হইতে নিম্নতর হইয়াছে, দ্রব্যমূল্য হ্রাসের কোন প্রচেষ্টাই আশানুরূপ সাফল্য লাভ করে নাই বরং মূল্যসূচকের কৃত্রিম হ্রাস দর্শাইয়া বিভ্রান্তির সৃষ্টি করা হইয়াছে, বিলম্বিত ও ছাঁটাইয়ের দরুণ বেকার-সংখ্যা বিপুলভাবে বর্দ্ধিত হইয়াছে, নানান পরিকল্পনা হয় শুরুতে না হয় মধ্যপথে অর্থের অভাবে পরিত্যক্ত হইয়াছে বা স্থগিত রহিয়াছে, শিল্পের কাঁচা মালের সংকট পূর্বাপেক্ষা বহুগুণ বর্দ্ধিত হইয়াছে ও জনসাধারণের অসন্তোষ আরও তীব্রতর হইয়াছে।

ইহাকেই যদি সঙ্কটত্রাণের প্রাথমিক সূচনা বলিয়া অভিহিত করা যায় তবে সঙ্কট আর কাহাকে বলে জানি না; তবে গত বৎসরের সকল প্রয়াসই অবিমিশ্র বিফলতায় ও চরম ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে, কোন ক্ষেত্রেই কোন উন্নতি বা আশার আলোকপাত ঘটে নাই আমরা বলিতে চাহি না। বৎসরের প্রথম বহু মাসে পরিব্যাপ্ত প্রতিকূল গতি শেষের তিন মাসে অনেকটা অনুকূল গতিতে রূপান্তর লাভ করিয়াছে এবং বহুক্ষেত্রেই উন্নতির মূল লক্ষণাদি প্রকাশ পাইয়াছে।

আমাদের বৈদেশিক বিনিময় ব্যাপারের অবস্থা সন্তোষজনক বলিতে হইবে। ছয়মাস পূর্বে লণ্ডনে অনুষ্ঠিত অর্থসচিব সম্মেলনের ফলে যে ডলার ও ষ্টার্লিং আমাদের পাওনা বাবত বরাদ্দ হয় তাহা অবাধিত অবস্থায় আছে, ফলে আমাদের ষ্টার্লিং বরাদ্দ জুলাই মাসের ৪২০ কোটি টাকার স্থলে ডিসেম্বর মাসে ৪২৬ কোটি টাকাতে দাঁড়ায়। আমদানির ক্ষেত্রে কৃচ্ছ্রতাই এই কয়েক মাসের সর্বপ্রধান ঘটনা। ১৯৪৮ সালের ৩১শে ডিসেম্বর হইতে ১৯৪৯ সালের ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত রিজার্ভ ব্যাঙ্কের বহির্দেশের ষ্টার্লিং জমা ২৩৭.৮৪ কোটি টাকা হ্রাস পায়। কিন্তু ১৯৪৯ সালের ৩০শে সেপ্টেম্বর হইতে ১৯৫০ সালে ১৩ই জানুয়ারী পর্যন্ত ব্যাঙ্কের উক্ত বহুত ৪২.৭৪ কোটি টাকা বৃদ্ধি পায়। রিজার্ভ ব্যাঙ্কের এই বহুত বৃদ্ধির মূলে সম্ভবতঃ মুদ্রা অবমূল্যায়নের সুফলই বর্তাইয়াছে। বাজারের পাটজাত দ্রব্য হস্তগত করিবার ফলে এবং দ্রুতর মুদ্রাস্ফীতি বিশেষ করিয়া চা ও বস্ত্রের চাহিদা বৃদ্ধি পাওয়ায় দীর্ঘকাল পরে বাণিজ্যিক লেন-দেনে আনুকূল্য সঞ্চারিত হইয়াছে। গত নভেম্বর ও ডিসেম্বর মাসে যথাক্রমে ৮১ কোটি ও ১৪.৯২ কোটি টাকার বাণিজ্যিক উদ্বৃত্ত দাঁড়ায়। ইহা সর্বাংশেই প্রশংসনীয়, কেননা আমাদের প্রতিকূল বাণিজ্যিক ঘাটতির পরিমাণ বাৎসরিক ২৫০ কোটি টাকার কম ছিল না।

লণ্ডনের সরকারী কর্তৃপক্ষের যেখানে দুর্যোগ দেখা দিয়াছে, সেক্ষেত্রে ভারতীয় কর্তৃপক্ষের স্থিতি সুদৃঢ় হইয়াছে। রিজার্ভ ব্যাঙ্কের হিসাবপত্রে দৃষ্ট হয়, গত সেপ্টেম্বর মাস পর্যন্ত ৭.৫৩ কোটি টাকার সরকারী কর্তৃপক্ষ ক্রয়-বিক্রয় হইয়াছে। বস্ত্র বেসরকারী কর্তৃপক্ষের চাহিদা এত প্রবল যে সরকার এই সপ্তাহে ২৫০ সুদের (১৯.৫) ১৫ কোটি টাকার ঋণপত্র বাজারে ছাড়িবার মনস্থ করিয়াছেন।

শিল্প বিভাগে বিভিন্ন ক্ষেত্রের মধ্যেও উন্নতি ঘটিয়াছে। ১৯৪৯ সালের জুলাই মাসের মূল্যের অনুপাতে বর্তমানে ৫০-৫৫ শতাংশ মূল্য বৃদ্ধি ঘটিয়াছে।

রাজস্বের দিক হইতেও আশাপ্রদ আদায় হইয়াছে। কেন্দ্রীয় রাজস্বের অনুমিত ৩২০ কোটি টাকার আদায় হইবে বলিয়া মনে হইতেছে। চলতি আর্থিক বৎসরের প্রথম ৮ মাসের আদায়ী হিসাব বিশ্লেষণে সন্তোষজনক [illegible] এই কয়মাসে শুল্কখাতে ৮৮ কোটি টাকা; কেন্দ্রীয় আবগারী খাতে ৪৪ কোটি টাকার স্থলে ৪৮ কোটি টাকা আদায় হইয়াছে। আয়কর খাতে বাঁধা রাজস্ব অপেক্ষাও বেশী আদায় হইবে বলিয়া অনুমিত হইতেছে। বেলওয়ে হইতে আশানুরূপ প্রাপ্তি ঘটিবে।

ব্যয়ের খাতে এখনও চূড়ান্ত কিছু নির্দিষ্ট করা কঠিন। বর্তমানে চতুর্দিকে টাটাই, জাতীয় ঋণ সঙ্কোচের চেষ্টা এবং কাশ্মীর ও পুনর্গঠন খাতে ব্যয়ে অনির্দিষ্টতা বিদ্যমান রহিয়াছে।

বিগত বৎসরের উপরোক্ত অর্থনৈতিক পরিপ্রেক্ষিতে ও নববর্ষের সম্ভাব্য অগ্রগতির ভিত্তিতেই নূতন বাজেট রচিত হইবে। অর্থমন্ত্রিত সমস্যাসমূহের কেন্দ্রীয় ও আগামী বৎসর সমস্যার হিসাব করিয়া দেশের অর্থনৈতিক কাঠামোকে এমনভাবে চালিয়া সাজাইয়া নীতি ও কার্যক্রম গঠন করিতে হইবে যাহাতে ১৯৫০-৫১ সাল সত্যই নূতন ও জাতীয়তার গৌরবোজ্জ্বল নববর্ষের অধিকারী হয়।

স্বাধীনতা লাভের আড়াই বৎসর পর ভারতীয় প্রজাতন্ত্রের উদ্ভবের সঙ্গে সঙ্গে প্রথম অর্থসচিব ডাঃ মাথাইয়ের উপর যে দায়িত্ব ন্যস্ত হইল, তিনি উপযুক্তভাবে ও যোগ্যতার সহিত তাহা প্রতিপালন করিবেন, ইহাই দেশবাসীর আশা। তবে ডাঃ জন মাথাইয়ের আগামী বাজেট সম্পর্কে যে সব সংবাদ প্রচার লাভ করিয়াছে তাহাতে উহা 'ব্যবসায়ীদের বিশ্বাস অর্জনের' দিকেই অধিকতর বিন্যস্ত হইবে বলিয়া অনুমিত হইতেছে। সেইদিক হইতে সরকারী প্রধান শ্রী বল্লভভাই প্যাটেলের সহিত বোম্বাই, বরাবিল্লী ও কলিকাতার শিল্পপতি ও ব্যবসায়ীপ্রধানদের আলাপ আলোচনাকে প্রাথমিক কার্যালয় বলিয়া অভিহিত করা যায়। জাতীয় অর্থনীতির উন্নয়নের মূলধন গঠনের অনিবার্যতা কেহই অস্বীকার করিবে না। তাহাতে জনস্বার্থকে ও দেশের সামগ্রিক কল্যাণকে উপেক্ষা করিয়া জাতীয় অর্থনীতিক ইহাদের বলে বলীয়ান যাহা দেশহিতৈষী মাত্রই সমর্থন করিবে না। ব্যবসায়ী ও শিল্পপতিরা সরকারের অসহায়তা লক্ষ্য করিয়া বিপুল আকারে করফাঁকির চাপ দিতেছে এবং এই আশা করিতেছে যে আগামী বাজেটে তাহাদের স্বার্থের পরিপুষ্টি সাধনে ব্যাপৃত হইবে। অথবা তাহারা অসহযোগিতারূপী বর্শাঘাত চালাইতে থাকিবে।

আমাদের বক্তব্য হইতেছে আগামী বাজেটে যদি কোন শ্রেণীকে কোন সাহায্য করিতেই হয়, তবে তাহা দুর্দশাগ্রস্ত মধ্য শ্রেণীরই প্রাপ্য। এই মধ্যশ্রেণীর সক্রিয়সূত্র তাই মূলধন গঠনের প্রধান অঙ্গ না হইলেও অন্যতম বাহন। ইহাদের জীবনযাত্রার উন্নয়নের ও জীবিকার পথ প্রশস্ত হইলেই সংক্রান্ত অর্থনৈতিক কাঠামোর কল্যাণপ্রসূ উন্নতি বিধান হইবে।

প্রাসঙ্গিক

নূতন বস্ত্র নীতি

[illegible] সংবাদপত্রে প্রকাশ যে ভারত গবর্ণমেণ্ট বস্ত্রের মূল্য নিয়ন্ত্রণের যে নূতন নীতি অবলম্বন করিয়াছেন তাহার ফলে বস্ত্রের মূল্য হ্রাস পাইবে। এই সংবাদে দেশের লোক আনন্দিত হইয়াছে। কিন্তু নূতন নীতির প্রকৃত মর্ম্ম কি, তাহা এখনও জানা যায় নাই। সরকার বস্ত্রের মূল্য হ্রাস করিবার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিবেন, তাহা এখনও প্রকাশ করা হয় নাই। সুতরাং এই সংবাদে কাপড়ের মূল্য কতটা হ্রাস পাইবে, তাহা এখনও বলা যায় না। তবে সরকার যে বস্ত্রের মূল্য হ্রাস করিবার জন্য চেষ্টিত হইয়াছেন, ইহা আনন্দের কথা। [illegible] সংবাদপত্রে প্রকাশ, ভারত গবর্ণমেণ্ট বস্ত্রের মূল্য হ্রাস করিবার জন্য যে নূতন নীতি অবলম্বন করিয়াছেন, তাহার প্রধান কথা হইতেছে—বস্ত্রের মূল্য নির্দ্ধারণ করিবার জন্য একটি কমিটী গঠন করা। এই কমিটী বস্ত্রের মূল্য হ্রাস করিবার জন্য কি কি উপায় অবলম্বন করিবেন, তাহা এখনও প্রকাশ করা হয় নাই। সরকার বস্ত্রের মূল্য হ্রাস করিবার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিবেন, তাহা এখনও প্রকাশ করা হয় নাই। সরকার বস্ত্রের মূল্য হ্রাস করিবার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিবেন, তাহা এখনও প্রকাশ করা হয় নাই।

[illegible]

[illegible]

[illegible]

অর্থনৈতিক

চিরবিবদমান দুই ডমিনিয়ন

[illegible] যে ইউনাইটেড কমার্শিয়াল ও ব্যাঙ্ক ১৯৩ ইন্ডিয়ার লাভের পরিমাণ পূর্ববর্তী বৎসরের তুলনায় কিছুটা হ্রাস পাইয়াছে। কিন্তু বিশেষ চিন্তাকারণ পাওয়া যায় নাই বলিয়া মোট কারণ বর্ণনা করা সম্ভব নহে।

লাভের পরিমাণ

বৎসর	১৯৪৩	১৯৪৮
ইম্পিরিয়াল	১,৮৩ কোটি	১,৯৯ কোটি
ইউনাইটেড কমার্শিয়াল	৩৮.৫ লক্ষ	৩৩৭৮ লক্ষ
ব্যাঙ্ক অব ইন্ডিয়া	১৩,৫৯ "	১৩,৫৫ লক্ষ
ব্যাঙ্ক অব বরোদা	২৪,৬৭ "	২৬,৬৭ লক্ষ
[illegible] ব্যাঙ্ক	১,২২ কোটি	৯৯,১৯ লক্ষ
[illegible]	৭৮ ইন্ডিয়া	

[illegible] হইতে অন্ত সরকার পূর্ববর্তী [illegible] ১৪ কোটি টাকার অপসরণের [illegible] তাহাতে কলিকাতার [illegible] বাজারে কোন বিশেষ প্রতিক্রিয়া [illegible] নাই। তবে অনেকের মতে উহাই [illegible] সরকারের মূলত দুরভিসন্ধি প্রহরের [illegible] অবশ্য ১৫ কোটি টাকা সরকারের [illegible] তুলনায় কিছুই নহে। তবে অনেকে [illegible] করিয়াছেন যে সরকার যা হাতে [illegible] পুঁজিবাজার অন্তই সন্দেহজনক ভাবে এই [illegible] আবেদন করিয়াছেন।

কিন্তু এই বিষয়ে মন্তব্য করিবার দিবে এই [illegible] মাসের মাঝেই আমেরিকা অর্থনৈতিক মিশন [illegible] করিয়া কলিকাতার বণিক-সভায় বক্তৃতা করিয়াছিলেন এবং এত শীঘ্রই [illegible] এত পরিবর্তন করিবেন বলিয়া মনে [illegible] কারণ খুঁজিয়া পাওয়া যাইতেছে না। সরকার [illegible] মূলত মুদ্রা নীতি এখন [illegible] কিনা তাহা আগামীতে হইতে পরিষ্কার বুঝা যাইবে।

আলোচ্য সপ্তাহে টাকার বাজারে সচ্ছলতা অপরিবর্তিত ছিল এবং টাকার চাহিদার তুলনায় যোগান-পরিমাণ যথেষ্ট হওয়ায় প্রায়ই দেখা গিয়াছিল। বিনিময়ের বাজারে কর্মহীনতা লক্ষ্য করা যায় এবং বিল বাবদ কিছু মুদ্রা প্রেরিত হওয়া ছাড়া আর কিছু হয় নাই।

গত ১৩ই জানুয়ারী যে সপ্তাহে শেষ হইয়াছে সেই সপ্তাহে রিজার্ভ ব্যাঙ্কের যে হিসাব-নিকাশ প্রকাশিত হইয়াছে তাহাতে দেখা যায় যে চলতি নোটের পরিমাণ ৩ কোটি ইহার পরিমাণ ক্রমবর্ধমানভাবে বৃদ্ধি পাইয়াছে। নোট ইস্যুর পরিমাণ ১.৫৪ কোটি টাকাবৃদ্ধি পাইয়া ১,১০৩,১১ টাকা হইয়াছে এবং চলতি নোটের পরিমাণ ১,৩২ কোটি টাকা বৃদ্ধি পাইয়া ১,১৮৩.৮৮ কোটি টাকা হইয়াছে। ফলে ব্যাঙ্কিং বিভাগে রক্ষিত নোটের পরিমাণ ১.৬২ কোটি টাকা বৃদ্ধি পাইয়া ১৪,৬৯ কোটি টাকা হইয়াছে। ব্যাঙ্কে রক্ষিত রৌপ্য মুদ্রার পরিমাণ হ্রাস পাইয়া ৫৩,৯৮ কোটি টাকার স্থলে ১৩,৯১ কোটি টাকা হইয়াছে।

গত সপ্তাহে ও অন্যান্য সপ্তাহের অন্যান্য পরিমাণে আলোচ্য সপ্তাহে বৃদ্ধি পাইয়া যথাক্রমে ১৪৯,১৪ কোটি টাকা ও ৫৭,২১ কোটি টাকা হইয়াছে। অন্যান্য সাধারণ ব্যাঙ্কগুলির অন্যান্য পরিমাণ ১০৭৯ কোটি টাকা হ্রাস পাইয়া ৪৯০, ২৪ কোটি টাকা হইয়াছে। আলোচ্য মধ্যে এই আলোচ্য সপ্তাহে ব্যাঙ্কগুলির টাকার চাহিদা অনেক বৃদ্ধি পাইয়াছিল। বিভাগে রক্ষিত অন্যান্য পরিমাণ ৫.৩৪ কোটি টাকা হ্রাস পাইয়া ৯০২, ৮৮ কোটি টাকা হইয়াছে। অন্যান্যদের পরিমাণ ৩.৬৬ কোটি টাকা হ্রাস পাইয়া ৮৬.৭১ কোটি টাকা হইয়াছে। গত ১৩ই জানুয়ারী যে সপ্তাহে শেষ হইয়াছে সেই সপ্তাহে ভারত সরকারের ৪,১৯,৫০,০০০ টাকার ঘাটতি-পত্র বিক্রয় বাবদ বিক্রয় করা হইয়াছে।



প্রগতির পথে

ভারতের সীমান্তের সঙ্গে যোগসূত্র স্থাপনে ইস্পাত

ত্রিপুরার চন্দ্রপুর রেলপথে সুড়ঙ্গ

আসাম ও ভারতীয় ইউনিয়নের মধ্যে রেল-গাড়ী চলাচলের জন্য ভারতভূখণ্ডের মধ্য দিয়ে ১৯২২ মাইল লম্বা একটি নতুন মিটার গেজ লাইন খোলা হয়েছে। নির্দিষ্ট সময়ের অনেক আগেই এর নির্মাণকার্য শেষ হয়েছে।

১৯৮ লাইনে ভায়াডাক্ট তৈরি করার জন্য ৪১০৪ মেট্রিক টনেরও অধিক পুল তৈরি করা হয়েছিল।

এই সাফল্যের মূলে রয়েছে ৭০০০ টন ভারতীয় ইস্পাত। এ ছাড়াও রেল-লাইন ও অন্যান্যভাবে ব্যবহৃত ইস্পাত তো আছেই।

প্রথম রেলগাড়ী আসছে।

টাটা ইস্পাত

টাটা আয়রন এণ্ড টীল কোম্পানী লিমিটেড, হেড অফিস: ২০বি, বেন্টাঙ্কী মুকার্জি রোড, কলিকাতা

সংবাদ সংকলন

ভারত সরকারের খাদ্যনীতি

গত বৎসর বিদেশ হইতে ৩৫০ লক্ষ টন খাদ্য আমদানী করা হইয়াছিল। কিন্তু বর্ত্তমান বৎসরে এই আমদানীর পরিমাণ হ্রাস করিয়া ১৫ লক্ষ টনে স্থির করাইবার নিমিত্ত খাদ্য সচিব সম্প্রতি দিল্লীতে গুদাম নির্ম্মাণ করিয়াছেন। ভারত সরকারের এই পরিকল্পনার বিরোধিতা করিয়া ও উপরোক্ত প্রস্তাব পরিত্যাগ করিবার জন্য তিনি অনুরোধ করিয়াছেন। এই বিষয়ে গুদাম নির্ম্মাণের অনেকেই আপত্তি করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন যে, ইহার ফলে সারা দেশে লক্ষ লক্ষ মণ খাদ্যশস্য পচিয়া নষ্ট হইবে।

এই ব্যাপারে [illegible] ভারত সরকারের [illegible] আশঙ্কা হইতেছে। সেইজন্য সরকার কেন্দ্রীয় [illegible] বিভাগের এই কার্য্যে পরিবর্ত্তন আনিয়া [illegible] করিয়া পুরণ করা হইবে বলিয়াছেন [illegible]

[illegible] কেন্দ্রীয় সরকারের নিকট [illegible] লক্ষ টন খাদ্যশস্য চাহিয়াছেন। কিন্তু তাঁহাদের দাবীর পরিমাণের ৫৫ লক্ষ [illegible] হইবে। [illegible] হইতে কোনরূপ সাহায্যই পাওয়া [illegible]

আমদানী সম্বন্ধেও পূর্ব্বে তাঁহাদের ১৫৫ লক্ষ হইতে পাঁচশত হাজার টন খাদ্যশস্য কেন্দ্রীয় সরকারের হস্তে অর্পণ করিবেন বলিয়া আশা দিয়াছিলেন, কিন্তু আজ পর্য্যন্তও এরূপ আশ্বাস [illegible] হইতেছে যে, তাঁহাদের সেরূপ টন [illegible] কেন্দ্রীয় সরকারের হাতে আসিয়া পৌঁছিবে। কেন্দ্রীয় সরকারের হাতে মোট মুদ্রিত লক্ষ টন খাদ্যশস্য সঞ্চয় করিয়া [illegible] হইবেন। এই মুদ্রিত লক্ষ টনের মধ্যে বিদেশ হইতে আমদানী করা হইবে ১৫৫ লক্ষ টন আর বাকী [illegible] হইতে সংগ্রহ করা হইবে বাকী লক্ষ টন।

কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই কিছিন্দিক লক্ষ লক্ষ টন যব আর্জ্জেন্টাইন হইতে আমদানীর ব্যবস্থা করিয়াছেন। আর্জ্জেন্টাইনের সহিত গত নভেম্বর মাসেই চুক্তি সম্পাদিত হইয়াছে। আর্জ্জেন্টাইন হইতে যবের চুক্তি সম্পাদিত হইবে বলিয়া আশা করা যাইতেছে। এ ছাড়া ভারত সরকার ইরাক হইতে প্রায় এক লক্ষ টন চাউল আমদানীর প্রস্তাব করিয়াছেন।

এই সম্পর্কে বাণিজ্য সংগ্রহ লিখিত উক্তি ভারতের নিকটস্থ দুর্ভাগ্য বর্ণনা করিয়াছে বলিয়া প্রকাশ। যাহাতে অন্ধ-অন্নিতের দুরবস্থা বন্দরের ভেদে এ বৎসর অধিক পরিমাণে বাণিজ্য সংগ্রহ করিতে বলা হইয়াছে। কেন্দ্রীয় সরকার সব অন্তর্ভাগে প্রেরণ করিয়া প্রাদেশিক সরকারকে বাণিজ্য সংগ্রহের ব্যাপারে সাহায্য করিবার প্রস্তাব করিয়াছেন।

এ বৎসর বিভিন্ন প্রদেশ ও উপনিবেশ হইতে ৫১ লক্ষ টন খাদ্যশস্য সংগৃহীত হইবে বলিয়া আশা করা যাইতেছে। গত বৎসর সংগৃহীত হইয়াছিল ৩১ লক্ষ

ঋণিকাপিত্তের উদ্বৃত্ত

১৯৪২ সালের ডিসেম্বর মাসে ভারতের ঋণিকাপিত্তের হিসাব হইতে দেখা যায় যে, উক্ত মাসে মোট ১৯ কোটি ৩১ লক্ষ টাকার পণ্য রপ্তানি হয় এবং আমদানি হয় ৩৪ কোটি ৫৭ লক্ষ টাকার পণ্য। সুতরাং এই সময়ে ঋণিকাপিত্তে মোট ১৫ কোটি ২৫ লক্ষ টাকা উদ্বৃত্ত থাকে।

বৎসর মাসে বাণিজ্য উদ্বৃত্তের পরিমাণ ছিল ৮ কোটি ৬০ লক্ষ টাকা। কাজেই ডিসেম্বর মাসে উদ্বৃত্তের পরিমাণ বেশই বাড়িয়া যায়। ১৯৪১ সালে নভেম্বর মাসের পূর্ব্বে পর্য্যন্ত ঋণিকাপিত্তে ঘাটতি ছিল। গত দে মাসে ঘাটতির পরিমাণ ১৩ কোটি ৬৮ লক্ষ টাকা পর্য্যন্ত উঠে।

প্রকাশ, এই রপ্তানি বাণিজ্যে নভেম্বর মাসের তুলনায় ডিসেম্বর মাসে যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হয়। নভেম্বর মাসে মন্থ রপ্তানির মোট পরিমাণ ছিল প্রায় ৯ কোটি ৪৫ লক্ষ গজ। ডিসেম্বর মাসে মন্থ রপ্তানির পরিমাণ দাঁড়ায় প্রায় ৭ কোটি ৫০ লক্ষ গজ। পাইজাত দ্রব্য রপ্তানির পরিমাণ নভেম্বর মাসে ছিল ৭৯,৫০০ টন, ডিসেম্বর মাসে উহা ৬৫,০০০ টনে দাঁড়ায়।

ভারতের ঋণিকাপিত্তে এপ্রিল হইতে ডিসেম্বর মাস পর্য্যন্ত মোটের উপর ১১৯ কোটি ৮৩ লক্ষ টাকা ঘাটতি দাঁড়াইবে বলিয়া মনে হয়।

কলিকাতার বাণিজ্য তথ্য ও পরিদর্শনের পরিষদ কর্ত্তৃক প্রচারিত একটি বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, ১৯৪৯ সালে ডিসেম্বর মাসে সরকারী ও বেসরকারী খাতে ভারতে মোট আমদানির পরিমাণ নিম্নরূপ ছিল:—

সরকারী পণ্য রপ্তানি—৪১ কোটি ১ লক্ষ টাকা, আমদানী অন্য রপ্তানি—৮৫ লক্ষ টাকা এবং আমদানী—৫৫ কোটি ৭৫ লক্ষ টাকা। মোট রপ্তানি ৮৯ কোটি ৮০ লক্ষ টাকা।

বেসরকারী রপ্তানি—৯লক্ষ টাকা এবং আমদানী—৯৯ লক্ষ টাকা।

মোট ঋণিকাপিত্তে আমদানী অপেক্ষা রপ্তানির পরিমাণ ১৯ কোটি ৬৯ লক্ষ টাকা বেশী দাঁড়ায়।

ভারতীয় লাক্ষার স্থান নির্দ্ধারণ

ভারত সরকারের শিল্প ও সরবরাহ সচিব ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জি এইরূপ আশা প্রকাশ করিয়াছেন যে, বর্ত্তমানে অক্ষের উপনিবেশে বিক্রয়-কর যাহা আছে তাহা তুলিয়া দিয়া উহার পরিবর্ত্তে রপ্তানি শুল্কের ব্যবস্থা করা হইবে এবং এই খাতে লব্ধ অর্থ অন্ধ্র সরকারের পরিষদ প্রতিষ্ঠার কাজে ব্যয়িত হইবে।

ডাঃ মুখার্জি অন্ধ্র ও লাক্ষা সম্মেলন দুইটী আনুষ্ঠানিক বক্তৃতায় লক্ষ্য বৈঠকের উদ্বোধন করেন। ভারতীয় লাক্ষা বিস্তারণ প্রতিষ্ঠান কর্ত্তৃক এই বৈঠক আহূত হইয়াছে। ডাঃ মুখার্জি আরও বলেন যে, রঙ্গিনের লক্ষ্য বিক্রয় ও পরীক্ষা বিভাগ লাক্ষা-রঙ্গ গবেষণার সহিত যুক্ত হইয়া সম্প্রসারণের আরও হইতে প্রচেষ্টাগুলির সহিত লাক্ষার জন্যে ভারতীয় মান অনুযায়ী যথোচিত ভাবে পরীক্ষার পর 'আগমার্ক' দেওয়ার পরিকল্পনা কার্য্যকরী করার বিষয় বিবেচনা করিবেন।

তিনি বলেন, বর্ত্তমানে সরকার লক্ষ্যের উপর 'আই এম আই' চিহ্ন দেওয়ার সম্পর্কে আইন প্রণয়নের বিষয় পর্য্যালোচনা করিতেছেন। ইহার ফলে দেশের উৎপাদকেরা বিদেশের সুনাম আই-এম-আই চিহ্ন দিতে পারিবেন এবং ক্রেতারা এই বিষয়ে নিশ্চিন্ত হইতে পারিবেন যে, উক্ত চিহ্নাঙ্কিত দ্রব্যগুলির সহিত ভারতীয় মানের সঙ্গতি রহিয়াছে।

ডাঃ মুখার্জি বলেন যে, লাক্ষা এবং অন্ধ্র বিদ্যা ভারত পর্য্যাপ্ত পরিমাণে উৎপাদন করিয়া থাকে এবং ঐ বাবদে ভারতের প্রায় আড়াই কোটী টাকার আয় হয়।

অধিবেশনে সভাপতি সিং যোষণা করেন যে, বিদেশে প্রেরণের উপযোগী মালা ও লাক্ষার ঘনত্বের নির্দ্ধারণ সম্পর্কীয় আইনকানুন ভারত সরকারই জারী করিবেন। তিনি বলেন যে এই বিষয়ে ভারতীয় লাক্ষক সমিতি ও ভারত সরকারের বৃষ্টি বিভিন্ন পুরে আকৃষ্ট হওয়ায়, সরকা-

যেই উদ্দেশ্যে ব্যবস্থা অবলম্বনের সিদ্ধান্ত করিয়াছেন।

কয়েক বৎসর পূর্বেও ভারত বিদেশে বাজারে শতকরা ১০ ভাগ লাভে সরবরাহ করিত। কিন্তু অতিরিক্ত মূল্যবৃদ্ধি, রাসের অবনতি, বিলম্ব ডুবারে ও বড় লাভার অভাবের জন্য গত কয়েক বৎসর যাবৎ উহার রপ্তানির পরিমাণ বহুই হ্রাস পাইয়াছে। সেজন্য পুনরায় রপ্তানীর পরিমাণ বৃদ্ধি করার উদ্দেশ্যে উহার উৎপাদন বাড়ান আবশ্যক।

দ্বিতীয় একটি উদ্দেশ্য হইল আমদানীকারী দেশসমূহকে। গত ১৯২৭-২৮ সনে ভারত হইতে বিদেশে ৩ কোটি টাকার লাক্ষা রপ্তানী হয়; এবৎসর আমেরিকার যুক্তরাষ্ট্রই প্রেরিত হয় ৪ কোটি ৬০ লক্ষ টাকার লাক্ষা।

পাট সংক্রান্ত গবেষণালব্ধ ফলাফল

ভারতীয় কেন্দ্রীয় পাট কমিটির উদ্যোগে পরিচালিত গবেষণাগারে পাট সংক্রান্ত যে গবেষণা হইতেছে, তাহার কয়েকটি কৌতূহলোদ্দীপক। শ্রী সি আর ~ ১১ ৫ তারিখ লিখিত 'পাট সংক্রান্ত গবেষণালব্ধ ফলাফলের পর্যালোচনা' শীর্ষক পুস্তিকায় বর্ণনা করা হইয়াছে।

উহাতে যে সকল বিষয় গুরুত্বপূর্ণ, সেগুলি বিবেচনা করিয়া গৃহীত সিদ্ধান্তগুলির সারাংশ আলোচনা করা পুস্তিকার অন্যতম উদ্দেশ্য। গবেষণাগারে যেসব কাজ হইয়াছে, তাহার পটভূমিকা মূলতঃ দুইটি বিষয়ক। পাটচাষীদের সরবরাহ করিয়া তাঁহাদের উপকারসাধন করাই উহার উদ্দেশ্য। গবেষণাগারে নমুনা ও পাটের যাঁদের যথোপযোগিতা পরীক্ষার কাজই অগ্রাধিকার লাভ করিয়াছে। যাঁদের বিজ্ঞানসম্মত তথ্যাদান ও যথোপযোগী সম্পর্কের মধ্যে যে ফারক আছে, তাহার উপরও জোর দেওয়া হইয়াছে।

পাটের বিভিন্ন ধিসাবে অন্যান্য যাঁদ ব্যবহারের উপযোগিতা, পাটের সহিত অন্য যাঁদ মিশ্রিত করিয়া তাহা ব্যবহারের সম্ভাবনা, নূতন নূতন দ্রব্যে ও ব্যাপকভাবে পাটের ব্যবহার, কাগজ প্রস্তুত ও অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যে পাট ও ছাঁটাই পাট ব্যবহার সম্পর্কে পুস্তিকায় আলোচনা করা হইয়াছে।

উপরের আবশ্যিক্তে নিম্নোক্ত বিষয়গুলি সম্পর্কে যে কাজ হইয়াছে, তাহা উল্লেখযোগ্য। যথা :—পাটের যাঁদ হইতে প্রস্তুত বস্তুটা শক্ত হয় তাহার ফলাফল, বস্তি বস্তুটা সরু ও ছোটা হয় এবং তাহার পরিমাণ সম্পর্কিত কাজ, পাটে বিভিন্ন জল, বিভিন্ন ক্ষেত্র হইতে প্রাপ্ত পাটের নমুনা পরীক্ষা, পাটের শ্রেণী বিভাগ, পাটের বিভিন্ন বস্তু ও বয়নের ফলাফল নির্ণয়ে। কিন্তু এগুলির মিল না থাকিলেও মিলে পরেষণাগার না থাকিলে গবেষণালব্ধ ফল কাজে লাগান যাইবে না।

বীমা প্রতিষ্ঠান সম্পর্কিত নূতন অভিজ্ঞান জারী

এক শ্রেণীর পুঁজিপতি জীবনবীমা প্রতিষ্ঠানসমূহের পরিচালন ক্ষমতা অধিকার করিয়া সেইসব প্রতিষ্ঠানের অর্থ বীমাকারীদের অভিপ্রায়ের বিরুদ্ধে যেভাবে নিয়োগ করিতেছিল, তাহা বিবেচনা করিয়া ভারত সরকার একটি অভিজ্ঞান জারী করিয়াছেন। বীমা প্রতিষ্ঠান সম্পর্কিত নূতন আইন পাশ হইবার পর দেখা গিয়াছে যে, বিশেষ ঘটিতেছে, কোন কোন ক্ষেত্রে পুঁজিপতি পরিচালক তাহাদের প্রভাব প্রয়োগ করে এবং পরে যাহাতে তাহাদের অনীষ্ট কাজ কোন অসুবিধা না হয়, সেই উদ্দেশ্যে এই অভিজ্ঞানটি পাশ করা হইয়াছে।

এই অভিজ্ঞান অনুযায়ী ব্যক্তিগতভাবে অথবা কোন বীমা কোম্পানীর মেয়াদের পরিচালনে শতকরা পাঁচ ভাগ এবং কোন প্রতিষ্ঠান কর্তৃক অথবা কোন প্রতিষ্ঠানের মেয়াদের শতকরা আড়াই ভাগে সীমাবদ্ধ করা হইয়াছে। বীমা প্রতিষ্ঠানের মেয়াদ বোনাসের ফোটের সাধারণ সীমাবদ্ধ করা হইয়াছে। কতকগুলি অনুমোদিত ক্ষেত্র ব্যতীত অন্যত্র অর্থ নিয়োগ নিষিদ্ধ করা হইয়াছে, কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদনকারী নিয়োগের অনুমতি বাতিল হইয়াছে এবং যে সব ক্ষেত্রে কোন প্রতিষ্ঠান বীমাকারীর স্বার্থের পরিপন্থী কাজ করিতেছে বলিয়া মনে হইবে, সেইসব ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের পরিচালক নিয়োগের অধিকারও স্বীকৃত হইয়াছে।

এই সম্পর্কে উল্লেখযোগ্য যে, ১৯৩০ সালের বীমা আইন সংশোধন করিয়া পার্লামেন্টে যে নূতন বিল উত্থাপিত হইয়াছিল, তাহা সিলেক্ট কমিটির নিকট প্রেরিত হয়। পার্লামেন্টের বিগত অধিবেশনে এই সম্পর্কে সিলেক্ট কমিটির রিপোর্ট পেশ করার কথা ছিল; কিন্তু কাজের চাপের জন্য রিপোর্ট দাখিলের মেয়াদ বৃদ্ধি করিয়া আগামী অধিবেশনের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত করা হইয়াছে।

কৌজদারী আইন সংশোধন অভিজ্ঞান

বাঙ্গালা প্রাদেশিক ব্যবস্থাপক সভার ১৯৩৯ সালের ভারত শাসন আইনের প্রদত্ত ক্ষমতাবলে ১৯৪০ সালের ফৌজদারী আইন সংশোধন অভিজ্ঞান ভারত একটি নূতন অভিজ্ঞান জারী করিয়াছেন। এই আদেশবলে ১৯৪৪ সালের ফৌজদারী আইন অভিজ্ঞান পুনঃসংশোধন করা হইয়াছে। অবিলম্বেই এই নূতন আদেশটি কার্যকরী হইবে। উক্ত ১৯৪৪ সালের ফৌজদারী আইন সংশোধন অভিজ্ঞানবলে ১৯৪৩ সালের ১৭ই আগষ্টের পূর্বে যে সব সম্পত্তি বাজেয়াপ্ত করার আদেশ পাশ হয়, সেইসব সম্পত্তির বন্দোবস্তের ব্যবস্থার জন্য এই নূতন অভিজ্ঞানটি পাশ হয়।

মাইকা ও পাকের রপ্তানি পরিকল্পনা

"মাইকা ও পাকের রপ্তানির উপর দুইটি আদেশ নির্দেশ করা প্রয়োজন; কারণ উক্ত দুইটি উপর সম্পূর্ণ না হইলে সমস্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা বিফল হইয়া যাইবে।" কাজের অবাধ-বেসরকারী সরবরাহকারী সভার চতুর্থ অধিবেশনে পরিচালিত করিতে গিয়া পরিচালকের প্রয়োজনীয় ভাষ্য বিশ্লেষণ করিতে করিতেছিলেন উপরোক্ত মন্তব্য করেন।

তাঁর এই বক্তৃতা উক্ত অধিবেশনে পরিচালক ও বিভাগের অন্যান্য সচিব যথাক্রমে শ্রীযুক্ত বিশ্বনাথ রায়সাহেব ও শ্রীযুক্তমতিলাল সিং উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় পুরাতত্ত্ব ও বিদ্যুৎ বিভাগের সচিব ও সহকারী সচিব কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিত্ব করেন এবং সরকার অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি যোগদান করেন। পরিচালকের প্রতিনিধিগণ কাজের কার্যবিবরণের সিকট অধিবেশনে যে অর্থ বরিয়াছে তাহার দ্বারা যথাসম্ভব মাইকা ও পাকের দামের কাজে অগ্রগতি হইবে বলিয়া আশা করা যায়। কেন্দ্রীয় সরকারের নিকট আরও অর্থ মঞ্জুরের আবেদন জানান হইয়াছে। কার্যবিবরণে এই অভিমত প্রকাশ করেন যে, যাহাতে যখন বর্ষাকালে উপযুক্ত অর্থ নাই তখন কার্যবিবরণের জন্য এক কোটি টাকা যাহে কেন্দ্রীয় কারিগরের ঋণের অপেক্ষা বীজ বিস্তারের কাজে অগ্রসর করা যুক্তিসঙ্গত। বীজই যে কোনায় ধারের কাজ আরম্ভ হইবে তাহার জন্য পুই-অনুসন্ধানের ব্যবস্থাসহ গ্রামের ঋণদানকে পরিচালনা প্রণয়নকারী পরামর্শদাতা ও পরিদর্শক হিসাবে নিয়োগের প্রস্তাব আলোচনার পর গৃহীত হয়।

উড়িষ্যায় ব্যাপক কৃষি পরিকল্পনা

উড়িষ্যা সরকার যে ব্যাপক কৃষি পরিকল্পনা লইয়া কাজ আরম্ভ করিয়াছেন, তাহাতে কৃষি বাবদ তাঁহারা সর্বসমেত ২০ লক্ষাধিক টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন। এই অর্থ অনুমোদিত পরিকল্পনাসমূহের মোট ব্যয়ের ২১ ভাগের বেশী। ফোটাশের উন্নয়ন পরিকল্পনা, সার প্রস্তুতকরণ, সার তৈরী প্রভৃতি সরবরাহ, কৃষি সম্প্রসারণ সরবরাহ, বীজ ও সার চলাচলের জন্য ট্রান্সপোর্টের বন্দোবস্ত এবং কৃষি ইনসেক্টের নিকার ব্যবস্থা এই পরিকল্পনার অন্তর্ভুক্ত।

ভারত-আমার আমিদা পরিকল্পনা

সম্প্রতি আমদানীকৃত বিভিন্ন পণ্যদ্রব্যের প্রকার ফেরারি ও ব্যবহারের মধ্যে যে বাধিক্য দেখা গিয়াছে তাহার সম্পর্কে বিভিন্ন সংস্থার বিভিন্ন মতামত প্রকাশিত হইয়াছে। বিভিন্নের মধ্যে যে কিছু তফাৎ প্রকাশ পাইয়াছে তাহা সত্ত্বেও ইহা স্পষ্টই বুঝিতে পারা গিয়াছে যে, ভারত বিভিন্নের সাহায্যে ছাড়ে বাধিক ১০০ কোটি টাকার সমান দ্রব্য বিদেশ হইতে আমদানী করিতে হইবে। নিম্নে বিভিন্ন সংস্থার মতামত সংক্ষেপে প্রদত্ত হইল।

ভারত হইতে যে পরিমাণ দ্রব্য রপ্তানি হইবে বলিয়া আশা করা যায় তাহার ৮০ লক্ষ টাকার মধ্যে কাঁচা পশম ১০ লক্ষ, চা ১৫ লক্ষ ১৮ হাজার, তাজা ফল ৩ লক্ষ ৫৫ হাজার, লৌহনির্মিত ৫০ লক্ষ, মাংসজাত দ্রব্য ৮০ হাজার, তরিতরকারী ২ লক্ষ, তেজপাতা ২ লক্ষ ৭৫ হাজার, তিসির চাহিদা ১০ লক্ষ, পশম-সূতা ২ হাজার, তিসি বা তিসি তৈল ৪ লক্ষ ৪০ হাজার, তেজী বীজ ২ লক্ষ ৫৬ হাজার, কাপাস বীজ বা কাপাস তৈল ৩ লক্ষ ৭০ হাজার, আকরী তৈল বা তৈলবাহী উৎপাদন ২৫ লক্ষ, লবণ ১০ লক্ষ, সার্ডিনেস জোগড়া ১ লক্ষ ৪০ হাজার, অকেজো পশু ১ লক্ষ, অস্ত্র ৪ লক্ষ, লাক্ষা ১ লক্ষ ৫০ হাজার, তুষি খালা ৪ লক্ষ, সিংহ-পুচ্ছ ৪ লক্ষ ৩৩ হাজার, অস্থিচূর্ণ ২৫ হাজার, অঙ্কুরের খোল ৪ হাজার, তামাক ২০ লক্ষ টাকার।

জাপান হইতে ভারতে আমদানী হইবে তাঁহা বেশম ২ লক্ষ, সলমী সূতা ৩ লক্ষ ৫০ হাজার, প্রসাধনের মালমসলা ৯৫ লক্ষ, রঙ ১ লক্ষ, লোহার নল ১০ লক্ষ, লৌহেতর ধাতু ৫০ লক্ষ, অন্যান্য দ্রব্য ৭ লক্ষ টাকার।

উহা বেশম কেবলমাত্র সরকারী দপ্তরখানে আমদানী করা চলিবে।

গত ১৯৪৮ সালের (১৯৪৯) জানুয়ারি হইতে চৌঠিক সহরে নূতন টানিং অফল ও জাপানের মধ্যে বাণিজ্য ব্যবস্থা নিয়মতান্ত্রিকভাবে পরিচালিত হইয়াছে। টানিং এলাকা বলিতে বুটেন ও তাহার উপনিবেশ (কানাডা বাদে), আয়ারলিন্ড, নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা বুঝাইবে।

ভারত সরকারের যন্ত্র নীতি

এসেম্বলিতে অনুষ্ঠিত যন্ত্র-সম্পর্কিত উপদেষ্টা কমিটির এক সভায় যন্ত্র-সম্পর্কিত নীতি বিশ্লেষণ করিয়া শিল্প ও সরবরাহ সচিব তাঁহা প্রধানতঃ বুঝাইয়া যে সমস্ত যে সব করেন তাহার মধ্যে ১৯৪৯ সালের ১লা ফেব্রুয়ারী হইতে সূতী বস্ত্রের মূল্য সংশোধন, বর্তমান বছরের অবশিষ্টে ১০ লক্ষ গাঁইট তুলা আমদানী করিবার জন্য বৈদেশিক মুদ্রা বরাদ্দ করিবার সিদ্ধান্ত, সাধারণ ব্যবহার্য বস্ত্রাদির উৎপাদনের জন্য বাছাই কারখানায় তুলা বাছাই করার ব্যবস্থা প্রভৃতি আলোচনা করা হয়।

কমিটির অভিমত এই যে, বর্তমান তুলা সমস্যার ভবিষ্যতে আবার যাহাতে ভারতের তুলার চাষের প্রসার সাধন এবং আগামী বছর হইতে তুলা সম্পর্কে সরকারের নীতি এইরূপ হওয়া উচিত যাহাতে এই প্রসার সাধনে সহায়তা হয়।

তুলা সমস্যার দীর্ঘস্থায়ী সমাধান করিতে হইলে দেশে অতিরিক্ত প্রায় ১০।১২ লক্ষ গাঁইট তুলা উৎপন্ন হওয়া উচিত বলিয়া মনে হয়। বর্তমান অবস্থা সম্পর্কে, বিদেশ হইতে তুলা আমদানীর জন্য প্রয়োজনীয় তুলা যাহাতে সংকুলান হয় তজ্জন্য ব্যবস্থা করিবার জন্য সরকারকে প্রস্তাব করিয়াছেন। কেবলমাত্র বর্তমানের প্রয়োজনেই ১০ লক্ষ গাঁইট তুলা আমদানী করা হইবে এবং আরও যদি প্রয়োজন হয় তবে বৈদেশিক মুদ্রার জন্য প্রয়োজনীয় বরাদ্দ করা হইবে।

তুলার অভাব দূর করিবার উদ্দেশ্যে তুলা ও বস্ত্র বিভাগের সমন্বয় ব্যবস্থা পরিচালনার জন্য একটী বোর্ড গঠন করিবার জন্য অধিবেশন প্রস্তাব করা হইয়াছে বলিয়া জানা গিয়াছে। প্রস্তাবে বলা হইয়াছে যে, দেশ উৎপন্ন প্রতি আইশ তুলা নিয়ন্ত্রণ করিবার, তুলা বণ্টন করিবার, বিভিন্নশ্রেণীর উৎপাদন আধিক্য প্রস্তুত করিবার, রপ্তানি ও দেশের মধ্যে ব্যবহারের জন্য তুলা ও সূতী বরাদ্দ করিবার, বিভিন্ন সময়ে তুলা ও সূতা বণ্টন করিবার, তুলা বিক্রয়ের করিবার ও সাশ্রিষ্ট অন্যান্য বিষয়ে ব্যবস্থা অবলম্বন করিবার জন্য এই বোর্ডের হাতে যথেষ্ট ক্ষমতা দেওয়া উচিত। কমিশনগুলি এই সরবরাহের প্রথম বিরোধিতা করেন। প্রত্যেক সরকারেই এইরূপ একটী বোর্ড স্থাপনের সম্ভাবনা সম্পর্কে বিবেচনা করিয়া দেখিতে ইচ্ছুক আছেন।

আশাকী ১লা ফেব্রুয়ারী হইতে যাহার যে রকম বিক্রয় তাহা হইবে তৎসম্পর্কে মিল ও সরবরাহ সচিব পরিষদাধিবেশনে বলিয়াছেন বলিয়া আশা করিতে যে, ঐদিনের তুলার বিক্রীত তুলাই সূতীর হইবে, ঐদিনের তোলাবাজার হইতে তুলা সংগ্রহ করা হইলে আর বাড়তি মিলাধিকের সময় স্বীকার করা হইবে না।

মিল ও সরবরাহ সচিব এই বলিয়া আরও আশ্বাস দিয়াছেন যে, যন্ত্র ও তার উৎপন্ন অব্যাহত রাখিবার জন্য সর্বপ্রকার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিবেন এবং মিল বন্ধ রাখিয়া ব্যাপকভাবে শ্রমিকদের বেকার হইতে দেওয়া হইবে না। মিলগুলি চালু রাখিবার জন্য প্রয়োজনীয় তুলা সরবরাহের ব্যবস্থা করা হইবে।

নিম্নমাবলী

০ "আর্থিক ভারত" প্রতি বুধবার কলিকাতা হইতে প্রকাশিত হয়।

০ মূল্য প্রতি সংখ্যা চারি আনা

০ ভারত ও সিংহলের সর্বত্র সডাক বার্ষিক মূল্য দশ টাকা।

০ ষাণ্মাসিক মূল্য ছয় টাকা।

বিজ্ঞাপনের হার ও নিয়মাবলীর জন্য

'কর্মকর্তা, বিজ্ঞাপন বিভাগ'

এবং

গ্রাহকশ্রেণির জন্য 'কর্মকর্তা, প্রচার বিভাগ'

"আর্থিক ভারত" এবং কমার্শিয়াল

বিল্ডিংস, ২৩, নেতাজী সুভাষ রোড,

কলিকাতা

এই ঠিকানায় পত্রালাপ করিতে হইবে।

পণ্যাঞ্চলের বাজার

আমদানি হ্রাসের সংকল্প

চলতি বছরে বাজেটে আমদানি হ্রাস করিবার যে ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে তাহা আরও কঠোর ও ব্যাপকভাবে করা হইবে বলিয়া স্থির হইয়াছে। বর্তমানে বেসরকারি অনুমোদনের সংখ্যা হইতেছে ১৪ কোটি এবং আমদানির অনুমতি ছাড়াও পরিমাণ হইতেছে প্রায় ৭০ লক্ষ টন। ইহাকে ৪ হইতে ৪০ লক্ষ টন মাঝারি সংস্থার প্রস্তাব করা হইয়াছে। এই অতিরিক্ত পরিমাণ মাঝারি সংস্থার বিবেচনা যেন পাইতে হইবে না। কেননা এবার মাঝারি সংস্থার উপর আঘাত হইয়াছে এবং অনুমান তাহা গত বৎসর অপেক্ষা ১ লক্ষ টন অধিক হইবে।

মাঝারি সংস্থাগুলিকে বিচার করিতেছে, ছাঁটাই অঞ্চলগুলি তাহাদের প্রয়োজন সম্বন্ধে পরিমাণ হ্রাস করিবে এবং চলতি বৎসরে আমদানী পরিমাণ পূর্বতন ৮০ লক্ষ টনের স্থলে ১০ লক্ষ টন করা হইবে। নূতন পরিকল্পনা অনুযায়ী কেন্দ্রীয় সরকার ৫০ লক্ষ টন মাঝারি সরবরাহের দায়িত্ব গ্রহণ করিবেন। এবং তাহারও এক-তৃতীয়াংশ ছাঁটাই অঞ্চলগুলি হইতে সংগৃহীত হইবে। যতগুলি প্রদেশে সংগ্রহ কার্য যেরূপ সফলতার সহিত অগ্রসর হইতেছে তাহাতে মনে হয় সংগ্রহ প্রচেষ্টা ব্যাপকতর করিয়া সুফল পাওয়া যাইবে।

খাদ্য সংকলনে বিশ্বাসযোগ্য ভারসাম্য করিতে হইলে আঞ্চলিক ও রাজ্য সরকার গুলিতে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির জন্য অধিকতর সচেতন ও তৎপর হইতে হইবে এবং খাদ্য ব্যবহার দাবী কমাইতে হইবে। তবে ইহা সত্য যে ১৯৭৯ সালের খাদ্য ঘাটতি পূরণ করা সম্ভবপর হইবে না। খাদ্য পরিস্থিতির কতটা উন্নতি মূল্যায়নের আকারে প্রতিফলিত হইবে তাহা এখনে বলা যুক্ত। কারণ প্রথমে উৎপাদক অঞ্চলগুলি বর্তমান অবস্থার পূর্ণ সুযোগ গ্রহণে অধিকতর আগ্রহশীল মনোভাবের পরিচয় দিতেছে। তথাপি ব্যবস্থাগুলি একেবারে সন্তোষের অবস্থার মধ্যে পরিণত হয় নাই। অষ্ট্রেলিয়া গম হ্রাস করিতে বাধ্য হইয়াছে। তবে তাহার পরিমাণ কি হইবে তাহা এখনও অনিশ্চিত।

যুক্তরাজ্যের বাজারে আলোচ্য সপ্তাহে ব্যবসায়ের ধারা অপরিবর্তিতই আছে। বেসরকারি ব্যবসায়ের মোটা রকমের কোনও ক্রয়ের খবর নাই। তবে কয়েকটি ক্ষুদ্র সরবরাহের ও দূরবর্তী গ্রামাঞ্চলের মধ্যেই সীমাবদ্ধ ছিল। তাহের বাজারে ঢিলেমীভাব পরিলক্ষিত হয়। এখন সরকার বাজারে চাহিদার বাঁধ বহিই ঢিলেমীর মনোভাবের কারণে। কিন্তু অল্প সময়ে মধ্যে যে কোনের প্রতিকূল মূল্যাবস্থার পরিবর্তন ঘটিতে পারে।

আগামী বিষয়ে আমাদের এক লক্ষ টনের মধ্যে তাইওয়ান ও অষ্ট্রেলিয়ার মধ্যে গম চুক্তি সম্পাদিত হইবে। যে ৫ লক্ষ টন পরবর্তী বছর আমদানী সম্পর্কে এই চুক্তি করা হইয়াছে তাহার ১০ শতাংশের বেশী মূল্য ক্রয় করিতে তাহে সরকারের অভিপ্রায় নাই। বর্তমান হিসাব-নিকাশ অনুযায়ী আগামী জুলাই মাসের মধ্যেই চুক্তিবদ্ধ পরিমাণ গম অষ্ট্রেলিয়া হইতে তাহেতে আসিয়া পৌঁছিবে এবং তাহতে ইহার দাম বস্তা প্রতি প্রায় ১০৲ টাকা হইবে।

• • • •

চিনি

চিনির বাজারে বিভিন্ন ক্ষেত্রে দর একরূপ অপরিবর্তিতই রহিয়াছে। বেসরকারি চিনির দর ৩৩/০ র কমবেশী ছিল এবং চোরাবাজারে দর ৪০৲ টাকার মত উঁচুতে ছিল। খুচরাবাজারে দর ছিল ৩৫৲ টাকা হইতে ৪০৲ টাকার মধ্যে। শুল্ক সংগ্রহের বিষয়টি সেখ না হওয়াতে কেন্দ্রীয় সরকারের চিনি-সংক্রান্ত নীতি ঘোষণায় বিলম্ব ঘটিতেছে। চিনির বিভিন্নরূপ নীতি চালু হওয়ার সম্ভাবনা জন্যেই মুদ্রাস্ফীতিকে বলিয়া অনুমিত হইতেছে। চলতি বছরের ৮০ শতাংশ চিনি ইতিমধ্যেই বাজারে ছাড়া হইয়াছে এবং অবশিষ্ট কাবিখাতে, রাজস্থান ও বাংলা থেকে যন্ত্রে সম্পূর্ণ নিঃশেষ করিয়া ফেলিতে হইয়াছে। এবছর শুল্ক উৎপাদনে আখের ব্যবহার-আধিক্য ঘটিয়াছে এবং শুল্ক ও মধ্যেশ্রীর অগ্রিম ও সময় সরকার বাজারে ঘাম আলোচ্য সপ্তাহে আরও চড়িয়া গিয়াছে।

আলো বিষয়ে ভারত ও ইন্দোনেশিয়া সরকারের মধ্যে প্রচুর পরিমাণ ভাজা চিনি আমদানির আলোচনা চলিতেছে। কি পরিমাণ চিনি ক্রয় করিতে পারা যাইবে তাহা আমরা এখনও আপাততঃ ১ লক্ষ টন চিনি আমদানী করিতে পারিলে বেসরকারি চিনির অভাব অনেকটা মিটান যাইত বেসরকারি আমদানীকারক মহলে বিশ্বাস হইত। সরকার পক্ষ হইতে এ বছরের আমদানি সংক্রান্ত আলোচনার উদ্যোগ প্রথমেই এত যে 'অধিক চিনি উৎপন্ন কর' প্রচেষ্টার সাফল্য সম্পর্কে সরকার সন্দিহান। ইহা সত্য যে চিনির ১০ শতাংশ উৎপাদন বৃদ্ধির চেষ্টা সাফল্যমণ্ডিত হওয়া সম্পর্কে নিশ্চয়তা নাই। সম্প্রতি হইতে বিবেচনা করিলে চিনির আমদানি অবশ্যই জরুরী। তাছাড়া আমদানি শুল্ক চিনি চুলায় বস্তা প্রতি ১০৲ টাকা লভ্য হইবে বলিয়া আভ্যন্তরীণ চড়া দর নিয়ন্ত্রণেই ইহা যথেষ্ট সহায়তা করিবে।

গুড়

আলোচ্য সপ্তাহে গুড়ের প্রত্যেক বাজারে কেন্দ্রেই তেজীভাব লক্ষিত হয়। কানপুরের বাজারে বর্তমানে গুড়ের দর হইতেছে ১৯৷০ আনার কিছু কমবেশী। গত বৎসর অনুরূপ সময়ে দর ছিল ১৩৷০ আনা। কলিকাতার গুড় ২২৷০ দরে বেচাকেনা হইতেছে। গুড়ের আমদানি পরিমাণও এখন বৃদ্ধি পাইয়াছে। কানপুর, বোম্বাই ও মজঃফরপুরে গত আমদানী হইয়াছে যথাক্রমে ৪০০০ মণ, ৭০০০ মণ ও ১৪,০০০ মণ। চলতি মরশুমের এখন পর্যন্ত কানপুরের আমদানির পরিমাণ দাঁড়াইয়াছে ৪ লক্ষ ৪০ হাজার মণ। গত বৎসর সম্পূর্ণ মরশুমের জন্য আমদানী পরিমাণ ছিল ৪ লক্ষ ৪০ হাজার মণ। আশা ১ লক্ষ মণ চলতি মরশুমে আমদানি হইবে বলিয়া মনে হইতেছে। আন্তঃরাজ্য বাণিজ্য এলাকাতে চলাচল বিস্তারিত হইতেছে।

চা

এই সপ্তাহে প্রায় ২৩,৮০০ প্যাকেজ চা-প্রতিযোগিতা চা কলিকাতায় বিক্রয়ার্থে আনীত হয়। তাহা কড়ারা চা ৴৮ আনা হইতে ৵০ আনা পর্যন্ত বেশী দামে বেচা-কেনা হয়। ভাঙ্গা সিলেট ২৲ ভাঙ্গা সিলেট (ফুয়ং) ১৬৷০ ও সিলেট ২৷৷০ পর্যন্ত দরে ক্রয়-বিক্রয় হয়।

প্রায় ১২,৭০০ প্যাকেজ ভাঙ্গা চা বাজারে ছাড়া হয়। চাহিদা ভালই ছিল এবং দরের তেজীভাব বজায় ছিল। সাধারণ ভাঙ্গা চা ১৩৷০ পর্যন্ত দরে বেচা-কেনা হয়।

আভ্যন্তরীণ বাজারে বিভিন্ন বন্দরের ৪,৬০০ প্যাকেজ চা ছাড়া হয়। চাহিদা ভালই ছিল

বেসাংশ পর পৃষ্ঠায়

শেয়ার বাজার

নিস্তেজ

গত সপ্তাহে আরম্ভ হয় অনিশ্চিত ভাবে, শেয়ারের দরে কমতির দিকে ঝুঁকি দেখা যায়, কিন্তু বেচ্‌বেচা তেমন হয় না। সপ্তাহ শেষে কাজ-কারবার প্রথমে হয় না বলিলেই চলে। বিবিধ বিভাগীয় শেয়ারের প্রতি সামান্য কাজ-কারবারের টান দেখা যায়। এর ফলে কিছু-কিছু শেয়ার দরের অল্প-স্বল্প উঠা-নামা হয়। ইণ্ডিয়ান কেমিক্যল ৪৭৯ আনায় বেচা-কেনা হইয়া ৪৭৯৷৷ ও পাটের দর একটু কম থাকে, কিন্তু বেচা-কেনার পরিমাণ অনেক কম হয়, বিশেষ করে পাটের শেয়ারে কোনো কাজ-কারবার হয় না বলা চলে। ইণ্ডিয়ানাইটের কিছু কাজ হয়, এই সময় তেমন ১১৮৷৷ আনায় বেচা-কেনা হয়; ইণ্ডিয়ান আয়রন ১২৮৷৷ আনায় আটকিয়া যায়, এর পরে কোনো উন্নতি-অবনতি ঘটে না। টাল কর্পোরেশনের অবস্থাও অনুরূপ ছিল—৯৩৸৷৷ আনায় উঠিবার এর পর ওঠে না, এর নীচেও নামে না। তাহের শেয়ারে তেমন প্রতি এই সূত্রে সামান্য খোঁজ-খবরের খোঁজ নেওয়া যায়।

এর পর বাজার বিলকুল খারাপ নেওয়া যায়। কোনো দরের কাজ-কারবার না হওয়ার দরুণ আর বাজারে খরিদ্দারের অভাবের, অল্পে শেয়ারের দাম বেশ খানা হয়ে অনেক নেমে যায়। এই সময় বাজারে এইরূপ গুজব রটে যে আসামের লিপ্‌ আয়রন (কাঁচা লোহা) রপ্তানি করা বন্ধ হইবে। এই খবরে কতকটা বাজারে চাঞ্চল্য লক্ষিত হয়। বিশেষ করে ইণ্ডিয়ান আয়রনের দর ৩২৷৷ থেকে ৩১৸৷৷ আনায় নেমে যায়। পাট ও কয়লার শেয়ারের প্রতি ত কেহ বা বিক্রেয় কাহার বিশেষত উৎসাহ দেখা যায় না। এর মধ্যে একমাত্র ভদ্রেশ্বরা কয়লার দরের ক্ষেত্রে একটু ব্যতিক্রম ঘটে। এর দর সামান্য চড়ে—৮.০ থেকে ৯৷৷৷ বিবিধ বিভাগে অ্যাসোসো ব্রাদার্স কেনার দরুণ খোঁজখবর ও দর-বদর করা হয়, তার ফলে এর দর সামান্য একটু চড়ে ৯৯৷ হয়।

বাজারের এই হালচালের মধ্যে চায়ের বাজারে একটু বেচা-কেনা চলে—আগষ্টাগষ্টার দর ২৩৸৷ হয়, এবং বেশ কিছু সংখ্যক হস্তান্তরের শেয়ার ১৮৷৷ টাকায় বেচা-কেনা হয়। ডেকপুর ও হাসাং ছাড়া অন্যান্য ২৭৷৷ ও ২৮৷৷ পর্যন্ত ওঠে।

এবার ফিরে কাপড়ের কলের দর সামান্য বেড়েছিল, এদিনের দর তখন হয় ১৮৷৷৷ টাকার।

সপ্তাহের শেষের দিকে বাজারের হালচাল বেশ মন্দ হয়, কোনো কিছু উন্নতি হয় নাই। যা-কিছু কাজ-কারবার হয় তার পরিমাণও অত্যন্ত সামান্য। যেমন কোলের দর ৪১৷৷ থেকে ৪০৷৷ টাকায় নেমে যায়। পাটের দরেও যথেষ্ট অবনতি ঘটে, ব্যবসার দর ২৮৸৷ থেকে ২৭৷৷ পর্যন্ত নেমে যায়, তারপর বাজার বন্ধ হওয়ার সময় এই দর ৮৸৷ উঠে হয় ২৮৷৷ টাকায়।

এই ভাবে গত সপ্তাহে বাজার বিশেষ মন্দার ভাব নিয়ে আরম্ভ হয়, এবং সপ্তাহ শেষেও তেমন ভাঙে নাই। বিবিধ বিভাগীয় কয়েকটি শেয়ারের কিছু ব্যবসা অবশ্য ঘটে। খরিদ্দারের অভাবে কিনবার জন্য সামান্য উৎসাহের ভাব দেখা যায়। কিন্তু তখনকার বেচা-কেনা না হওয়ার দরুণ বাজার পড়িয়া যায়। বাজারে পড়িয়া যাওয়া সত্ত্বেও বেচার জন্যে কোনো আগ্রহ পরিলক্ষিত হয় না।

বাজারের হালচাল

[বাজার বন্ধ কালীন দর]

সরকারী কাগজ

৫৲ সুদের (১৯৪৭-৫১) ১০১৷৷, ৫৲ সুদের (১৯৪৩-৫৪) ১০৩৸৷, ৩৲ সুদের (১৯৬৬) ১১৬৸৷৷, ৫৲ সুদের (১৯৪৪-৪৬) ১০৯৸৷, ৫৲ সুদের (১৯৫৩-৭১) ১০৬৸৷, ৫৲ সুদের (১৯৪৭-৭০) ১১০৲৷

ব্যাঙ্ক

বেঙ্গল সেন্ট্রাল ৭৸৷, হিন্দুস্থান কমার্শিয়াল ৫২৲, ইউনাইটেড কমার্শিয়াল ৪৪৲৷

কাপড়ের কল

নিউ ভিক্টোরিয়া ৬৸৷, বেঙ্গল নাগপুর ৯৪৷, বাসন্তী ১৸৷৷

কয়লা

বেঙ্গল ৪০৲, ভালসোরা ৯৷, ইকুইটেবল্‌ ৯৪৫৷, ফুলঝরিয়া ৯৷, ভালচের ৫১৸৷, অ্যাসোসিয়েটেড কয়লাপুরা ৯৸৷, বরাকর ১১৬৸৷, সাউথ কয়লাপুরা ১৯৩৸৷৷

পাট

আলবার্ট ১১৩৲, অকল্যাণ্ড ১১১৲, টাদহাটী ১১৫৲, ফোর্ট ৩০৲, হাওড়া ২১৸৷, কিলিক ১১৫৲, কৈহাটী ১১০৲, নৈহাটী ১১০৲, নর্থব্রুক ৭৫৸৷৷, রেলিহেন্স ৫৫৸৷৷, বিলাসপুর ৫১৸৷৷, শ্যামনগর ১৩৫৲, বেঙ্গল ১৪৯৲।

খনি

ওরিয়েন্টাল টিন ৬৲৷৷, ইণ্ডিয়ান কপার ২৷৷৷, কুদা কর্পোরেশন ২৸৷৷, কলসপুরা ১৯৸৷৷

সিমেন্ট

আসানসোল ১৫৸৷৷,
বেঙ্গল আসাম ৭৸৷৷

ইঞ্জিনিয়ারিং

বার্ন আণ্ড কোং ১৭৫৲, কুমারধুবী ৪৸৷৷, ইণ্ডিয়ান আয়রন ১৭৬৸৷৷, মার্টিনবার্ন ৭৬৷৷, টাল কর্পোরেশন ২১৬৸৷৷, টেবমুহাইল মেশিনারি ৭৷৷

চা

বিশ্বনাথ ৩৫৷৷, ডিক্রুগড় ১৷৷৷, ডেমমুখ ২২৬৷৷, বাগানবাড়ী ২৯৫৲।

চিনি

হাসমনস্ কেন্‌ ১৪১৸৷, ন্যাশন্যাল কোং ১৬৷৷।

বিবিধ

অ্যাসুমিনিয়ম কর্পোরেশন ৪৬৸৷৷, অ্যাসোসো ব্রাদার্স ২৯১৷৷, বি আই কর্পোরেশন ৯৸৷৷, ক্যালকাটা কেমিক্যাল ৪৯৸৷৷ আসলে ধরা ৪৪৩৸৷৷, ইণ্ডিয়ান কেমিক্যল ৪৭৯৷৷, ইণ্ডিয়ান ব্রাসপাল এয়ারক্রেফ্ট ৩৸৷৷, মার্টিন বার্ন ১৬৲, স্টেইল কর্পোরেশন ৫৲।

(পূর্ণ পৃষ্ঠার পর)

পণ্যদ্রব্যের বাজার

এবং ধরও কোন কোন ক্ষেত্রে ৵০ আনা হইতে ৶০ আনা পর্যন্ত বৃদ্ধি পায়।

চলিত আর্থিক বৎসরে ভূমির মূল্যক্রমে ভারতীয় চায়ের রপ্তানি উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাইয়াছে। ভূমিমূল্য হ্রাসের ফলে উৎপাদন ও রপ্তানির দিক হইতে লাভ করা গিয়াছে। তবে চায়ের উৎকর্ষ সাধিত হইয়াছে। ১৯৩৯ সালে ১লা এপ্রিল হইতে ডিসেম্বর মাসাবধি পর্যন্ত ভূমিমূল্যই ৯,১২,৩৩,০০০ পাউণ্ড চা রপ্তানি হইয়াছে। সেক্ষেত্রে ১৯৩৮ সালের উক্ত সময়ে রপ্তানির পরিমাণ ছিল ৯১,৩৩,০০০ পাউণ্ড। কাজেকাজ এই সময়কালের জন্য পূর্ববর্তী বৎসরের ৪১,০০,০০০ পাউণ্ডের স্থলে ১,৪৯,০০,০০০ পাউণ্ড রপ্তানি করা হইয়াছে।

ইণ্ডাবতী প্রেস ১৯৩, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা হইতে শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও আর্থিক জগৎ লিঃ এর পক্ষে এবং কমার্শিয়াল বিল্ডিংস, ১৫নং ক্লেভেলী সুকায়া রোড, কলিকাতা—১ হইতে প্রকাশিত। মুদ্রাকর :—শ্রীহরপ্রসন্ন মল্লিক

REGD. No. C3105.

আর্থিক ভারত

ARTHIK BHARAT

অর্থনৈতিক সাপ্তাহিক

২য় বর্ষ ৩৬ সংখ্যা] কলিকাতা, বুধবার ১৮ই মাঘ ১৩৫৬; ১লা ফেব্রুয়ারী, [মূল্য ৩

সূচী

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
সম্পাদকীয়		বিশেষ প্রবন্ধ	
সর্বোদয়	৫৭১	আন্তর্জাতিক ব্যাঙ্ক	
		সংবাদ সংকলন	
প্রাসঙ্গিক	৫৭৪	পণ্যদ্রব্যের বাজার	
দেশের শ্রী ও সম্পদ		বম্বের ধরিত সংশোধিত মূল্য	
বীমা সংশোধন অর্ডিন্যান্স		স্টকের বাজার	
বিদেশী প্রত্যবলম্বী		কর্মহীন	

সর্বোদয়ের পথ

যেসভার হাত ধরে যে মহামানব আমাদের দুর্ভাগা প্রপীড়িত দেশে আলোকের বন্যা আনয়ন করেছিলেন সেই দেবতাকে আমরা বিদায় দিয়াছি। বাপুজীর যাঁহারা উত্তরাধিকারী তাঁহাদের নিকট দেশ আশা করিয়াছিল যে তাঁহারা বাপুজীর শিক্ষায় দীক্ষিত ও অনুপ্রাণিত বলিয়া দেশের ভাগ্য তাহাদের হাতে নিরাপদ, কিন্তু বাপুজীর তিরোধানের দুই বৎসরের মধ্যে দেশের আকাশে দুর্যোগের কৃষ্ণমেঘ বিস্তৃত হইয়া পড়িয়াছে এবং শীঘ্রই যে তাহা অপসারিত হইবে তাহা সরকারী আশ্বাস সত্ত্বেও আমরা বিশ্বাস করিতে পারিতেছি না। সরকারী অপটুতা, আন্তর্জাতিক উদ্বেগ ও আন্তর্জাতিক সংঘর্ষের ঘূর্ণাবর্তে দেশের রাষ্ট্রতরী যে বিপদসঙ্কুল পথ অতিক্রম করিয়া লক্ষ্যে পৌঁছিতে পারিবে সে সম্ভাবনা দিনের পর দিন সুদূরবর্তী হইয়া পড়িতেছে। সেইজন্য গান্ধীজির দ্বিতীয় পুণ্যতিথি দিবসে তাঁহার প্রদর্শিত সর্বোদয়ের সমাজ গঠনে পরিকল্পনা সম্পর্কে আলোচনা করার বিশেষ তাৎপর্য রহিয়াছে। কারণ আমাদের বর্তমান সমাজ ব্যবস্থায় যদি আমূল পরিবর্তন সাধন করা না হয় তাহা হইলে কম্যুনিজমের কবল হইতে ৩০ কোটি নরনারীকে রক্ষা করা যে অসম্ভব তাহা এখন আর কাহাকে বুঝাইয়া বলিবার প্রয়োজন নাই।

সর্বোদয় সমাজগঠনে বিশ্বাসী কবিগুরু যেইজন্য গান্ধীজীর দ্বিতীয় পুণ্যতিথি দিবসে দেশের সম্মুখে যে সর্বোদয় সমাজ গঠন পরিকল্পনা উপস্থিত করিয়াছেন তাহার গুরুত্ব সেইজন্য অত্যন্ত বেশী। যে মূলনীতি ও দৃষ্টিভঙ্গী হইতে এই পরিকল্পনা জন্মলাভ করিয়াছে তাহা সমাজ ও রাষ্ট্রের আমূল পরিবর্তনই দাবী করিতেছে। সর্বোদয় পরিকল্পনা যাহারা প্রণয়ন করিয়াছেন তাঁহারা গান্ধীজীর আদর্শ ও উদ্দেশ্যকে বাস্তবে রূপায়িত করিবার পন্থারই ইঙ্গিত দিয়াছেন, সেই পন্থা অনুসরণে বাধাবিঘ্ন যথেষ্ট আছে কিন্তু বাধা বিঘ্নের ভয়ে সময়ক্ষয়ের নামে মূলনীতি বিসর্জন দিলে বাধাবিঘ্ন অপসৃত না হইয়া উত্তরোত্তর আমাদিগকে পথভ্রষ্ট ও লক্ষ্যভ্রষ্টই করিতে থাকে। গত দুই আড়াই বৎসর যাবৎ আমরা এই অশুভ ইঙ্গিতই বার বার রাষ্ট্র ও সমাজজীবনে প্রতিফলিত হইতে দেখিতেছি।

অন্তত সন্তাবনাকে তার ফলে অনেক বাড়িয়ে দিয়ে তাই তবে দেশবাসীকে বিশেষভাবে ভাবিয়া দেখিতে হইবে বর্তমান পৃথিবীর এবং আমাদের দেশের বাস্তব অবস্থার মধ্যে আমরা কতখানি পরিবর্তনকে সাগ্রহযুক্ত করিতে পারি কিনা।

এই পরিবর্তনার মূলকথা পুঁজিহীনী সমাজের বিশ্লেষণ সাধন। সেই বিশ্লেষণ দুই উপায়ে সাধন করা যায়—(১) অনুমিষ্ট উপায়ে হিংসার উপর ভিত্তি করিয়া শ্রমিক শ্রেণীর একনায়কত্বে বা অনুমিষ্ট পার্টিগুলির একনায়কত্বে (২) গান্ধীজী কথিত অহিংস উপায়ে। প্রথমোক্ত উপায়ে পুঁজিবাদীদের বিশ্লেষণসাধন হইয়াছে কি'হাই ও বিপ্লব যুদ্ধের পরে কয়েকটি দেশে কিন্তু প্রথমোক্ত পথে সাধারণের আর্থিক মঙ্গল হইয়াছে সাক্ষাৎ নাই কিন্তু সে পথে দেশবাসীর মনে শান্তি আসে এই সমাজতন্ত্রের সফলতার কথাও আজ পর্যন্ত শোনা যায় নাই। প্রথমোক্ত পথের লোকেরা তাই তাহারা ছোর-চাঁদিয়া মানুষের মনটাকে এইভাবে গড়িয়া তুলিতে চাহেন যাহাতে তাহারা এমন শিক্ষিত ও উন্নত হইয়া উঠিতে পারে যে তাহারা নিজেরাই সমাজ ও রাষ্ট্রকে চালাইতে শিখিবে। তাহাদের এই পরিবর্তনা এখনও সাফল্যমণ্ডিত হয় নাই এবং যদি কখনও হয়েও তাহার ফল যে কল্যাণকর ও শক্তিকর হইবে, তাহার কোন নিশ্চয়তা নাই। তাহার তুলনায় দ্বিতীয় পন্থা অনেক সহজতর বলিয়াই বর্তমান তাহাই আলোচ্য।

গান্ধীজীর মতে ... শুধু হিংসাকে দূরে করিয়া আমরা উহার ফল ও পরে কলাকে চালিতে পারিব। তাঁহার মতের সার কথা হইল "একদল মানুষ অর্থ ও বাহুবলে বিপুলসংখ্যক মানুষকে শোষণ করিতেছে। এই শোষকশ্রেণীর হাতেই সমস্ত অর্থিক ও রাষ্ট্রশক্তি কেন্দ্রীভূত হইয়াছে। এই শোষণশক্তিরই অন্য নাম হইল পুঁজিবাদ। সেইজন্য গান্ধীজী পুঁজিবাদের অবসান কামনা করেন। কার্ল মার্কস ও লেনিন ও পুঁজিবাদের অবসানের পথ দেখাইয়াছেন কিন্তু তাঁহাদের বাস্তবিক অসাধারণ গুণাবলীর প্রশংসা করিয়াও গান্ধীজী তাঁহাদের প্রদর্শিত পথকে সমর্থন করিতে পারেন নাই। গান্ধীজী মনে করেন পুঁজিবাদকে ধ্বংস করিতে হইলে অহিংস উপায় গ্রহণ করাই সমীচীন এবং তাঁহার দৃঢ় ধারণা যে উৎস হইতে পুঁজিবাদ সৃষ্টি হয় সেই উৎসমুখকে নিয়ন্ত্রিত করিতে পারিলেই পুঁজিবাদ আপনা হইতে খসিয়া পড়িবে এবং কোনদিনই মাথা তুলিতে পারিবে না।

"পুঁজিবাদ যন্ত্র ও রাষ্ট্রশক্তিকে নিজের অনুকূলে ব্যবহার করিয়াই নিজের পায় দিন পুঁজিকে ফাঁপাইয়া চলিয়াছে এবং উহারই ফলে সমাজতন্ত্রে কোটি কোটি কৃষক, মজুর ও প্রজাসাধারণের অন্ন-বস্ত্র-গৃহহারা হইয়া অশিক্ষা ও অস্বাস্থ্যের পায় অন্ধকূপে নিক্ষিপ্ত হইতেছে। উহা হইতে উদ্ধার পাওয়ার উপায় রাষ্ট্রের হাতে যন্ত্র ও ক্ষমতাকে তুলিয়া দেওয়া নহে—জনসাধারণেরই হাতে যন্ত্র ও ক্ষমতা বণ্টন করিয়া দেওয়া। "বিকেন্দ্রিত উৎপাদন ও বণ্টন-ব্যবস্থা দ্বারা আর্থিক শোষণ-পথ ও বিকেন্দ্রিত রাজনৈতিক ক্ষমতা-দ্বারা অপরাধ ও শাস্তির শোষণ-পথ রুদ্ধ করা"। এই উভয় ব্যবস্থারই মূলনীতি অহিংসা বা সত্যকে অবলম্বন করেই, দেখা যাইতেছে, এই পথে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রকে পরিচালনা করিতে হইলে প্রচলিত দৃষ্টিভঙ্গী, প্রচলিত শাসনব্যবস্থা আর্থিক ব্যবস্থার আমূল পরিবর্তন প্রয়োজন।

গান্ধীজীর উক্ত মতবাদের সহিত পরিপূর্ণ সমঞ্জস রাখিয়াই বর্তমান গান্ধীশিষ্যরা সর্বোদয় পরিকল্পনা গ্রহণ করিয়াছেন এবং এই হিসাবে তাঁহাদের পরিকল্পনা ভারতের বর্তমান জনাধিক্যের অর্থনৈতিক পরিকল্পনার সম্পূর্ণ বিরোধী। আদর্শ ও উদ্দেশ্যের সহিত সঙ্গতি রক্ষা করিয়া ইহা কৃষি শিল্প, ব্যাঙ্ক বাণিজ্য ইত্যাদির স্বরূপ কি হইবে তাহার একটি রেখাচিত্র আমাদের সম্মুখে রহিয়াছে। এই পরিকল্পনানুযায়ী সমাজের বিন্যাসদানে কৃষি চাষীকে দিবার প্রস্তাব করা হইয়াছে। বর্তমান অবস্থার সহিত সঙ্গতি রাখিয়া যে পরিমাণ জমিতে যথোপযুক্ত জীবনধারণের মান বজায় রাখিবার মত আয় করা সম্ভব সেই পরিমাণ জমি-ই মাত্র একটি পরিবারকে দেওয়া হইবে। ঐ জমিতে কৃষকের যত খাটিলেও, তাহাকে গ্রাম কাউন্সিলের কতিপয় নিয়ম-নীতি মানিয়া উহা চাষবাস করিতে হইবে। এই গ্রাম কাউন্সিল গ্রাম-পঞ্চায়েতেই সৃষ্টি করিবে এবং গ্রাম-পঞ্চায়েতও আবার প্রাপ্তবয়স্কের ভোটাধিকারেই নির্বাচিত হইবে।

"শিল্প সম্পর্কে এই পরিকল্পনায় মূলনীতি ইহাই স্থির করা হইয়াছে যে, যে সকল দ্রব্য বিকেন্দ্রিত ব্যবস্থায় উৎপন্ন করা সম্ভব, কেন্দ্রীভূত শিল্পের দ্বারা উৎপাদন না করা। বৈদ্যুতিক-শক্তি উৎপাদন, খনি, ধাতু প্রভৃতি, বন, দূরত্ব ইঞ্জিনিয়ারিং, মেশিনারী ও যন্ত্রপাতি এবং কেমিক্যালস্ প্রভৃতির ক্ষেত্রেই মাত্র কেন্দ্রীভূত শিল্প সীমাবদ্ধ থাকিবে। কেন্দ্রীভূত শিল্পের মূল লক্ষ্য থাকিবে বিকেন্দ্রিত শিল্পগুলিকে সাহায্য করা—উহাকে ধ্বংস করা নহে। এই কেন্দ্রীভূত শিল্পও সমবায় প্রতিষ্ঠান, সমবায় সমিতি বা সরকারের পরিচালনাধীনে থাকিবে। বর্তমানে যে সকল বৃহৎ-শিল্প কুটীর-শিল্পের সহিত প্রতিযোগিতা করিতেছে, তাহাদিগের উপর কর বসাইয়া এবং সেই করলব্ধ অর্থ দ্বারা কুটীর-শিল্পকে সাহায্য করিয়া এই অসম প্রতিযোগিতার পথ রোধ করিতে হইবে। নূতন কলকারখানা বসাইতে বা যে সকল যন্ত্রপাতির আমদানী বিফল হইয়াছে, তাহা বসাইবার অনুমতি আর দেওয়া হইবে না। এই-ভাবে ধীরে ধীরে বর্তমান প্রতিযোগিতামূলক বৃহৎ-শিল্পকে কুটীর-শিল্পের জন্য স্থান করিয়া দিয়া বিদায় গ্রহণ করিবার সুপারিশ এই পরিকল্পনায় করা হইয়াছে।

"মূলতঃ এই দৃষ্টিভঙ্গীকে সম্মুখে রাখিয়াই শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, উৎপন্ন-দ্রব্য বণ্টন-ব্যবস্থার সুষ্ঠু সুপারিশ এই পরিকল্পনায় ব্যক্ত হইয়াছে। সর্বোপরি গ্রামের শাসন-ব্যবস্থা গ্রাম-পঞ্চায়েতের উপরই বহুলাংশে ছাড়িয়া দিবার প্রস্তাবও ইহাতে করা হইয়াছে। রাজস্বের শতকরা ৬০ ভাগ গ্রাম-পঞ্চায়েত মারফৎ ব্যয় করিবার পরামর্শ ও রাজস্ব আদায়ের ভার পঞ্চায়েতের উপরই দিবার সুপারিশ করা হইয়াছে।"

উপরিউক্ত পরিকল্পনার মূল কথাগুলির সঙ্গে পশ্চিমী সমাজতন্ত্রবাদ বা সাম্যবাদের বাহ্যিক সাদৃশ্য না থাকিলেও খুব অর্থনৈতিক বিশ্লেষণ, পদ্ধতি ও কাঠামোর যে মিল রহিয়াছে তাহা অভিজ্ঞমহল ছাড়া সকলেই স্বীকার করিবেন। যানবাহন ও যন্ত্রপাতির ক্ষেত্রে পুঁজিবাদের বর্তমান যে সংকট দেখা দিয়াছে তাহার সহিত যাহার সামান্য পরিচয় আছে তিনিই স্বীকার করিবেন যে পুঁজিবাদের দিন ক্রমশঃ ঘনাইয়া আসিতেছে। সাম্যবাদ হউক বা সমাজতন্ত্রবাদ হউক, ভারতের মাটিতে তাহাদের সম্প্রসারণের বিশেষ অসুবিধা আছে, তাহার কারণ ভারতের জনসাধারণের মানসিক অবস্থা ও অর্থনৈতিক জীবনযাত্রার সহিত পশ্চিমের বহু পার্থক্য রহিয়াছে এবং তাহার পরিবর্তন অদূরভবিষ্যতেও সম্ভব নহে।

সেইজন্য দেশের উৎপাদন বৃদ্ধি ও আর্থিক দুর্দিনের বন্ধ করিতে হইলে এমন একটি পথ গ্রহণ করিতে হইবে যাহাতে ধনী শ্রেণীর বাসনায় আঘাত পড়ে অথচ তাহাদের আজ জীবনযাত্রার পদ্ধতিতে কোন সাময়িক দেখা যাবে। কংগ্রেসের জাতীয় পরিকল্পনা কমিটির সুপারিশ এমন সরকারী মহলে স্বীকৃতি হইয়া পড়িয়াছে সেই হিসাবে এই সাম্প্রতিক পরিকল্পনা যদি দেশবাসীর মনে বেশাপাত করে তবে পরিকল্পনাকারীদের শ্রম সার্থক হইবে এবং বিশেষজ্ঞরা কংগ্রেস নেতৃত্বের পথ খুঁজিয়া পাইবেন।

কিন্তু সে সম্ভাবনা কোথা

ভারতে শিল্পোন্নয়ন প্রচেষ্টায় মধ্যবিত্ত শ্রেণীর গুরুত্ব

গত বছরে ডিসেম্বরে পাটনা কমার্স কলেজে ছাত্র এবং অধ্যাপকদের এক সভায় বক্তৃতা প্রসঙ্গে ইণ্ডিয়ান নেশন পত্রিকার সম্পাদক ডাঃ পল্টেন ভারতে অর্থনৈতিক সংকটের আশঙ্কা বিশ্লেষণ করেন।

ডাঃ সেন বিশেষ জোরের সহিত বলেন ভারতে মধ্যবিত্ত শ্রেণীর লোকেরাই তাহাদের উদ্বৃত্ত আয়ের অংশ দেশের শিল্প উন্নয়ন প্রচেষ্টায় বিনিয়োগ করিবে। এই মধ্যবিত্ত শ্রেণীর লোকদের সুনিশ্চিত দায়ন সম্পূর্ণরূপে সফল না হইলে শিল্প উন্নয়ন একরূপ অসম্ভব।

বক্তৃতার প্রারম্ভে ডাঃ সেন বলেন যে সকল অর্থনীতিবিদ মনে করেন যে ভারতবর্ষ প্রধানতঃ কৃষি উৎপাদনেরই উপযোগী, তিনি তাঁহাদের সহিত একমত নহেন। ভারতবর্ষে প্রাকৃতিক ও খনিজ সম্পদের প্রাচুর্য হইতেই প্রমাণিত হয় যে এই দেশ শিল্পোন্নয়নের জন্যই চিহ্নিত। অধিকন্তু দেশ বিভাগের পর ভারতের অর্থনৈতিক কাঠামোর মৌলিক পরিবর্তন সাধিত হইয়াছে। আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে ভারতে চিরদিনই উদ্বৃত্ত বাণিজ্য, কিন্তু দেশ বিভাগের পর ঘাটতি হইতেছে। ভারতে সর্বপ্রধান রপ্তানিযোগ্য উৎপাদন সামগ্রী হইল পাট। কিন্তু পাট পাকিস্তানে রহিয়াছে। খনিজের ক্ষেত্রেও অবস্থা এইরূপ, কারণ বিদেশ হইতে আমদানীকৃত তুলার উপর আমরা নির্ভরশীল। ভারতবর্ষ পূর্ব ও পশ্চিম পাকিস্তানের খাদ্যশস্য উৎপাদনে উদ্বৃত্ত ক্ষেত্রগুলি হারাইয়াছে। সুতরাং এই সুনিশ্চিত সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, ভারতবর্ষকে যদি আজ বাঁচিয়া থাকিতে হয় তাহা হইলে রপ্তানিযোগ্য নূতন উৎপাদন শিল্পের উপর নির্ভর করিয়াই বাঁচিতে হইবে। ভারতবর্ষ যে পর্যন্ত পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করিতে না পারে তাহা হইলে তুলা, পাট, এমন কি প্রয়োজনীয় খাদ্যশস্য পর্যন্ত আমদানী করা সম্ভব হইবে না। তিনি বলেন, পরিষ্কার দেখা যাইতেছে যে, ভারতের অর্থনৈতিক অবস্থার সহিত ইংলণ্ডের অর্থনৈতিক অবস্থার তুলনা করা যাইতে পারে। ইংলণ্ড শিল্পজাত রপ্তানি বাণিজ্যের উপরই নির্ভর করিয়া বাঁচিতে পারিবে। আন্তর্জাতিক বাণিজ্যে ঘাটতিই আজ স্বরূপ করাইয়া দিতেছে যে, এখনে শিল্প এবং রপ্তানি বাণিজ্যের ত্বরিত ও ব্যাপক প্রচেষ্টা প্রয়োজন।

রপ্তানি বাণিজ্য ক্ষেত্রে অসুবিধার কথা উল্লেখ করিয়া ডাঃ সেন বলেন, যে কোন অর্থনৈতিক সংস্থার সঙ্গে প্রব্যমূল্যের স্তর সংক্রান্ত ব্যাপারটি বিশেষ গুরুত্বপূর্ণ। রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ করিতে হইলে আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে শিল্পদ্রব্যের মূল্য যথাসম্ভব হ্রাস করিতে হইবে। ভারতবর্ষে শিল্পদ্রব্যের মূল্য অত্যধিক হওয়ায় বিশেষ সংকটের কারণ দেখা দিয়াছে। উৎপাদনের তুলনায় মজুরীর হার বেশী, কাঁচা মালের মূল্য অত্যধিক এবং পরিচালন ব্যবস্থার দক্ষতার অভাবও লক্ষ্য করা যায়। এই অসুবিধা গুলি দূর না হইলে রপ্তানি বাণিজ্যের উন্নয়ন সম্ভব হইবে না।

শিল্পোন্নয়নের জন্য নূতন পুঁজির প্রয়োজন বলিয়া তিনি উল্লেখ করেন। তিনি বলেন, ভারতে ধনাগমনতঃ এই পুঁজি সংগৃহীত হবে। অনেকের মনে হইতে পারে যে, এখনো শিল্প প্রচেষ্টায় বিনিয়োজিত পুঁজির অধিকাংশ পাওয়া গিয়াছে মধ্যবিত্ত শ্রেণীর লোকেদের নিকট হইতে। সম্প্রতি কলিকাতার শ্রীমাহেশ্বরী ছোটমুটি হিসাব লইয়া দেখিয়াছেন যে, ভারতে বিভিন্ন যৌথ কারবারের ছোট ২০ লক্ষ শেয়ার ক্রেতার মধ্যে ২০ লক্ষ শেয়ার ক্রেতার শেয়ারের মূল্য ১০ হাজার টাকার কম। ইহা হইতে সহজে প্রতীয়মান হয় যে, পুঁজিপতি শ্রেণীর লোকেরা এখনো শিল্প প্রচেষ্টায় অর্থ ঢালতে রাজী। বাস্তবক্ষেত্রে উৎপাদনকারী অথবা শিল্পদ্যোগ উৎপাদনকারীদের মুখে বিশ্লেষিত হইয়া এই অঙ্ক বিশ্লেষণ করা হয়। কিন্তু মুর্খ মধ্যবিত্ত শ্রেণীর অন্ধ কেহ একটি কথাও বলে না। কাঁচা মালের মূল্যবৃদ্ধি এবং শিল্প-শ্রমিকের মজুরী বৃদ্ধির ফলে মধ্যবিত্ত শ্রেণীর লোকেরাই বেশী দুর্ভোগ ভোগ করিতেছে। স্বাধীনতা লাভের পর হইতে দ্রব্য মূল্য অত্যধিক বৃদ্ধি পাইতেছে এবং তাহার ফলে কাঁচা মাল উৎপাদনকারী অথবা শিল্পদ্যোগ উৎপাদনকারী লোকেরাই লাভবান হইয়াছে বেশী। ইহার ফলে মধ্যবিত্ত শ্রেণীর লোকেরা আজ নিঃস্ব হইয়া পড়িয়াছে; বাস্তবক্ষেত্রে ক্রয় করিয়া তাহাদের আর এক পয়সাও উদ্বৃত্ত থাকে না।

